ত্বিকং দ্রব্যত্বং জতুঘৃতক্রতসুবর্ণাদীনামগ্নিসংযোগজন্যম্। স্নেহঃ কারণগুণপ্রক্রমজন্যঃ। শব্দস্ত্রিবিধঃ,—সংযোগঃ, বিভাগজঃ, শব্দজশ্চ; আদ্যো ভেরীদণ্ডসংযোগজন্যঃ, দ্বিতীয়ো বংশাদিদলদ্বয়বিভাগজন্যঃ, তৃতীয়স্তু সংযোগেন বিভাগেন চ আদ্যে শব্দে জনিতে তেন শব্দেন নিমিত্তবায়ুসহকৃতেন বীচিতরঙ্গন্যায়েন কদম্বগোলকন্যায়েন বা জন্যত ইতি গুণ-নিরূপণম্। উৎক্ষেপণাবক্ষেপণাকুঞ্চনপ্রসারণগমনানি পঞ্চ কর্ম্মাণি। উৎক্ষেপণত্বাদীনি জাতয়ঃ। পৃথিবীজলতেজোবায়ুমনোবৃত্তীনি কর্ম্মাণি সর্ব্বাণি অনিত্যানি; অতীন্দ্রিয়-বৃত্তীনি অতীন্দ্রিয়াণি, প্রত্যক্ষবৃত্তীনি প্রত্যক্ষাণি। অথ কর্ম্মপ্রক্রিয়া,—সংযোগেন নোদনাখ্যেনাদ্যং কর্ম্ম জন্যতে, দ্বিতীয়াদি বেগজন্যম্। ক্রিয়াতো বিভাগঃ, বিভাগাৎ পূর্ব্বসংযোগনাশঃ, ততঃ উত্তরদেশসংযোগোৎপত্তিঃ, ততঃ কর্ম্মবিভাগয়োর্নাশ ইতি কর্ম্ম-নিরূপণম্। সামান্যং ত্রিবিধং, ব্যাপকং ব্যাপ্যং ব্যাপ্যব্যাপকঞ্চ। ব্যাপকং সত্তা, ব্যাপ্যং ঘটত্বাদি, দ্রব্যত্বাদি ব্যাপ্যব্যাপকম্। "ব্যক্তেরভেদস্তুল্যত্বং সঙ্করোঽথানবস্থিতিঃ। রূপহানিরসম্বন্ধো জাতিবাধকসংগ্রহঃ।" নিত্যত্বে সত্যনেকসমবেতত্বমিতি সামান্যলক্ষণম্। সামান্যানি নিত্যান্যেব। অতীন্দ্রিয়বৃত্তীনি অতীন্দ্রিয়াণি, প্রত্যক্ষবৃত্তীনি প্রত্যক্ষাণি। নিত্যদ্রব্যবৃত্তয়োঽন্ত্যাঃ বিশেষাঃ। তে চ বহবো নিত্যা অতীন্দ্রিয়াশ্চ। প্রলয়ে পরমাণূনাং ভেদায় তে স্বীক্রিয়ন্তে, তেষাং বৈধর্ম্ম্যব্যাপ্যত্বাদিতি। স্বসম্বন্ধিভিন্নো নিত্যঃ সম্বন্ধঃ সমবায়ঃ,তেন স্বরূপসম্বন্ধস্য সংযোগস্য চ নিরাসঃ। 'ইহ ঘটে ঘটত্বম্' ইতি প্রতীতিস্তত্র প্রমাণম্। নৈয়ায়িকমতে সমবায়ঃ প্রত্যক্ষঃ, স চ একো নিত্যশ্চ। ননু অন্যান্যপি অন্ধ-কারসুবর্ণাদীনি দ্রব্যাণি সন্তি, আলস্যাদয়ো গুণা অপি সন্তি, কথং নবৈবেত্যাদি। মৈবম্, অন্ধকারো ন দ্রব্যং কিন্তু তেজোঽভাবঃ। সুবর্ণং তেজ এব। আলস্যং কৃত্যভাব এব। এবমন্যদপি বোধ্যম্। অভাবো দ্বিবিধঃ,—সংসর্গাভাবোঽন্যোন্যাভাবশ্চ। আদ্যস্ত্রিবিধঃ, প্রাগভাবঃ ধ্বংসঃ অত্যন্তাভাবশ্চ। প্রাগভাবো বিনাশী অজন্যঃ। ধ্বংসো জন্যো অবিনাশী চ। অত্যন্তাভাবান্যোন্যাভাবৌ ত্বজন্যৌ অবিনাশিনৌ। যোগ্যানুপলব্ধ্যা অভাবঃ প্রত্যক্ষঃ অন্যত্র তু অতীন্দ্রিয়ঃ। অথ প্রমা কথ্যতে, সা চতুর্বিধা, প্রত্যক্ষানু-মিত্যুপমিতিশাব্দভেদাৎ। তৎকরণানি প্রমাণানি চত্বারি,—প্রত্যক্ষানুমানোপমানশব্দ-ভেদাৎ। অত্র প্রত্যক্ষং দ্বিবিধং,—নির্বিকল্পকং সবিকল্পকঞ্চ। প্রত্যক্ষকরণানি ষড়ি-ন্দ্রিয়াণি,—ঘ্রাণরসনচক্ষুস্ত্বক্শ্রোত্রমনাংসি। এতানি সন্নিকর্ষসহিতানি প্রত্যক্ষং জনয়ন্তি। সন্নিকর্ষশ্চ লৌকিকোঽলৌকিকশ্চ। অলৌকিকস্ত্রিবিধঃ,—জ্ঞানলক্ষণা, সামান্যলক্ষণা, যোগজশ্চ। লৌকিকঃ ষড়্বিধঃ,—সংযোগঃ, সংযুক্তসমবায়ঃ, সংযুক্তসমবেতসমবায়ঃ, সমবায়ঃ, সমবেতসমবায়ঃ, বিশেষণতা চেতি। সংযোগেন দ্রব্যগ্রহঃ, সংযুক্তসমবায়েন শব্দান্যগুণকর্ম্মদ্রব্যবৃত্তিজাতীনাং প্রত্যক্ষং, সংযুক্তসমবেতসমবায়েন শব্দমাত্রবৃত্তিজাতী-তরগুণবৃত্তিজাতীনাং প্রত্যক্ষং, সমবায়েন শব্দস্য, সমবেতসমবায়েন শব্দবৃত্তিজাতীনাং, বিশেষণতয়া অভাবস্য সমবায়স্য চ প্রত্যক্ষম্। অলৌকিকঃ স যথা, জ্ঞানলক্ষণয়া 'সুরভি চন্দনমিতি' চাক্ষুষং জ্ঞানং, সামান্যলক্ষণয়া ঘটত্বেন রূপেণ যাবদ্ঘটজ্ঞানং, যোগজধর্ম্মেণ

যোগিনাং সর্ব্বজ্ঞানম্ । তত্র নির্বিকল্পকং বিশেষ্যপ্রকারাদিরহিতং বস্তুস্বরূপমাত্রজ্ঞানং, সবিকল্পকং সপ্রকারকম্ । ভাসমানবৈশিষ্ট্যপ্রতিযোগিত্বং প্রকারত্বং, যথা 'অয়ং ঘটঃ' ইত্যত্র অয়ং বিশেষ্যঃ, ঘটত্বং প্রকারঃ, ভাসমানবৈশিষ্ট্যং তয়োঃ সমবায়ঃ, তস্য প্রতিযোগি ঘটত্বম্ । সবিকল্পমেব বিশিষ্টবৈশিষ্ট্যজ্ঞানং ; যথা 'অয়ং দণ্ডী'—ইত্যত্র দণ্ডত্ববিশিষ্টস্য বৈশিষ্ট্যং পুরুষে ভাসতে । অথ প্রক্রিয়া, আদৌ ইন্দ্রিয়সন্নিকর্ষাৎ 'ঘটঘটত্বে' ইতি নির্বিকল্পকং, ততঃ 'অয়ং ঘটঃ' ইতি বিশিষ্টজ্ঞানম্ । তত্র 'পরতঃ প্রমাণ্যগ্রহঃ, ইতি নৈয়ায়িকঃ, যথা আদৌ 'ঘটঃ' ইতি ব্যবসায়ঃ ; ততঃ 'ঘটমহং জানামি' ইত্যনুব্যবসায়ঃ ; ততঃ 'প্রামাণ্যাপ্রামাণ্যে' ইতি কোটিদ্বয়স্মরণম্ ; অথ চতুর্থে 'ইদং জ্ঞানং প্রমা ন বা, ইতি প্রামাণ্যসংশয়ঃ ; ততো 'বিশেষদর্শনানন্তরং প্রামাণ্যগ্রহঃ—ইদং জ্ঞানং প্রমা সমর্থপ্রবৃত্তিজনকত্বাৎ জ্ঞানান্তরবৎ । 'স্বতঃ প্রামাণ্যগ্রহঃ' ইতি ত্রয়ো মীমাংসকাঃ, তত্র গুরুমতে 'অয়ং ঘটঃ' ইতি জ্ঞানং, বিষয়ম্, আত্মানং, জ্ঞানপ্রামাণ্যঞ্চ গৃহ্ণাতি । মুরারিমিশ্রমতে 'অয়ং ঘটঃ' ইতি জ্ঞানানন্তরং 'ঘটমহং জানামীত্যনুব্যবসায়ঃ, তেনৈব প্রামাণ্যগ্রহঃ । ভট্টমতে জ্ঞানস্যাতীন্দ্রিয়ত্বেন জ্ঞানমনুমেয়ং যথা, তথা তদ্বৃত্তিপ্রামাণ্যঞ্চ, তথাহি 'অয়ং ঘটঃ' ইতি জ্ঞানানন্তরং ঘটে জ্ঞাততা উৎপদ্যতে, ততো 'জ্ঞাতো ময়া ঘটঃ' ইতি জ্ঞাততাপ্রত্যক্ষং, ততো ব্যাপ্ত্যাদিপ্রত্যক্ষানন্তরং জ্ঞানানুমানং, যথা, অহং ঘটত্বপ্রকারকজ্ঞানবান্ ঘটত্বপ্রকারকজ্ঞাততাবত্ত্বাৎ, তাবতৈব তস্য ধর্ম্মধর্ম্মিবিষয়কত্বেন প্রামাণ্যানুমানম্ । ইতি প্রত্যক্ষনিরূপণম্ । অনুমিতিকরণমনুমানম্, অনুমিতিত্বং জাতিঃ । ব্যাপারবৎ কারণং করণং, ব্যাপারশ্চ তজ্জন্যত্বে সতি তজ্জন্যজনকঃ । হেতুজ্ঞানাদি করণং, পরামর্শো ব্যাপারঃ । পরামর্শশ্চ ব্যাপ্তিবিশিষ্টপক্ষধর্ম্মতাজ্ঞানং, যথা 'বহ্নিব্যাপ্যধূমবানয়মিতি । আদৌ মহানসাদৌ ধূমে বহ্নিসামানাধিকরণ্যগ্রহে সতি 'ধূমো বহ্নিব্যাপ্যঃ' ইত্যনুভবো জায়তে, ততঃ কালান্তরে পর্ব্বতে ধূমে দৃষ্টে সতি ব্যাপ্তিস্মরণং, ততশ্চ ব্যাপ্তিবিশিষ্টবৈশিষ্ট্যজ্ঞানং 'বহ্নিব্যাপ্যধূমবানয়ম্' ইতি তৃতীয়লিঙ্গপরামর্শঃ । পক্ষতাসহিতেন তেন 'পর্ব্বতো বহ্নিমান্' ইত্যনুমিতির্জন্যতে । ব্যাপ্তিশ্চ হেতুসমানাধিকরণাত্যন্তাভাবাপ্রতিযোগিসাধ্যসামানাধিকরণ্যম্ । ন চ, 'অয়ং সংযোগবান্ দ্রব্যত্বাৎ' ইত্যত্রাব্যাপ্তিঃ, প্রতিযোগিব্যধিকরণ-হেতুসমানাধিকরণাত্যন্তাভাবাপ্রতিযোগি-সাধ্যসামানাধিকরণ্যমিত্যর্থাৎ । পক্ষতা চ সিষাধয়িষাবিরহসহকৃতসিদ্ধ্যভাবঃ । অনুমানং দ্বিবিধং—স্বার্থং পরার্থঞ্চ । তত্র পরার্থং পঞ্চাবয়বসাধ্যম্ । অবয়বাশ্চ প্রতিজ্ঞাহেতূদাহরণোপনয়নিগমনানি ; যথা, অয়ং বহ্নিমান্, ধূমাৎ, যো যো ধূমবান্ স বহ্নিমান্, যথা মহানসং, বহ্নিব্যাপ্যধূমবানয়ং, তস্মাদ্বহ্নিমান্, ইতি । স্বার্থঞ্চ স্বীয়ব্যাপ্ত্যাদিজ্ঞানসাধ্যং, ন তত্র পরপ্রতিপত্ত্যর্থমেবমাহ শব্দপ্রয়োগম্ । তচ্চানুমানং ত্রিবিধং, কেবলান্বয়িকেবলব্যতিরেক্যন্বয়ব্যতিরেকিভেদাৎ । যত্র সাধ্যব্যতিরেকো ন কুত্রাপ্যস্তি স কেবলান্বয়ী, যথা 'ঘটোঽভিধেয়ঃ প্রমেয়ত্বাৎ' ইত্যত্রাভিধেয়ত্বস্য সাধ্যস্য ব্যতিরেকো ন কুত্রাপ্যস্তি । যত্র সাধ্যপ্রসিদ্ধিঃ পক্ষাতিরিক্তে নাস্তি, স কেবলব্যতিরেকী, যথা, 'পৃথিবী ইতরেভ্যো ভিদ্যতে পৃথিবীত্বাৎ' অত্রেতরভেদাভাবঃ

তত্র পৃথিবীত্বাভাবো যথা জলাদৌ। ব্যতিরেকব্যাপ্তৌ তু সাধ্যাভাবো ব্যাপ্যঃ হেত্বভাবো ব্যাপকঃ। যত্র সাধ্যং সাধ্যাভাবশ্চান্যত্র প্রসিদ্ধঃ, সোঽন্বয়ব্যতিরেকী, যথা, 'পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ' ইতি। অন্বয়ব্যতিরেকিণি হেতাববশ্যং পঞ্চরূপোপপন্নতা অপেক্ষণীয়া। পক্ষবৃত্তিত্বং, সপক্ষসত্ত্বং, বিপক্ষব্যাবৃত্তত্বম্, অবাধিতত্বম্, অসৎপ্রতিপক্ষিতত্বঞ্চেতি পঞ্চ রূপাণি। কেবলান্বয়িনি বিপক্ষব্যাবৃত্তত্বরহিতং, কেবলব্যতিরেকিণি সপক্ষসত্ত্বরহিতং চতুরূপমেবাপেক্ষিতম্। যত্র সাধ্যসন্দেহঃ স পক্ষঃ; যত্র সাধ্যনিশ্চয়ঃ স সপক্ষঃ; যত্র সাধ্যাভাবানিশ্চয়ঃ স বিপক্ষঃ; সাধ্যাভাববান্ পক্ষো বাধঃ; সাধ্যবিরোধিসাধকো হেতুঃ সৎপ্রতিপক্ষঃ। সোপাধৌ পক্ষসপক্ষসত্ত্বাদ্যন্যতমভঙ্গ আবশ্যকঃ, সোপাধিশ্চ স্বব্যভিচারিতাসম্বন্ধেন উপাধিবিশিষ্টঃ। উপাধিশ্চ ত্রিবিধঃ,—সাধনাব্যাপকত্বে সতি শুদ্ধসাধ্যব্যাপকঃ, সাধনাব্যাপকত্বে সতি পক্ষধর্ম্মাবচ্ছিন্নসাধ্যব্যাপকঃ, সাধনাব্যাপকত্বে সতি সাধনাবচ্ছিন্নসাধ্যব্যাপকশ্চ। আদ্যো যথা, 'অয়োগোলকং ধূমবদ্‌বহ্নেঃ', আর্দ্রেন্ধনপ্রভববহ্নিমত্ত্বমুপাধিঃ সাধনাব্যাপকত্বে সতি শুদ্ধসাধ্যব্যাপকঃ। দ্বিতীয়ো যথা, 'বায়ুঃ প্রত্যক্ষঃ প্রত্যক্ষস্পর্শাশ্রয়ত্বাৎ', অত্র বহির্দ্রব্যত্বাবচ্ছিন্নস্য প্রত্যক্ষত্বস্য সাধ্যস্য ব্যাপকম্ উদ্ভূতরূপবত্ত্বমুপাধিঃ। তৃতীয়ো যথা, 'ধ্বংসো বিনাশী জন্যত্বাৎ', অত্র জন্যত্বাবচ্ছিন্নবিনাশিত্বব্যাপকং ভাবত্বমুপাধিঃ। অথ হেত্বাভাসাঃ কথ্যন্তে। সব্যভিচারবিরুদ্ধসৎপ্রতিপক্ষাসিদ্ধবাধিতাঃ পঞ্চ হেত্বাভাসাঃ। সব্যভিচারস্ত্রিবিধঃ,—সাধারণাসাধারণানুপসংহারিভেদাৎ। সাধ্যাভাববদ্বৃত্তিত্বং সাধারণত্বং, যথা 'ধূমবান্ বহ্নেঃ'। সকলসপক্ষব্যাবৃত্তত্বমসাধারণত্বং, যথা, 'পর্ব্বতো বহ্নিমান্ পর্ব্বতত্বাৎ'। সর্ব্বপক্ষকত্বমনুপসংহারিত্বং, যথা, 'সর্ব্বং প্রমেয়মভিধেয়ত্বাৎ'। সাধ্যাভাবব্যাপ্যো হেতুর্বিরুদ্ধঃ, যথা, 'ঘটো নিত্যঃ সাবয়বত্বাৎ।' সৎপ্রতিপক্ষো যথা, 'পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ', 'পর্ব্বতো বহ্ন্যভাববান্ মহানসান্যত্বাৎ'। অসিদ্ধস্ত্রিবিধঃ, আশ্রয়াসিদ্ধঃ, স্বরূপাসিদ্ধঃ, ব্যাপ্যত্বাসিদ্ধশ্চ। যত্র পক্ষোঽসন্ সিদ্ধসাধনং বা, স আশ্রয়াসিদ্ধঃ, যথা, 'শশবিষাণং নিত্যমজন্যত্বাৎ' 'শরীরং হস্তাদিবৎ হস্তাদিমত্তয়া প্রতীয়মানত্বাৎ'। যত্র পক্ষাবৃত্তির্হেতুঃ স স্বরূপাসিদ্ধঃ, যথা, 'পর্ব্বতো বহ্নিমান্ মহানসত্বাৎ। স চ বিশেষণাসিদ্ধবিশেষ্যাসিদ্ধভাগাসিদ্ধভেদাদ্বহুবিধঃ। আদ্যো যথা, 'শব্দোঽনিত্যশ্চাক্ষুষত্বে সতি জন্যত্বাৎ'। দ্বিতীয়ো যথা, 'শব্দোঽনিত্যো গুণত্বে সতি পরমাণুবৃত্তিত্বাৎ'। তৃতীয়ো যথা, 'এতানি দ্রব্যাণি নিরবয়বত্বাৎ'। সোপাধির্ব্যাপ্যত্বাসিদ্ধঃ যথা, 'ধূমবান্ বহ্নেঃ'। বাধো যথা. 'জলহ্রদো বহ্নিমান্ দ্রব্যত্বাৎ'। তেন এতদ্দোষরহিতো হেতুঃ সদ্ধেতুঃ। ইত্যনুমানং ব্যাখ্যাতম্। উপমিতিকরণমুপমানম্। কীদৃশো গবয়ঃ ? ইতি প্রশ্নে 'গোসদৃশো গবয়ঃ' ইত্যুত্তরিতে যদা গোসদৃশং প্রাণিনং পশ্যতি তদা পূর্ব্বোক্তং বাক্যার্থং স্মরতি, অনন্তরম্ 'অয়ং গবয়পদবাচ্যঃ' ইতি শক্তিগ্রহঃ, সেয়মুপমিতিঃ। ইত্যুপমানং ব্যাখ্যাতম্। আপ্তোক্তঃ শব্দঃ প্রমাণম্। প্রকৃতবাক্যার্থগোচরযথার্থজ্ঞানবানাপ্তঃ। পদজ্ঞানং করণং, পদার্থোপস্থিতির্ব্যাপারঃ। আকাঙ্ক্ষাযোগ্যতাসত্তিতাৎপর্য্যজ্ঞানানি সহকারীণি, ফলং শাব্দবোধঃ। স্বরূপযোগ্যত্বে সতি অজনিতান্বয়বোধকত্বমাকাঙ্ক্ষা,

ত্তেন 'ঘটঃ কর্ম্মত্বম্, আনয়নং, কৃতিঃ, ইত্যত্র নান্বয়বোধঃ স্বরূপাযোগ্যত্বাৎ। 'অয়মেতি পুত্রো রাজ্ঞঃ, পুরুষোঽপসার্য্যতাম্, ইত্যত্র 'রাজ্ঞঃ পুরুষ' ইতি নান্বয়বোধঃ, পুত্রেণ জনিতান্বয়বোধকত্বাৎ। বাধকপ্রমাবিরহো যোগ্যতা, তেন বহ্নিনা সিঞ্চতি' ইত্যত্র নান্বয়বোধঃ, অযোগ্যত্বাৎ। অব্যবধানেনান্বয়প্রতিযোগ্যুপস্থিতিরাসত্তিঃ, তেন 'গিরিভুক্তং বহ্নিমান্ দেবদত্তেন' ইত্যত্র নান্বয়বোধঃ। তত্তদর্থপ্রতীতীচ্ছয়োচ্চারিতত্বং তাৎপর্য্যং, তেন ভোজনপ্রকরণাদৌ, সৈন্ধবমানয়' ইত্যুক্তে অশ্বান্বয়বোধো ন ভবতি। বৃত্ত্যা বিনা শব্দেন নান্বয়বোধো জন্যতে। বৃত্তির্দ্বিবিধা, শক্তির্লক্ষণা চ, শক্তির্ঘটাদিপদস্য ঘটাদৌ। লক্ষণা যথা, 'গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতি' ইত্যত্র গঙ্গাপদার্থে প্রবাহে ঘোষান্বয়ানুপপত্ত্যা গঙ্গাপদস্য তীরে লক্ষণা কল্প্যতে, তয়া বৃত্ত্যা উপস্থিতে তীরে ঘোষঃ প্রতিবসতীত্যন্বয়-বোধো ভবতি। গৌণীবৃত্তিরপি লক্ষণৈব। যথা, 'অগ্নির্মানবকঃ,' 'গৌর্বাহীকঃ,' অত্র লক্ষণয়াগ্ন্যাদিসাদৃশ্যং প্রতীয়তে। শক্তং পদং চতুর্বিধং, যৌগিকং, রূঢ়ং, যোগরূঢ়ং, যৌগিকরূঢ়ঞ্চ। আদ্যং যথা, পাচকাদিপদং, যোগার্থে পাককর্ত্তরি শক্তম্। দ্বিতীয়ং যথা, বিপ্রাদিপদং রূঢ্যা ব্রাহ্মণবাচকম্। তৃতীয়ং যথা, পঙ্কজাদিপদং যোগরূঢ্যা পঙ্কজনিকর্ত্তৃত্বেন পদ্মত্বেন চ পদ্মবাচকম্। চতুর্থং যথা, উদ্ভিদাদিপদং যৌগিকং তরুগুল্মাদেঃ, রূঢ়ং যোগবিশেষস্য বাচকম্। লক্ষণা দ্বিবিধা, জহৎস্বার্থাজহৎস্বার্থা চ; আদ্যা যথা, 'গঙ্গায়াং ঘোষ' ইত্যাদৌ; দ্বিতীয়া যথা, 'সর্ব্বে ছত্রিণো যান্তি' ইত্যাদৌ ছত্রিণস্তদিতরস্যাপি গমনান্বয়ঃ। অথ শাব্দবোধপ্রক্রিয়া, —'দেবদত্তো গ্রামং গচ্ছতি' ইত্যত্র গ্রামকর্ম্মকগমন-জনকবর্ত্তমানকৃতিমানিত্যন্বয়বোধঃ। দ্বিতীয়ায়া অর্থঃ কর্ম্মত্বং, ধাতোর্গমনং, জনকত্বং সংসর্গমর্য্যাদালভ্যং, লটো বর্ত্তমানত্বম্, আখ্যাতস্য কৃতিঃ, তৎসম্বন্ধঃ সংসর্গমর্য্যাদালভ্যঃ। যত্র কর্ত্তরি কৃতের্ব্বাধঃ তত্রাখ্যাতস্য ব্যাপারাদৌ লক্ষণা, যথা 'রথো গচ্ছতি' ইত্যত্র গমন-জনকবর্ত্তমানব্যাপারবান্ রথঃ। 'দধি পশ্যতি' ইত্যাদৌ দ্বিতীয়ালোপস্থলে দধিশব্দ এবাজহৎস্বার্থলক্ষণয়া দধিকর্ম্মত্বং বোধয়তি। একবচনাদ্যুপস্থিতমেকত্বাদি সর্ব্বত্র প্রথমা-দিপদমুপস্থাপয়তি (তেন 'দধি পশ্যতি' ইত্যাদৌ কর্ত্তৃপদাভাবেঽপি একবচনেন তিঙা কর্ত্তৃপদমুপস্থাপ্যত ইতিভাবঃ।) 'দেবদত্তেন গম্যতে গ্রামঃ' ইত্যস্য দেবদত্তবৃত্তিকৃতি-জন্যগমনজন্যফলশালী গ্রাম ইত্যর্থঃ। বৃত্তিত্বং সংসর্গবললভ্যং, তৃতীয়ার্থশ্চ কৃতিঃ, জন্যত্বং সংসর্গঃ, গমনং ধাত্বর্থঃ, জন্যত্বং সংসর্গঃ, ফলং কর্ম্মাত্মনেপদার্থঃ, শালিত্বং সংসর্গঃ, ভাবপ্রত্যয়ে তু 'দেবদত্তেন সুপ্যতে' ইত্যস্য দেবদত্তবৃত্তিকৃতিজন্যঃ স্বাপ ইত্যর্থঃ। ভাবপ্রত্যয়স্থলে ফলাভাবাৎ আত্মনেপদার্থো ন ভাসতে। ভবিষ্যত্বং লৃটোঽর্থঃ, তচ্চ বিদ্যমানপ্রাগভাবপ্রতিযোগ্যুৎপত্তিকত্বং, তেন 'গমিষ্যতি' ইত্যত্র বিদ্যমানপ্রাগভাব-প্রতিযোগ্যুৎপত্তিকগমনানুকূলকৃতিমানিত্যর্থঃ। লুটোঽর্থঃ অনদ্যতনত্বমপি। লুঙোঽর্থঃ উৎপত্তির্ভূতত্বঞ্চ; ভূতত্বমতীতত্বং, তচ্চোৎপত্তৌ অন্বেতি, তথাচ বিদ্যমানধ্বংসপ্রতি-যোগ্যুৎপত্তিকত্বং লব্ধং, লিটোঽনদ্যতনত্বং, পরোক্ষত্বম্, অতীতত্বঞ্চার্থঃ, তদন্বয়ঃ পূর্ব্ববদুৎ-পত্তৌ। লঙোঽনদ্যতনত্বমতীতত্বঞ্চার্থঃ। বিধিলিঙোঽর্থঃ কৃতিসাধ্যত্বে সতি বলবদনিষ্টা-

জনকেষ্টসাধনত্বং ;‘স্বর্গকামো যজেত’ ইত্যাদৌ কৃতিসাধ্যবলবদনিষ্টাজনকেষ্টসাধনং যাগকর্তা স্বর্গকাম ইত্যর্থঃ। আশীর্লিঙ্ লোটোরর্থঃ বাঞ্ছাবিষয়ত্বং ; তেন ‘ঘটমানয়’ ইত্যত্র ঘটকর্ম্মকমদিচ্ছাবিষয়ানয়নানুকূলকৃতিমান্ ত্বমিত্যন্বয়বোধঃ। ব্যাপ্যক্রিয়য়া ব্যাপকক্রিয়ায়া আপাদনং লৃঙোঽর্থঃ ; তাৎপর্য্যবশাৎ ক্বচিদ্ ভূতত্বং, ক্বচিদ্ভবিষ্যত্বঞ্চ লৃঙা বোধ্যতে। সনঃ কর্ত্তুরিচ্ছার্থঃ, সন্নুত্তরাখ্যাতস্যাশ্রয়ত্বে লক্ষণা, সবিষয়কার্থকপ্রকৃতিকাখ্যাতস্য আশ্রয়ত্বে লক্ষণায়া ‘ঘটং জানাতি’ ইত্যাদৌ ক্লৃপ্তত্বাৎ। যঙোঽর্থঃ পৌনপুন্যং তত্ত্বঞ্চ তদানীন্তনপ্রকৃত্যর্থসজাতীয়ক্রিয়ান্তরধ্বংসকালীনত্বে সতি বর্ত্তমানাদিকৃতিবিষয়ত্বং, ‘পাপচ্যতে’ ইত্যাদৌ তাদৃশকালীনত্বমেব যঙা প্রত্যায্যতে, আখ্যাতস্য চরমদলবাচকত্বাৎ ন বিশিষ্টবাচকত্বং যঙঃ, তদানীন্তনত্বঞ্চ স্থূলকালমাদায়। পূর্ব্বকালীনত্বং কর্ত্তা চ ক্ত্বার্থঃ, পূর্ব্বত্বঞ্চ সন্নিহিতক্রিয়াপেক্ষয়া বোধ্যম্। তৎ পূর্ব্বকালীনত্বং তৎপ্রাগভাবকালবৃত্তিত্বং, তদুৎপত্তিকালানধ্বংসপ্রতিযোগিকালবৃত্তিত্বং বা, ‘তেন ভুক্ত্বা ব্রজতি’ ইত্যত্র গমনপ্রাগভাবাবচ্ছিন্নকালবৃত্তিভোজনকর্ত্রভিন্নো ব্রজতীত্যর্থঃ। সমানবিভক্তিকৃতাম্ অভেদেন ধর্ম্মিবাচকত্বাৎ, অব্যয়ত্বেন ক্ত্বাপরবিভক্তিলোপাৎ। কালঃ তাৎপর্য্যবশাৎ ব্যবহিতাব্যবহিতসাধারণো বোদ্ধব্যঃ, তেন ‘পূর্ব্বস্মিন্ অব্দে গত্বা অস্মিন্নব্দে সমাগতঃ’ ইত্যেতাদৃশপ্রয়োগসঙ্গতিঃ। ইচ্ছাবান্ তুমুনোঽর্থঃ, ‘ভোক্তুং ব্রজতি ইত্যস্য ভোজনেচ্ছাবান্ ব্রজতীত্যর্থঃ। ‘ভোক্তুমিচ্ছতি’ ইত্যত্র তু কর্ত্তরি লক্ষণা, ভোজনকর্ত্তারমাত্মানমিচ্ছতীত্যর্থঃ। ‘সবিশেষণে হি’ ইতি ন্যায়াৎ বিশেষণে কৃত্যবিচ্ছান্বয়ঃ। প্রকৃতধাত্বর্থকর্ত্তা শতৃশানচোঃ, ধাত্বর্থজন্যফলবান্ কর্ম্মশানচোঽর্থঃ। শত্রাদীনাং কর্ত্তা বাচ্যঃ, সবিষয়ার্থকপ্রকৃতিকানাম্ আশ্রয়ত্বে লক্ষণা। এবং কর্ত্তৃকর্ম্মকৃতাং তেন তেন রূপেণ কর্ত্তা কর্ম্ম চ বাচ্যম্। ভাবকৃতাস্তু লঙ্ঘঞাদীনাং প্রয়োগসাধুত্বমাত্রং, ধাত্বর্থাতিরিক্তস্য ভাবকৃতা অনুপস্থাপনাদিতি। নন্বু ‘নীলং ঘটমানয়’ ইত্যাদৌ দ্বিতীয়াদ্বয়শ্রবণাৎ কর্ম্মদ্বয়বোধাপত্তিঃ, ন তু বিশিষ্টস্য কর্ম্মত্বমিতি চেৎ ন, অত্র বিশেষণবিভক্তিঃ সাধুত্বায়, অথবা বিশেষণবিভক্তেরভেদোঽর্থঃ। অত্রায়ং বিশেষঃ,—দ্বিতীয়পক্ষে বাক্যসমাসয়োঃ পর্য্যায়তা ন ঘটতে, বাক্যে ‘নীলং ঘটম্’ ইত্যাদৌ অভেদস্য পদার্থত্বেন প্রকারত্বাৎ ন সংসর্গত্বং, ‘নীলঘটম্’ ইত্যাদৌ কর্ম্মধারয়ে লক্ষণায়া অস্বীকারেণাভেদস্যাপদার্থত্বেন সংসর্গত্বাৎ ; তথা চ বাক্যসমাসয়োঃ পর্য্যায়ানুরোধেন ষষ্ঠীসমাসে ‘রাজপুরুষঃ’ ইত্যাদৌ ষষ্ঠ্যর্থসম্বন্ধে লক্ষণা ন ঘটতে, সম্বন্ধস্য সংসর্গমর্য্যাদালভ্যত্বাৎ। বস্তুতস্তু বিরুদ্ধবিভক্ত্যনবরুদ্ধস্য অভেদবোধকত্বব্যুৎপত্তেঃ মুখ্যার্থরাজাভেদস্য বাধেন রাজপদস্য রাজসম্বন্ধিনি লক্ষণা। এবং বহুব্রীহৌ চরমপদস্যান্যপদার্থে লক্ষণা ; তথাচ দ্বন্দ্বকর্ম্মধারয়ান্যসমাসে সর্ব্বত্র তত্তদর্থে লক্ষণা। এবং নঞর্থোঽভাবঃ, ‘অঘটং ভূতলম্’ ইত্যাদৌ ঘটভিন্নে লক্ষণা। ন কলঞ্জং ভক্ষয়েৎ’ ইত্যাদৌ বলবদনিষ্টজনকে লক্ষণা। ক্রিয়াসঙ্গতস্যৈবকারস্যাত্যন্তাযোগব্যবচ্ছেদোঽর্থঃ, যথা ‘নীলং সরোজং ভবত্যেব।’ বিশেষণসঙ্গতস্য অযোগব্যবচ্ছেদঃ, যথা, ‘শঙ্খঃ পাণ্ডুর এব’ ইতি। বিশেষ্যসঙ্গতস্য অন্যযোগব্যবচ্ছেদঃ, যথা, ‘পার্থ এব ধনুর্ধরঃ’ ইত্যাদি। এবং দিশা সর্ব্বত্র বোধ্যম্।”

এই মতে অত্যন্তদুঃখনিবৃত্তির নাম মুক্তি। যে দুঃখনিবৃত্তি একবার হইলে আর কখন দুঃখান্তর না জন্মে, তাহারই নাম অত্যন্তদুঃখনিবৃত্তি। তাদৃশী দুঃখনিবৃত্তিরূপা মুক্তি আত্মসাক্ষাৎকারস্বরূপ তত্ত্বজ্ঞান ব্যতীত জন্মে না। ঐ তত্ত্বজ্ঞানও আবার সহজ নহে। প্রথমতঃ শ্রুতি, স্মৃতি ও পুরাণ হইতে আত্মার স্বরূপ এবং গুণাদি শ্রবণ করিতে হইবে। পরে শ্রুত বিষয় সকল যুক্তিসঙ্গত হইতেছে কি না, এইরূপ সংশয়ের নিরাসার্থ তাহাদের মনন অর্থাৎ অনুমান করিতে হইবে। তদনন্তর অনুমিত বিষয়ের নিদিধ্যাসন অর্থাৎ ধারণা দ্বারা চিত্তের একাগ্রতা সাধন করিতে হইবে। তাদৃশ একাগ্র চিত্তে যে ঈশ্বরসাক্ষাৎকার হয়, তাহাই তত্ত্বজ্ঞান। অতএব শ্রবণ, মনন ও নিদিধ্যাসন, এই তিনটিই তত্ত্বজ্ঞানের সাধন; উহার সাধনান্তর নাই। যিনি আত্মাকে শ্রবণ করিয়াছেন, তাঁহারই মননে অধিকার জন্মিয়াছে। আবার যিনি আত্মাকে আত্মেতর বস্তু সকল হইতে ভিন্নরূপে মনন করিয়াছেন, তিনিই নিদিধ্যাসনের অধিকারী হইয়াছেন। এই নিদিধ্যাসনই তত্ত্বজ্ঞানের সাক্ষাৎ সাধন। আত্মা ও আত্মেতর পদার্থ সকলের জ্ঞান উহার পরম্পরায় কারণ। এই নিমিত্ত বৈশেষিকদর্শনে পদার্থ সকল সবিশেষ নিরূপিত হইয়াছে। বৈশেষিক দর্শনকারের মতে পদার্থ দ্বিবিধ;—ভাব ও অভাব। ভাব পদার্থ দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ ও সমবায় ভেদে ষড়্বিধ। তন্মধ্যে দ্রব্যপদার্থ নয় প্রকার;—পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা ও মন। যাহার গন্ধ আছে, সেই দ্রব্যের নাম পৃথিবী; যথা, পুষ্পফলাদি; আর যাহার গন্ধ নাই, সেই দ্রব্য পৃথিবী নহে; যথা, জলাদি। প্রস্তরাদি পার্থিব দ্রব্যেরও গন্ধ আছে, কিন্তু ঐ গন্ধ উৎকট নহে বলিয়াই উহার প্রত্যক্ষ হয় না। প্রস্তরাদির গন্ধ অনুমানসিদ্ধ। যে দ্রব্যের স্নেহগুণ আছে, তাহারই নাম জল। জল ভিন্ন অন্য কোন দ্রব্যেরই স্নেহগুণ নাই। উষ্ণস্পর্শ-বিশিষ্ট দ্রব্যের নাম তেজ। যে দ্রব্যের স্বাভাবিক অনুষ্ণাশীত স্পর্শগুণ আছে, তাহাকেই বায়ু বলে। বায়ুর অনুমানসিদ্ধ বক্রগতি আছে। পৃথিবী, জল, তেজ ও বায়ু এই চারিটি দ্রব্য, নিত্য ও অনিত্য ভেদে দ্বিবিধ। পরমাণুরূপ পৃথিব্যাদি নিত্য, এবং তদতি-রিক্ত পৃথিব্যাদি অনিত্য। যাহার নিজের অবয়ব নাই, কিন্তু যে বস্তু পরম্পরায় সকল বস্তুরই অবয়ব এবং যাহা সমস্ত সূক্ষ্ম বস্তুর শেষসীমাস্বরূপ, তাহারই নাম পরমাণু। রবিকিরণসম্পর্কে গবাক্ষবিবরে ত্রসরেণু নামে যে সূক্ষ্ম পদার্থ দৃষ্টিগোচর হয়, তাহার তৃতীয়াংশকে দ্ব্যণুক বলে, আর ঐ দ্ব্যণুকের অর্দ্ধাংশকেই পরমাণু বলে। পৃথিবী প্রভৃতি চারিটি দ্রব্যেরই আকার আছে, তদতিরিক্ত অপর সকল দ্রব্যই নিরাকার ও নিত্য। পূর্ব্বোক্ত দ্রব্যচতুষ্টয়ের চারিটি শরীর স্বীকার করা হয়; যথা, পার্থিব, জলীয়, তৈজস ও, বায়বীয়। তন্মধ্যে পার্থিব শরীর মনুষ্যপশ্বাদির, জলীয় শরীর বরুণলোকে প্রসিদ্ধ, তৈজস শরীর আদিত্যলোকে, এবং বায়বীয় শরীর পিশাচাদির। শব্দগুণযুক্ত দ্রব্যের নাম আকাশ। আকাশই যাবদীয় শব্দের অদ্বিতীয় আশ্রয়। পৃথিবী হইতে আকাশ পর্য্যন্ত পাঁচটি দ্রব্যে গঠিত পাঁচটি ইন্দ্রিয় আছে। ঐ সকল ইন্দ্রিয় দ্বারা এক একটি

অসাধারণ গুণাদির উপলব্ধি হইয়া থাকে। পার্থিব ইন্দ্রিয় নাসিকা দ্বারা গন্ধাদির, জলীয় ইন্দ্রিয় রসনা দ্বারা রসাদির, তৈজস ইন্দ্রিয় নেত্র দ্বারা রূপাদির, বায়বীয় ইন্দ্রিয় ত্বক্ দ্বারা স্পর্শাদির এবং আকাশীয় ইন্দ্রিয় শ্রোত্র দ্বারা শব্দাদির উপলব্ধি হয়। যদবলম্বনে জ্যেষ্ঠত্ব ও কনিষ্ঠত্ব প্রভৃতি ব্যবহার হইয়া থাকে, তাহারই নাম কাল। ঐ কাল এক হইয়াও ক্ষণ, দিন, মাস ও বৎসর প্রভৃতি বিভিন্ন উপাধি অনুসারে বিভিন্ন প্রতীতি উৎপাদন করে। দূরত্ব ও নৈকট্য প্রভৃতি জ্ঞানের অসাধারণ কারণই দিক্। দিক্ও উপাধিভেদে ভিন্ন। যাহার চৈতন্য আছে, তাহাকে আত্মা বলা যায়। আত্মা শরীর ও ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা। শরীরাদি হইতে আত্মার পার্থক্যবোধ অনুমানসিদ্ধ। ঐ আত্মা, জীবাত্মা ও পরমাত্মা ভেদে দ্বিবিধ। জীবাত্মা মনুষ্যাদিভেদে বহুবিধ। পরমাত্মা এক ও পরমেশ্বরাদিশব্দবাচ্য। যদ্দ্বারা সুখদুঃখাদির অনুভব হয়, শরীরান্তর্ব্বর্ত্তী সেই দ্রব্যবিশেষের নামই মন। উহাকে অন্তরিন্দ্রিয়ও বলা হয়। রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম, অধর্ম্ম ও শব্দ এই চতুর্ব্বিংশতি পদার্থের নাম গুণ। তন্মধ্যে রূপ, নীলপীতাদি ভেদে বহুবিধ। রূপ দর্শনজ্ঞানের কারণ। কেহ কেহ শুক্ল, নীল, পীত, রক্ত, হরিত, কপিশ ও চিত্র, এই সাতটি রূপ স্বীকার করেন। রস ষড়্বিধ; যথা, কটু, কষায়, তিক্ত, অম্ল, লবণ ও মধুর। গন্ধ, সৌরভ ও অসৌরভ ভেদে দ্বিবিধ। স্পর্শ, শীত, উষ্ণ ও অনুষ্ণাশীত ভেদে ত্রিবিধ। কাঠিন্য এবং কোমলতাদিও ঐ স্পর্শেরই অবস্থাবিশেষ। একত্ব ও দ্বিত্বাদিভেদে সংখ্যা নানাবিধ। পরিমাণ স্থূল, সূক্ষ্ম, দীর্ঘ ও হ্রস্ব, এই চারিপ্রকার। পার্থক্য প্রতীতির কারণই পৃথক্ত্ব। বিপ্রকৃষ্ট বস্তুদ্বয়ের মিলনের নাম সংযোগ। সন্নিকৃষ্ট বস্তুদ্বয়ের বিয়োগের নাম বিভাগ। দৈশিক ও কালিক ভেদে পরত্ব এবং অপরত্ব, উভয়েই দ্বিবিধ হইয়া থাকে। জ্ঞানেরই নামান্তর বুদ্ধি। বুদ্ধি প্রথমতঃ প্রমা ও অপ্রমা ভেদে দুইপ্রকার। যাহার যাহা আছে, তাহাকে তদ্বিশিষ্ট বলিয়া জানার নামই প্রমা অর্থাৎ যথার্থজ্ঞান। আর যাহার যাহা নাই, তাহাকে তদ্বিশিষ্ট বলিয়া জানার নামই অপ্রমা অর্থাৎ অযথার্থজ্ঞান বা ভ্রমজ্ঞান। ভ্রম নানা কারণেই ঘটিয়া থাকে, উহার কোন নিয়ত কারণ নাই। নিশ্চয় ও সংশয় ভেদেও জ্ঞান দুইপ্রকার হইয়া থাকে। অনুভব ও স্মরণ ভেদেও জ্ঞান দ্বিবিধ হইতে পারে। অভিপ্রেত বিষয়ের নাম সুখ। এবং অনভিপ্রেত বিষয়ের নামই দুঃখ। অভিলাষেরই নামান্তর ইচ্ছা। অনিষ্টসাধক বিষয়ে বিরক্তির নামই দ্বেষ। যত্ন, প্রবৃত্তি, নিবৃত্তি ও জীবনযোনি ভেদে তিনপ্রকার। অভিলষিত বিষয় প্রাপ্তির নিমিত্ত যে চেষ্টা, তাহার নাম প্রবৃত্তি। অনভিলষিত বিষয় হইতে দূরে থাকিবার যে চেষ্টা, তাহারই নাম নিবৃত্তি। এবং যে যত্ন আছে বলিয়া আমরা জীবিত থাকিতেছি, তাহারই নাম জীবনযোনি যত্ন। পতনের কারণ গুরুত্ব। ক্ষরণের কারণ দ্রবত্ব। যে গুণের সদ্ভাবে চূর্ণবস্তু পিণ্ডীকৃত হয়, তাহারই নাম স্নেহ। সংস্কার ত্রিবিধ; বেগ, স্থিতিস্থাপক ও ভাবনা। গতির কারণ বেগ। যে গুণ

প্রমাণপ্রমেয়াদি-ষোড়শপদার্থানামুদ্দেশলক্ষণপরীক্ষাভিরাত্মাদি-দ্বাদশ-বিধপ্রমেয়নিষ্কর্ষেণাত্মদ্বয়সাক্ষাৎকারাৎ শ্রবণমননিদিধ্যাসনপূর্ব্বকাৎ স-বাসনমিথ্যাজ্ঞাননিবৃত্তৌ তৎকার্য্যাণাং রাগদ্বেষমোহানাং নিবৃত্তিঃ ততঃ

থাকাতে আকৃষ্ট বস্তু বিমুক্ত হইয়া স্বস্থানস্থিত হয়, তাহারই নাম স্থিতিস্থাপক সংস্কার। আর যে সংস্কার দ্বারা পূর্ব্বানুভূত বস্তুর স্মরণ হয়, তাহারই নাম ভাবনা। শুভাদৃষ্টের নাম ধর্ম্ম। এবং দুরদৃষ্টের নাম অধর্ম্ম। শব্দ, ধ্বনি ও বর্ণ ভেদে দ্বিবিধ। মৃদঙ্গাদি হইতে উৎপন্ন শব্দের নাম ধ্বনি। এবং কণ্ঠাদি হইতে সমুৎপন্ন শব্দের নাম বর্ণ। ক্রিয়ারই নামান্তর কর্ম্ম। কর্ম্ম, উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ ও গমন, এই পাঁচ প্রকার। জাতি পদার্থের নাম সামান্য। ঐ জাতি, পরা ও অপরা ভেদে দ্বিবিধ। যে জাতি অধিক স্থানে থাকে, তাহার নাম পরা জাতি। এবং যে জাতি অপেক্ষাকৃত অল্প স্থানে থাকে, তাহাকে অপরা জাতি বলা যায়। আকাশ ও পরমাণু প্রভৃতি নিত্য দ্রব্যে যে এক একটি ভেদক পদার্থ আছে, তাহারই নাম বিশেষ পদার্থ। উহা দ্বারাই নিত্য পদার্থ সকলের পরস্পর ভেদ অনুমিত হইয়া থাকে। অবয়বের সহিত অবয়বীর, গুণের সহিত গুণীর, ক্রিয়ার সহিত ক্রিয়াবিশিষ্টের এবং নিত্যদ্রব্যের সহিত বিশেষ পদার্থের যে নিত্য সম্বন্ধ, তাহারই নাম সমবায়। অভাব পদার্থ সংসর্গাভাব ও অন্যোন্যাভাব ভেদে দ্বিবিধ। তন্মধ্যে সংসর্গাভাব আবার অত্যন্তাভাব, ধ্বংস ও প্রাগভাব ভেদে তিন প্রকার। এক বস্তু হইতে অন্য বস্তুর যে ভেদ, তাহারই নাম অন্যোন্যাভাব। বস্তুর নিত্য অনস্তিত্বের নাম অত্যন্তাভাব। বিনাশের নামই ধ্বংস। বস্তুর উৎপত্তির পূর্ব্বে সেই বস্তুর যে অভাব থাকে, তাহাকেই প্রাগভাব বলে। এই সপ্ত পদার্থের তত্ত্বজ্ঞানে আত্মজ্ঞান লাভ হয়। তদনন্তর আত্মদ্বয়ের সাক্ষাৎকার ঘটে। আত্মসাক্ষাৎকার হইলেই দুঃখধ্বংসের পরে জীবের মুক্তির হয়।

বৈশেষিকেরা এই যে অত্যন্ত ভিন্ন ভিন্নলক্ষণ পদার্থ সকল স্বীকার করিয়া থাকেন, তাহা শ্রুতিসিদ্ধ নহে, এবং যুক্তিসঙ্গতও নহে। বিচারে দ্রব্য ও গুণের পার্থক্য রক্ষিত হইতে পারে না। দ্রব্য হইতে পৃথক্ গুণপদার্থ দ্রব্যে অবস্থান করে, এইরূপ স্বীকার করিতে হইলে, দ্রব্যের প্রত্যক্ষ অস্বীকার করিতে হয়, অথবা নির্গুণ দ্রব্যের প্রত্যক্ষ স্বীকার করিতে হয়। উভয়ই অনিষ্টকর। অনিত্যদ্রব্যে নিত্যা জাতির স্বীকারও সঙ্গত হয় না। পরমাণুরই যখন নিত্যত্ব স্থাপন করা যায় না, তখন পরমাণুবৃত্তি বিশেষ পদার্থের নিত্যত্ব যে স্থাপিত হইতে পারে না, তাহাও স্থির। সমবায় সম্বন্ধেও ঐ কথা। উহাঁ-দিগের পরমাণুকারণবাদও নিতান্ত অযৌক্তিক। এইত গেল, পদার্থের বিষয়। তারপর উহাঁদিগের কল্পিত আত্মগুণবৃত্তিধ্বংসস্বরূপ মুক্তিও প্রকৃত মুক্তি নহে, উহা জড়ভাবাপত্তি মাত্র। কারণ, যাহাতে পৃথক্ সুখাস্বাদ নাই, তাহা মুক্তিই নহে।

তৎকার্য্যয়োঃ প্রবৃত্তিপূর্ব্বকয়োঃ ধর্ম্মাধর্ম্ময়োঃ ততঃ পূর্ব্বার্জিতকর্ম্মণাং কায়ব্যূহপূর্ব্বকং ভোগেন পরিক্ষয়াৎ দেহান্তরানারম্ভঃ ততো বাধনা-লক্ষণস্য একবিংশতিবিধস্য দুঃখস্য আত্যন্তিকী নিবৃত্তির্ভবেৎ সৈব সুখা-বাপ্তিরিতি গৌতমঃ ॥ ৮ ॥ *

অথ নৈয়ায়িকমতং দর্শয়তি প্রমাণেতি। আদিনা সংশয়াদের্গ্রহণম্। তথাচ গৌতমসূত্রম্—প্রমাণপ্রমেয়সংশয়প্রয়োজনদৃষ্টান্তসিদ্ধান্তাবয়বতর্কনির্ণয়বাদজল্পবিতণ্ডাহেত্বা-ভাসচ্ছলজাতিনিগ্রহস্থানানাং তত্ত্বজ্ঞানাৎ নিশ্রেয়সাধিগম ইত্যেতৎ। আত্মাদিদ্বাদশবিধেতি। তথাচ গৌতমসূত্রম্—আত্মশরীরেন্দ্রিয়ার্থবুদ্ধিমনঃপ্রবৃত্তিদোষপ্রেত্যভাবফলদুঃখাপবর্গাস্তু প্রমেয়মিত্যেতৎ। নামধেয়েন পদার্থমাত্রস্যাভিধানমুদ্দেশঃ। উদ্দিষ্টস্যাতত্ত্বব্যবচ্ছেদকো ধর্ম্মঃ লক্ষণম্। লক্ষিতস্য যথালক্ষণমুপপদ্যতে ন বা ইতি প্রমাণৈরবধারণং পরীক্ষা। একবিংশতীতি। শরীরং ষড়িন্দ্রিয়াণি ষড়্বিষয়াঃ ষড়্বুদ্ধয়ঃ সুখং দুঃখঞ্চেতি দুঃখমেক বিংশতিপ্রকারম্। অস্যাপি মোক্ষে পাষাণকল্প আত্মা। নিরসনন্তু পূর্ব্ববৎ শ্রুতিবিরুদ্ধত্বাদ-যুক্তত্বাচ্চেতি বিভাবনীয়ম্॥ ৮ ॥

প্রমাণাদি ষোড়শ পদার্থের উদ্দেশ, লক্ষণ ও পরীক্ষা দ্বারা আত্মা, শরীর, ইন্দ্রিয়, ইন্দ্রিয়ের বিষয়, বুদ্ধি, মন, প্রবৃত্তি, দোষ, প্রেত্যভাব, ফল, দুঃখ ও অপবর্গ, এই দ্বাদশ প্রমেয়ের জ্ঞানলাভ পূর্ব্বক শ্রবণ মনন ও নিদিধ্যাসন দ্বারা যে জীবাত্মা ও পরমাত্মার সাক্ষাৎকার, তদ্দারা দুঃখের সহিত মিথ্যাজ্ঞানের নিবৃত্তি হইলে, তৎকার্য্যভূত রাগ, দ্বেষ ও মোহাদির নিবৃত্তি হয়, এবং তন্নিবৃত্তিতে তজ্জন্য ধর্ম্মাধর্ম্মেরও নিবৃত্তি হইয়া থাকে। তদনন্তর পূর্ব্বার্জিত দেহারম্ভক কর্ম্ম সকলের কায়ব্যূহ দ্বারা ভোগে ক্ষয় হইলে, বাধা-দায়ক একবিংশতিপ্রকার দুঃখ, অর্থাৎ ষড়িন্দ্রিয়, ষড়্বিষয়, ষড়্বুদ্ধি এবং সুখ ও দুঃখ এই একবিংশতিপ্রকার দুঃখের (দুঃখস্থানের) আত্যন্তিক নিবৃত্তি হয়, ইহাকেই সুখ-প্রাপ্তি ও মুক্তি বলে। ন্যায়দর্শনকার গৌতম ঋষির ইহাই মত॥ ৮॥

---

* "প্রমাণপ্রমেয়সংশয়প্রয়োজনদৃষ্টান্তসিদ্ধান্তাবয়বতর্কনির্ণয়বাদজল্পবিতণ্ডাহেত্বাভাসচ্ছল-জাতিনিগ্রহস্থানানাং তত্ত্বজ্ঞানান্নিশ্রেয়সাধিগম ইতি গৌতমসিদ্ধান্তঃ। তত্র প্রমাণং চতুর্বিধং প্রত্যক্ষানুমানোপমানশব্দভেদাৎ। প্রমেয়ং দ্বাদশপ্রকারম্ আত্মশরীরেন্দ্রিয়ার্থবুদ্ধিমনঃ-প্রবৃত্তিদোষপ্রেত্যভাবফলদুঃখাপবর্গভেদাৎ। অনবধারণাত্মকং জ্ঞানং সংশয়ঃ, স ত্রিবিধঃ, সাধারণধর্ম্মাসাধারণধর্ম্মবিপ্রতিপত্তিলক্ষণভেদাৎ। যমধিকৃত্য প্রবর্ত্তন্তে পুরুষাস্তৎ প্রয়ো-জনং, তৎ দ্বিবিধং দৃষ্টাদৃষ্টভেদাৎ। ব্যাপ্তিসংবেদনভূমির্দৃষ্টান্তঃ, স দ্বিবিধঃ, সাধর্ম্ম্য-বৈধর্ম্ম্যভেদাৎ। প্রামাণিকত্বেনাভ্যুপগতোঽর্থঃ সিদ্ধান্তঃ, স চতুর্ব্বিধঃ, সর্ব্বতন্ত্রপ্রতিতন্ত্রাধি-করণাভ্যুপগমভেদাৎ। পরার্থানুমানবাক্যৈকদেশোঽবয়বঃ, স পঞ্চবিধঃ, প্রতিজ্ঞা-

হেত্বুদাহরণোপনয়নিগমনভেদাৎ। ব্যাপ্যারোপে ব্যাপকারোপস্তর্কঃ, স চৈকাদশবিধঃ, ব্যাঘাতাত্মাশ্রয়েতরেতরাশ্রয়-চক্রকাশ্রয়ানবস্থা-প্রতিবন্ধিকল্পনা লাঘবকল্পনাগৌরবোৎসর্গাপবাদবৈজাত্যভেদাৎ। যথার্থানুভবপর্য্যায়া প্রমিতিনির্ণয়ঃ, স চতুর্বিধঃ, সাক্ষাৎকৃত্যনুমিত্যুপমিতিশাব্দীভেদাৎ। তত্ত্বনির্ণয়ফলঃ কথাবিশেষো বাদঃ। উভয়সাধনবতী বিজিগীষুকথা জল্পঃ। স্বপক্ষস্থাপনাহীনঃ কথাবিশেষো বিতণ্ডা। কথা নাম বাদিপ্রতিবাদিনোঃ পক্ষপ্রতিপক্ষপরিগ্রহঃ। অসাধকো হেতুত্বেনাভিমতো হেত্বাভাসঃ, স পঞ্চবিধঃ, সব্যভিচারবিরুদ্ধপ্রকরণসমসাধ্যসমাতীতকালভেদাৎ। শব্দাবৃত্তিব্যত্যয়েন প্রতিষেধহেতুশ্ছলং, তৎ ত্রিবিধম্, অভিধানতাৎপর্য্যোপচারব্যত্যয়বৃত্তিভেদাৎ। স্বব্যাঘাতকমুত্তরং জাতিঃ, সা চতুর্বিংশতিবিধা, সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যাৎকর্ষাপকর্ষবর্ণ্যাবর্ণ্যবিকল্পসাধ্যপ্রাপ্ত্যপ্রাপ্তিপ্রসঙ্গপ্রতিদৃষ্টান্তানুৎপত্তিসংশয়প্রকরণাহেত্বর্থাপত্তিবিশেষাপত্ত্যুপলব্ধ্যনুপলব্ধিনিত্যানিত্যকার্য্যসমভেদাৎ। পরাজয়নিমিত্তং নিগ্রহস্থানং, তৎ দ্বাবিংশতিপ্রকারং, প্রতিজ্ঞাহানিপ্রতিজ্ঞান্তরপ্রতিজ্ঞাবিরোধপ্রতিজ্ঞাসন্ন্যাসহেত্বন্তরার্থান্তরনিরর্থকাবিজ্ঞাতার্থাপার্থকাপ্রাপ্তকালন্যূনাধিকপুনরুক্তানন্থভাষণাজ্ঞানাপ্রতিভাবিক্ষেপ-মতানুজ্ঞাপর্য্যনুযোজ্যোপেক্ষণ-নিরনুযোজ্যানুযোগাপসিদ্ধান্তহেত্বাভাসভেদাৎ। নমু তত্ত্বজ্ঞানাৎ নিশ্রেয়সং ভবতীত্যুক্তম্। তত্র কিং তত্ত্বজ্ঞানানন্তরমেব নিশ্রেয়সং সম্পদ্যতে? নেত্যুচ্যতে। কিন্তু তত্ত্বজ্ঞানাৎ দুঃখজন্মপ্রবৃত্তিদোষমিথ্যাজ্ঞানানামুত্তরোত্তরাপায়ে তদনন্তরাভাব ইতি। তত্র মিথ্যাজ্ঞানং নামানাত্মনি দেহাদাবাত্মবুদ্ধিঃ তদনুকূলেষু রাগঃ তৎপ্রতিকূলেষু দ্বেষঃ। বস্তুতস্তু আত্মনঃ প্রতিকূলমনুকূলং বা ন কিঞ্চিৎ সমস্তি পরস্পরানুবন্ধত্বাচ্চ রাগাদীনাং মূঢ়ো রজ্যতি রক্তো মুহ্যতি মূঢ়ঃ কুপ্যতি কুপিতো মুহ্যতীতি। ততস্তৈর্দোষৈঃ প্রেরিতঃ প্রাণী প্রতিষিদ্ধানি হিংসাদীন্যাচরতি, সেয়ং পাপরূপা প্রবৃত্তিরধর্ম্মমাবহতীতি। যানি চ প্রশস্তান্যাচরতি, সেয়ং পুণ্যরূপা প্রবৃত্তির্ধর্ম্মমাবহতীতি। ততঃ তদুভয়ানুরূপং প্রশস্তং নিন্দিতং বা জন্ম। পুনঃ শরীরাদেঃ প্রাদুর্ভাবঃ। তস্মিন্ সতি প্রতিকূলবেদনীয়তয়া বাসনাত্মকং দুঃখং ভবতি। ত ইমে মিথ্যাজ্ঞানাদয়ো দুঃখান্তা অবিচ্ছেদেন প্রবর্ত্তমানাঃ সংসারশব্দার্থো ঘটীচক্রবৎ নিরবধিরনুবর্ত্ততে। যদা কশ্চিৎ পুরুষধৌরেয়ঃ পুরাকৃতসুকৃতপরিপাকবশাদাচার্য্যোপদেশেন সর্ব্বমিদং দুঃখায়তনং দুঃখানুষক্তঞ্চ পশ্যতি তদা তৎ সর্ব্বং হেয়ত্বেন বুধ্যতে। ততস্তন্নিবর্ত্তকমবিদ্যাদি নিবর্ত্তয়িতুমিচ্ছতি। তন্নিবৃত্ত্যুপায়শ্চ তত্ত্বজ্ঞানমিতি। তত্ত্বজ্ঞানাৎ মিথ্যাজ্ঞানমপৈতি। মিথ্যাজ্ঞানাপায়ে দোষা অপযান্তি। দোষাপায়ে প্রবৃত্তিরপৈতি। প্রবৃত্ত্যপায়ে জন্মাপৈতি। জন্মাপায়ে দুঃখমত্যন্তং নিবর্ত্ততে। সাত্যন্তিকী নিবৃত্তিরপবর্গঃ। নিবৃত্তেরাত্যন্তিকত্বং নাম নিবর্ত্ত্যসজাতীয়স্য পুনস্তত্রানুৎপাদ ইতি।"

ন্যায়দর্শনের মতে পদার্থ ষোড়শবিধ; প্রমাণ, প্রমেয়, সংশয়, প্রয়োজন, দৃষ্টান্ত, সিদ্ধান্ত, অবয়ব, তর্ক, নির্ণয়, বাদ, জল্প, বিতণ্ডা হেত্বাভাস, ছল, জাতি ও নিগ্রহস্থান। যদ্দ্বারা যথার্থরূপে বস্তু সকল নির্ণয় করা যায়, তাহার নাম প্রমাণ। প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ ভেদে প্রমাণ চতুর্ব্বিধ। ঐ চারিটি প্রমাণ দ্বারা যথাক্রমে প্রত্যক্ষ,

অনুমিতি, উপমিতি ও শাব্দবোধ, এই চারিটি প্রমিতি জন্মে। নয়নাদি ইন্দ্রিয় দ্বারা যে জ্ঞান জন্মে, তাহারই নাম প্রত্যক্ষ প্রমিতি। প্রত্যক্ষ প্রমিতি ছয় প্রকার; ঘ্রাণজ, রাসন, চাক্ষুষ, ত্বাচ, শ্রাবণ ও মানস। গন্ধ ও তদ্গত সুরভিত্ব প্রভৃতি জাতির ঘ্রাণজ প্রত্যক্ষ হয়। মধুরাদি রস ও তদ্গত জাতির রাসন প্রত্যক্ষ হয়। নীলপীতাদি রূপ ও তদ্গত জাতির, রূপবিশিষ্ট দ্রব্যের, ক্রিয়ার এবং যোগ্যবৃত্তি সমবায়াদির চাক্ষুষ প্রত্যক্ষ হয়। উদ্ভূত স্পর্শ ও তদ্বিশিষ্ট দ্রব্যাদির ত্বাচ প্রত্যক্ষ হয়। শব্দ ও তদ্গত জাতির শ্রাবণ প্রত্যক্ষ হয়। এবং সুখদুঃখাদি আত্মবৃত্তি গুণের, আত্মার ও সুখত্বাদি জাতির মানস প্রত্যক্ষ হয়। ব্যাপ্য পদার্থ দর্শনে ব্যাপক পদার্থের যে জ্ঞান, তাহারই নাম অনুমিতি। যাহা থাকিলে, যাহার অভাব থাকে না, তাহাকে তাহার ব্যাপ্য বলে, এবং যাহা না থাকিলে, যাহা থাকে না, তাহাকে তাহার ব্যাপক বলে। ধূম থাকিলে, বহ্নির অভাব থাকে না, অতএব ধূম বহ্নির ব্যাপ্য, এবং বহ্নি না থাকিলে, ধূম থাকে না, অতএব বহ্নি ধূমের ব্যাপক। এই নিমিত্তই লোকে ব্যাপ্য পদার্থ দর্শন করিয়া ব্যাপক পদার্থের অনুমান করিয়া থাকেন। অনুমান তিন প্রকার; পূর্ব্ববৎ, শেষবৎ ও সামান্যতঃ দৃষ্ট অনুমান। কারণ দর্শনে কার্য্যের অনুমান পূর্ব্ববৎ অর্থাৎ কারণলিঙ্গক অনুমান। কার্য্য দর্শনে কারণের অনুমান শেষবৎ অর্থাৎ কার্য্যলিঙ্গক অনুমান। আর কার্য্য ও কারণ ভিন্ন কেবল ব্যাপ্য বস্তুর দর্শনে যে ব্যাপক বস্তুর অনুমান করা হয়, তাহাই সামান্যতঃ দৃষ্ট অনুমান। কোন কোন শব্দের কোন কোন অর্থে শক্তিপরিচ্ছেদের নাম উপমিতি। যে ব্যক্তি পূর্ব্বে গবয় জন্তু দর্শন করে নাই, কিন্তু শুনিয়াছে, 'গোসদৃশ গবয়পদবাচ্য,' অর্থাৎ যাহার আকৃতি অবিকল গোর আকৃতির তুল্য, গবয়শব্দে তাহাকেই বুঝায়, সেই ব্যক্তি তৎকালে এই মাত্র জানে যে, যে জন্তু গোসদৃশ হইবে, গবয় শব্দে তাহাকেই বুঝাইবে, গবয় শব্দে গবয় জন্তুকে বুঝায়, ইহা জানে না। কিন্তু যখন সেই ব্যক্তির নয়নপথে গবয় জন্তু পতিত হয়, তখন সেই ব্যক্তি ঐ গবয়ের আকৃতি গোর আকৃতির তুল্য দেখিয়া এবং পূর্ব্বশ্রুত 'গোসদৃশ গবয়পদবাচ্য' এই বাক্য স্মরণ করিয়া বিবেচনা করে, যদি গোসদৃশ জন্তুকে গবয়শব্দে বুঝায়, তবে যখন এই জন্তুটি গোসদৃশ দেখিতেছি, তখন এই জন্তুই গবয়পদবাচ্য হইবে, সন্দেহ নাই। এস্থলে 'এই জন্তুই গবয়পদবাচ্য হইবে' এইরূপ গবয়শব্দের শক্তিপরিচ্ছেদকে উপমিতি বলে। শব্দ দ্বারা যে বোধ হয়, তাহার নাম শাব্দবোধ। শাব্দবোধ দ্বিবিধ; দৃষ্টার্থক ও অদৃষ্টার্থক। যে শব্দের অর্থ প্রত্যক্ষসিদ্ধ, তাহারই নাম দৃষ্টার্থক শব্দ, এবং যে শব্দের অর্থ অদৃশ্য, তাহাকে অদৃষ্টার্থক শব্দ বলে। প্রমেয় পদার্থ আত্মা, শরীর, ইন্দ্রিয়, অর্থ, বুদ্ধি, মন, প্রবৃত্তি, দোষ, প্রেত্যভাব, ফল, দুঃখ ও অপবর্গ ভেদে দ্বাদশপ্রকার। অনবধারণাত্মক জ্ঞানের নাম সংশয়। সংশয় প্রধানতঃ ত্রিবিধ; সাধারণধর্ম্মদর্শনোত্থ সংশয়, অসাধারণধর্ম্মদর্শনোত্থ সংশয় এবং বিপ্রতিপত্তিবাক্যশ্রবণোত্থ সংশয়। যে উদ্দেশ্যে লোকের প্রবৃত্তি হয়, সেই উদ্দেশ্যের নামই প্রয়োজন। ঐ প্রয়োজন মুখ্য ও গৌণ ভেদে

দুইপ্রকার। প্রকৃত বিষয়ের দৃঢ়তা সম্পাদনার্থ যে প্রসিদ্ধ স্থলের উপন্যাস করা হয়, সেই স্থলকে দৃষ্টান্ত বলে। অনিশ্চিত বিষয়ের শাস্ত্রানুসারে নির্ণয়ের নাম সিদ্ধান্ত। বিচারাঙ্গ বাক্যবিশেষের নামই অবয়ব। অবয়ব পাঁচটি; যথা, প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন। আপত্তিবিশেষের নাম তর্ক। তর্ক আত্মাশ্রয়, অন্যোন্যাশ্রয়, চিক্রক, অনবস্থা ও প্রমাণবাধিতার্থপ্রসঙ্গ ভেদে পঞ্চবিধ। যথার্থানুভবরূপ প্রমিতির নাম নির্ণয়। পরস্পর জিগীষু না হইয়া কেবল প্রকৃত বিষয়ের তত্ত্বনির্ণয়ার্থ বাদী ও প্রতিবাদী যে বিচার করেন, তাহারই নাম বাদ। বাদী ও প্রতিবাদী পরস্পর জিজীষু হইয়া যে বিচার করেন, তাহারই নাম জল্প। স্বপক্ষস্থাপনাহীন কথাবিশেষের নাম বিতণ্ডা। প্রকৃত বিষয়ের বাস্তবিক সাধক না হইলেও আপাততঃ যাহা তদ্রূপে প্রতীত হয়, তাহাকে হেত্বাভাস বলে। হেত্বাভাস পাঁচ প্রকার; সব্যভিচার, বিরুদ্ধ, অসিদ্ধ, সৎপ্রতিপক্ষিত ও বাধিত। বক্তা যে অর্থে যে শব্দ প্রয়োগ করেন, সে শব্দের সে অর্থ গ্রহণ না করিয়া, তদ্বিপরীত অর্থ কল্পনা পূর্ব্বক মিথ্যা দোষারোপ করাকেই ছল কহে। ছল বাক্‌ছল, সামান্যছল ও উপচারছল ভেদে তিন প্রকার। বাদী কর্ত্তৃক সংস্থাপিত মতের দূষণে অসমর্থ বা নিজ মতের হানিজনক উত্তরের নাম জাতি। জাতি চতুর্ব্বিংশতিবিধ; সাধর্ম্ম্যসম, বৈধর্ম্ম্যসম, উৎকর্ষসম, অপকর্ষসম, বর্ণ্যসম, অবর্ণ্যসম, বিকল্পসম, সাধ্যসম, প্রাপ্তিসম, অপ্রাপ্তিসম, প্রসঙ্গসম, প্রতিদৃষ্টান্তসম, অনুৎপত্তিসম, সংশয়সম, প্রকরণসম, অহেতুসম, অর্থাপত্তিসম, অবিশেষসম, উপপত্তিসম, উপলব্ধিসম, অনুপলব্ধিসম, নিত্যসম, অনিত্যসম ও কার্য্যসম। প্রতিজ্ঞাত বিষয়ে প্রতিবাদী দোষ প্রদান করিলে, সেই দোষের উদ্ধারে অসমর্থ হইয়া প্রতিজ্ঞাত বিষয়ের পরিত্যাগাদিরূপ যে পরাজয়কারণ, তাহারই নাম নিগ্রহস্থান। উহা দ্বাবিংশতিবিধ; প্রতিজ্ঞাহানি, প্রতিজ্ঞান্তর, প্রতিজ্ঞাবিরোধ, প্রতিজ্ঞাসন্ন্যাস, হেত্বন্তর, অর্থান্তর, নিরর্থক, অবিজ্ঞাতার্থ, অপার্থক, অপ্রাপ্তকাল, ন্যূন, অধিক, পুনরুক্ত, অননুভাষণ, অজ্ঞান, অপ্রতিভা, বিক্ষেপ, মতানুজ্ঞা, পর্য্যনুযোজ্যোপেক্ষণ, নিরনুযোজ্যানুযোগ, অপসিদ্ধান্ত ও হেত্বাভাস। এই যোড়শ পদার্থের তত্ত্ব জ্ঞাত হইলে, আত্মতত্ত্বজ্ঞান জন্মে, অর্থাৎ আত্মা যে শরীরাদি হইতে পৃথক্, তাহা অবগত হওয়া যায়। তদনন্তর পরমেশ্বরের শ্রবণ, মনন ও নিদিধ্যাসন করিতে করিতে শরীরাদিতে আত্মত্ববুদ্ধিরূপ মিথ্যাজ্ঞান আর জন্মে না। এইরূপে রাগ ও দ্বেষের কারণস্বরূপ ঐ মিথ্যাজ্ঞান নিবৃত্ত হইলে, আর রাগ ও দ্বেষ উৎপন্ন হয় না, এবং রাগ ও দ্বেষের নিবৃত্তিতে উহাদিগের কার্য্যস্বরূপ ধর্ম্মপ্রবৃত্তি বা অধর্ম্মপ্রবৃত্তিরও পুনরুৎপত্তি ঘটে না। প্রবৃত্তির অপায়ে জন্মেরও অপায় হয়। জন্ম না হইলে সুখদুঃখাদিও হয় না। ঐ দুঃখনিবৃত্তিই মুক্তি। জীবাত্মাতিরিক্ত পরমেশ্বরের অস্তিত্বে শব্দ ও অনুমানই প্রমাণ। কার্য্যমাত্রেরই কর্ত্তা আছে। পৃথিবী প্রভৃতি কার্য্যের কর্ত্তৃত্ব আমাদিগের সম্ভব হয় না। অতএব ঐ সকলের কর্ত্তা অবশ্য অসাধারণশক্তিসম্পন্ন এক জন পুরুষ আছেন। সেই পুরুষই পরমেশ্বর। পরমেশ্বরের ভোগসাধন শরীর, সুখ,

বেদোক্তৈঃ শুভকর্ম্মভির্দুঃখহানিঃ সুখলাভশ্চেতি জৈমিনিঃ ॥ ৯ ॥

সর্ব্বে হ্যেতে উপায়াস্তয়োরাত্যন্তিকয়োঃ সিদ্ধয়ে নাঙ্গীকার্য্যাঃ পরমাচার্য্যেণ ভগবতা শ্রীবাদরায়ণেন তত্তন্মতানাং নিরাকৃতত্বাৎ ॥ ১০ ॥

কিন্তু সর্ব্বেশ্বরাভিখ্যস্য পুরুষোত্তমস্য স্বরূপতো গুণতশ্চ পরিজ্ঞানং স্বজ্ঞানপূর্ব্বকং তস্মৈ কল্প্যতে। তথাহি জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ

অথ জৈমিনিমতং দর্শয়তি বেদোক্তৈরিতি। ঈশ্বরার্চ্চনরূপৈঃ বৈদিকৈঃ কর্ম্মভিঃ পুণ্যাদৃষ্টৈঃ দুঃখহানিঃ দুরদৃষ্টক্ষতিঃ সুখস্য স্বর্গস্য মোক্ষস্য চ প্রাপ্তিরিত্যর্থঃ। মোক্ষসাধনভূতায়া বিদ্যায়া অনুক্তত্বাদেব জৈমিনের্ন্যূনতা জ্ঞেয়া। অস্যাং পঞ্চমত্যাং বিশেষাস্তু তত্তদ্গ্রন্থেষু দ্রষ্টব্যা গ্রন্থগৌরবভয়ান্ন লিখিতাঃ। এতেষাং নিরাসেনৈব চার্ব্বাকাদ্যাঃ সৌগতাদ্যাশ্চ নিরস্তা বেদিতব্যাঃ। অতোঽস্মাভির্নাতিবিতায়তে ॥ ৯ ॥

এতাং পঞ্চমতীং ত্যক্তুমাহ। সর্ব্বে হীতি। হি নিশ্চয়ে। তয়োঃ সুখদুঃখপ্রাপ্তিপরিহারয়োঃ। আত্যন্তিকয়োরিতি। আপ্তস্য সুখস্যানিবৃত্তিরাত্যন্তিকী প্রাপ্তিঃ। নিবৃত্তস্য দুঃখস্য পুনরনুৎপত্তিরাত্যন্তিকঃ পরিহারঃ। নিরাকৃতেতি। নিরাকরণপ্রকারঃ পূর্ব্বমেব দর্শিতোঽস্মাভিঃ ॥ ১০ ॥

বাদরায়ণমতং দর্শয়তি কিন্ত্বিতি। কিন্তু কামবিতর্কয়োরিতি শ্রীধরঃ। বক্ষ্যমাণোঽর্থো বাঞ্ছিত ইত্যর্থঃ। তস্মৈ তয়োরাত্যন্তিকয়োঃ সিদ্ধয়ে। সর্ব্বেশ্বরস্য জ্ঞানং মোচক

বেদোক্ত শুভকর্ম্ম দ্বারা শুভাদৃষ্ট জন্মে। উহা দ্বারাই দুঃখহানি ও সুখলাভ রূপ মুক্তি ঘটে। মীমাংসাদর্শনকর্ত্তা জৈমিনির এই মত ॥ ৯ ॥

এই যে পঞ্চ দর্শনে পঞ্চ ঋষি দুঃখহানির ও সুখলাভের সম্বন্ধে পঞ্চবিধ উপায় কীর্ত্তন করিয়াছেন, উহাদের কোনটিকেই তৎপক্ষে অঙ্গীকার করা যাইতে পারে না; কারণ, পরমাচার্য্য ভগবান বেদব্যাস স্বতঃসিদ্ধ প্রমাণ অপৌরুষেয় বেদবাক্য দ্বারা ঐ সকল মতের নিরাকরণ পূর্ব্বক নিজমতে অন্যরূপ উপায় নির্দ্দেশ করিয়াছেন ॥ ১০ ॥

দুঃখ ও দ্বেষাদি কিছুই নাই। তাঁহাতে কেবল নিত্য জ্ঞান, ইচ্ছা ও যত্ন প্রভৃতি কএকটি গুণ আছে। জীবাত্মা নানা। এক একটি শরীরে এক একটি জীবাত্মা আছেন। দর্শনাদি ইন্দ্রিয়কে ঐ আত্মা বলা যায় না; কারণ, তাহা হইলে, 'আমি নয়ন,' ইত্যাদি ব্যবহার হইত এবং নয়নাদির বিনাশে আত্মারও বিনাশ হইত। আরও নয়নাদির উপঘাতে পূর্ব্বদৃষ্ট বস্তুর স্মরণ অসম্ভব হইত। শরীরকে আত্মা বলিলে, অনেক দোষ ঘটে। পূর্ব্বসংস্কারের অভাব বশতঃ সদ্যোজাত বালকের স্তনপানপ্রবৃত্তি প্রভৃতি বিষয় সকলের কারণনির্দ্দেশ অসম্ভব হইয়া উঠে। ইহাই ন্যায়দর্শনের মত। এই মতের নিরসনপ্রকার বৈশেষিক দর্শনের অনুরূপ।

ক্ষীণৈঃ ক্লেশৈর্জন্মমৃত্যুপ্রহাণিঃ। তস্যাভিধ্যানাৎ তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্য্যং কেবলমাপ্তকামঃ। যদাত্মতত্ত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহ যুক্তঃ প্রপশ্যেৎ। অজং ধ্রুবং সর্ব্বতত্ত্বৈর্বিশুদ্ধং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ॥ ইত্যাদি শ্রবণাৎ॥ ১১॥

ইত্যুদাহরতি জ্ঞাত্বেতি। দেবং সর্ব্বাধ্যক্ষং সর্ব্বেশ্বরং হরিং বেদাজ্জ্ঞাত্বা স্থিতস্য মুমুক্ষোঃ সর্ব্বেষাং দেহদৈহিকমমতাপাশানাং হানিশ্ছেদো ভবতি। তৎপাশহেতুকৈঃ ক্লেশৈঃ ক্ষীণৈর্বিশিষ্টস্য তস্য প্রারব্ধভোগপূর্ত্তেঃ পুনঃ পুনর্জায়মানস্য জন্মমৃত্যুপ্রহাণির্ভবতি বিড়ালীদন্তস্পর্শেন তদর্ভকস্যেব জন্মাদিভ্যাং তস্য ক্লেশো ন ভবতীত্যর্থঃ। অথোত্তরোত্তরম্ এতস্য দেবস্যাভিধ্যানাৎ লিঙ্গদেহস্য ভেদে প্রধ্বংসে সতি চান্দ্রব্রাহ্মাপেক্ষয়া তৃতীয়ং ভাগবতং পদং স দেবজ্ঞো বিন্দতীতিশেষঃ। তৃতীয়ং তৎ কীদৃক্? বিশ্বৈশ্বর্য্যমনন্তনিত্যদিব্যবিভূতিকম্। কেবলং প্রকৃতিগন্ধেনাপ্যস্পৃষ্টম্। ততঃ স দেবজ্ঞঃ আপ্তকামো ভবতি। সর্ব্বেশ্বরজ্ঞানং জীবজ্ঞানপূর্ব্বকং মোচকমিত্যুদাহরতি। যদেতি। দীপোপমেনাত্মতত্ত্বেন স্বজ্ঞানেন যুক্তো মুমুক্ষুর্যদা ব্রহ্মতত্ত্বং প্রপশ্যেৎ বিচিন্তয়েৎ, তদা দেবং জ্ঞাত্বা সর্ব্বপাশৈর্মুচ্যতে ইত্যন্বয়ঃ। দেবং কীদৃশম্? অজং জন্মাদিবিকারশূন্যম্। ধ্রুবমচলম্। পূর্ণং সর্ব্বতত্ত্বৈঃ প্রধানাদ্যৈর্বিশিষ্টম্। বিশুদ্ধং দৈত্যৈরস্পৃষ্টম্॥ ১১॥

তাঁহার মতে সর্ব্বেশ্বরাখ্য পুরুষোত্তমের স্বরূপের ও গুণের স্বজ্ঞানপূর্ব্বক পরিজ্ঞান হইলেই আত্যন্তিকী দুঃখনিবৃত্তি ও সুখপ্রাপ্তি সিদ্ধ হইয়া থাকে; অর্থাৎ দুঃখের আত্যন্তিক পরিহার ও সুখের আত্যন্তিক লাভের একমাত্র উপায়, প্রথমতঃ আত্মজ্ঞানলাভ, পরে পরমাত্মজ্ঞানলাভ। আত্মাকে জানিলেই পরমাত্মাকে জানা যায় এবং পরমাত্মাকে জানিলেই সকল দুঃখের অবসানে নিত্যানন্দ লাভ হইয়া থাকে। তদ্বিষয়ে বক্ষ্যমাণ শ্রুতিবাক্য সকলও পোষকতা করে। যথা—"যিনি সদ্‌গুরুর নিকটে শাস্ত্র হইতে আত্মতত্ত্ব অবগত হয়েন, তাঁহার দেহদৈহিক মমতাপাশের হানি এবং তন্নাশে তজ্জন্য ক্লেশ সকল সমূলে ক্ষয় প্রাপ্ত হয়, অতঃপর জন্মমৃত্যুরও অবসান হয়। অনন্তর উত্তরোত্তর শ্রীভগবানের ধ্যান দ্বারা লিঙ্গশরীরের বিনাশ হইলে, চান্দ্রপদ ও ব্রাহ্মপদের অপেক্ষায় তৃতীয় শুদ্ধসত্ত্বময় অপ্রাকৃত ভাগবতপদ লাভে অভিলাষ পূর্ণ হইয়া থাকে।" "আত্মতত্ত্বজ্ঞান পরমাত্মদর্শনের দীপস্বরূপ। তদ্দ্বারা পরমাত্মসাক্ষাৎকার সিদ্ধ হইলে, জন্মাদিবিকারশূন্যত্ব পূর্ণত্ব সর্ব্বতত্ত্বসম্পন্নত্ব ও বিশুদ্ধত্ব প্রভৃতি ধর্ম্মবিশিষ্টরূপে হৃদয়ে পরমাত্মার স্ফূর্ত্তি হয়। তখন আর কোন দুঃখশোকাদি থাকিতে পারে না। অতএব জ্ঞানী ব্যক্তি সর্ব্ববিধ বন্ধন হইতে বিমুক্তি লাভ করেন"॥ ১১॥

নন্থ কিং তস্য পুরুষোত্তমস্য স্বরূপম্? কে তস্য গুণাঃ? কীদৃশা-শ্চৈতে? যদ্বিজ্ঞানাৎ বিমুক্তিরিতি চেৎ, উচ্যতে। বিজ্ঞানানন্দস্তস্য স্বরূপম্। বিজ্ঞানমানন্দং ব্রহ্ম রাতির্দাতুঃ পরায়ণম্। আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ। রসো বৈ সঃ। ইত্যাদিশ্রবণাৎ। তদেব বিগ্রহরূপমিতি মন্তব্যম্। ন তু স্বরূপাৎ বিগ্রহস্যাতিরেকঃ। যদাত্মকো ভগবান্, তদাত্মিকা ব্যক্তিঃ। কিমাত্মকো ভগবান্? জ্ঞানাত্মকঃ ঐশ্বর্য্যাত্মকঃ শক্ত্যাত্মকশ্চেতি। বুদ্ধিমনোঽঙ্গপ্রত্যঙ্গবত্তাং ভগবতো লক্ষয়ামহে, বুদ্ধিমান্ মনোবানঙ্গপ্রত্যঙ্গবানিতীতি, তমেকং গোবিন্দং সচ্চিদানন্দ-বিগ্রহমিতি, অর্দ্ধমাত্রাত্মকো রামো ব্রহ্মানন্দৈকবিগ্রহ ইতি চৈবমাদি-শ্রবণাৎ। বেদান্তে প্রথিতং তেজ ইত্যাদিস্মৃতেশ্চ। ইত্থঞ্চ সত্যমেব জড়ং ভগবদ্বপুরিতি, জ্ঞানমেবাচেতনং তদিতি চ প্রত্যুক্তম্। তদেবং ভগবদ্বিগ্রহস্যৈব ব্রহ্মত্বাৎ তস্য বৈষ্ণবাদিবাক্যাদ্‌যদন্যথা প্রত্যয়নং তত্তু আসুরান্ প্রতি মায়য়ৈব। রাজন্ পরস্য তনুভৃজ্জননাপ্যয়েহা মায়া-বিড়ম্বনমবেহি যথা নটস্যেত্যাদিকাদেকাদশাদিবাক্যাদেব ॥ ১২ ॥

সর্ব্বেশ্বরতত্ত্বং পৃচ্ছতি নন্থ কিমিতি। প্রশ্নাবধারণানুজ্ঞানুনয়ামন্ত্রণে নন্বিত্যমরঃ। উত্তরয়তি উচ্যতে ইত্যাদিনা। রাতিরিতি। দাতুর্যজমানস্য রাতিঃ ফলার্পকমিত্যর্থঃ। যদাত্মক ইতি। শ্রুতিঃ স্বয়ং বিমৃশতি ভগবান্ যদাত্মকস্তস্য ব্যক্তির্মূর্ত্তিস্তদাত্মিকা, যো ভগবান্ সা মূর্ত্তিরিতি নাস্ত্যত্র স্বগতভেদোঽপি। নেহ নানাস্তি কিঞ্চন, স্বগতভেদবিবর্জ্জিতাত্মা, ইত্যাদিবাক্যেভ্যঃ। বিশেষবলাৎ তু ভেদব্যবহারেণ ভাব্যমিতিভাবঃ। অত্র শ্রুতিঃ পৃচ্ছতি কিমাত্মক ইতি। স্বয়মুত্তরয়তি জ্ঞানাত্মক ইত্যাদিনা। জ্ঞানাত্মকশ্চিদেকধাতুঃ। কিং নির্ব্বিশেষা চিৎ, তত্রাহ, ঐশ্বর্য্যেতি। স্বানুবন্ধিষড়ৈশ্বর্য্য ইত্যর্থঃ। ষট্সু ভাগেষু ঐশ্বর্য্যশব্দপ্রয়োগাৎ। ঐশ্বর্য্যাণি চৈতানি তত্র কুতস্তত্রাহ, শক্ত্যাত্মকশ্চেতি।

এক্ষণে প্রশ্ন উত্থিত হইতেছে যে, পুরুষোত্তমের যে স্বরূপের ও যে গুণাদির বিজ্ঞানে মুক্তিলাভ হইবে, সেই স্বরূপ কি, সেই গুণই বা কি কি, এবং উহারা কিপ্রকার?—উহার উত্তর এই—বিজ্ঞানানন্দই শ্রীপুরুষোত্তমের স্বরূপ; অর্থাৎ তিনি বিজ্ঞানস্বরূপ ও আনন্দস্বরূপ। নিত্য বিজ্ঞান ও নিত্য আনন্দ বলিলে, যাহা বুঝায়, তাহাই তিনি। "বিজ্ঞানস্বরূপ ও আনন্দস্বরূপ ব্রহ্মই যজমান সম্বন্ধে কর্ম্মফল প্রদান করেন।" "ব্রহ্মবস্তুকে আনন্দস্বরূপ বলিয়াই জানিবেন।" "তিনি রসস্বরূপ।" ইত্যাদি বেদবাক্যই উহার প্রমাণ। তাঁহার ঐ স্বরূপই তাঁহার বিগ্রহ, অর্থাৎ তিনি যেমন জ্ঞানানন্দস্বরূপ, তাঁহার

শক্তিরত্র পরাখ্যা। তস্যা এব বহ্ন্যুষ্ণতাবৎ স্বানুবন্ধিত্বাৎ। তথাচ জ্ঞানৈশ্বর্য্যপরাত্মক-ভগবানেব মূর্ত্তিরিতি। ইতিশব্দো হেতৌ। বস্তুন এব ঐবম্বিধ্যাৎ সর্ব্বজ্ঞা বয়ং শ্রুতয়ঃ ভগবন্তমেবাচিন্ত্যস্বানুবন্ধিশক্ত্যা বুদ্ধ্যাদিমন্তং লক্ষয়ামহে পশ্যাম ইত্যর্থঃ। অভি-নয়েনাহ বুদ্ধিমানিত্যাদি। অগূঢ়ার্থমন্যৎ। হরিবংশেঽপি কৃষ্ণং প্রত্যেবমুক্তং দুর্ব্বাসসা—বেদান্তে প্রথিতং তেজস্তব চেদং বিভাব্যতে। যেন বিজ্ঞানতৃপ্তাস্তু যোগিনো বীতকল্মষাঃ। পশ্যন্তি হৃৎসরোজে হি তদেবেদং বপুঃ প্রভো। বেদৈর্যৎ কীর্ত্ত্যতে তেজো ব্রহ্মেতি প্রবিভজ্য বৈ। তদেবেদং বিজানেঽহং রূপমীশনমীশ্বরেতি। এবমাত্মবত্ত্বাদেব ভগ-বদ্বিগ্রহস্য নিত্যত্বমসন্দেহমাপাদ্য তত্র দুর্ধিয়াং শঙ্কাং নিরাকর্ত্তুমাহ তদেবমিতি। বৈষ্ণবাদীতি। বিষ্ণুপুরাণস্য পঞ্চমেঽংশে পঠ্যতে। চংক্রম্যমাণৌ তৌ রামং বৃক্ষমূলকৃতা-সনম্। দদৃশাতে মুখাচ্চাস্য নিষ্ক্রামন্তং মহোরগম্। নিষ্ক্রম্য স মুখাৎ তস্য মহানাগো ভুজঙ্গমঃ। প্রযযাবর্ণবং সিদ্ধৈস্তূয়মানো মহোরগৈঃ। গতে তস্মিন্ স ভগবান্ সংযোজ্যা-ত্মানমাত্মনি। তত্যাজ মানুষং দেহমতীত্য ত্রিবিধাং গতিম্। অর্জ্জুনোঽপি তদান্বিষ্য কৃষ্ণরামকলেবরে। সংস্কারং লম্ভয়ামাস তথান্যেষামনুক্রমাৎ। অষ্টৌ মহিষ্যঃ কথিতা রুক্মিণীপ্রমুখাস্তু যাঃ। উপগুহ্য হরের্দেহং বিবিশুস্তা হুতাশনম্। রেবতী চৈব রামস্য দেহমাশ্লিষ্য সত্তম। বিবেশ জ্বলিতং বহ্নিং তৎসঙ্গাদতিশীতলমিতি। এবমেব মৌষলেয়-পর্ব্বণি। ততঃ শরীরং রামস্য বাসুদেবস্য চোভয়োঃ। অন্বিষ্য দাহয়ামাস পুরুষৈরাপ্ত-কারিভিরিতি। অর্জ্জুন ইতি প্রকরণাদ্বোধ্যম্। শ্রীভাগবতে চৈবম্। যয়াহরদ্ভুবো ভারং তাং তনুং বিজহাবজঃ। কণ্টকং কণ্টকেনেব দ্বয়ঞ্চাপীশিতুঃ সমম্। যথা মৎসাদিরূপাণি ধত্তে জহ্যাদ্যথা নটঃ। ভূভারঃ ক্ষপিতো যেন জহৌ তচ্চ কলেবরমিতি প্রথমে। হরি-রপি তত্যাজ আকৃতিং ত্র্যধীশ ইতি তৃতীয়ে চ। পঞ্চমাংশবন্মৌষলবচ্চৈকাদশেঽপ্যস্তিমং

শরীরও তেমনি জ্ঞানানন্দস্বরূপ, জানিতে হইবে। তাঁহার স্বরূপ হইতে তাঁহার শরীর অতিরিক্ত বস্তু নহেন। ভগবানও যদাত্মক, তাঁহার মূর্ত্তিও তদাত্মিকা। শ্রুতিতেই এই বিষয়ের প্রশ্নপূর্ব্বক মীমাংসা দেখা যায়। যথা—"ভগবান কিমাত্মক?"—ভগবান জ্ঞানাত্মক, ঐশ্বর্য্যাত্মক ও শক্ত্যাত্মক। জ্ঞানাত্মক শব্দের অর্থ চিদেকধাতু, অর্থাৎ ভগবান্ চিন্ময় পদার্থ। ভগবান যদি চিন্ময় পদার্থ হইলেন, চিৎ অর্থাৎ জ্ঞানই যদি বিশেষ্য হইল, উহা যদি ভগবানের বিশেষণ অর্থাৎ ধর্ম্ম না হইল, তাহা হইলে, তিনি নির্বিশেষ অর্থাৎ বিশেষণরহিত পদার্থই হইলেন, এইরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেন; না, তিনি তদ্রূপ নহেন। তিনি জ্ঞানাত্মক হইয়াও ঐশ্বর্য্যাত্মক। তাঁহাকে ঐশ্বর্য্যাত্মক বলিবার কারণ এই, তাঁহার এমন অংশ নাই, যাহা ঐশ্বর্য্যময় নহে। তাঁহার ঐ ঐশ্বর্য্য অর্থাৎ বিভূতিও আহার্য্য নহে; উহা তাঁহার স্বরূপানুবন্ধিনী, স্বরূপের অনুরূপ। তাঁহার ঐশ্বর্য্য জড়ময় নহে; পরন্তু জ্ঞানময়। তাঁহার উক্ত জ্ঞানময় ঐশ্বর্য্যের মূল কি, তাহাই বলিতেছেন,—তিনি শক্ত্যাত্মক। তাঁহার শক্তি সকলই তাঁহার ঐশ্বর্য্য। বহ্নির

চরিতমভিহিতম্। এবং ষোড়শরাজকীয়ে রামং দাশরথিঞ্চৈব মৃতং শুশ্রুম সৃঞ্জয়েতি দাশ-রথেরপি নারদেন তদুক্তম্। এষু বাক্যেষু ভগবদ্বিগ্রহস্য বিনাশোক্তেরনিত্যত্বং প্রস্ফুটমিতি দুর্ধিয়ো বদন্তি তন্নিরাকরোতি তত্বিতি। লোকে বৈরাগ্যায় মায়য়ৈব তথা ভগবতা প্রত্যা-য়িতম্। আসুরপ্রকৃতিভিস্তদ্‌যথাবদেব গৃহীতম্। ঐন্দ্রজালিকঃ খলু স্বরূপেণ স্থিত এব স্বস্য ছেদাদিকং প্রত্যায়য়ন্ দৃষ্টঃ কিমুত মহামায়ী পরেশঃ স ইতি। কুতস্তৎ প্রত্যয়নং মায়িকমিত্যত্র হেতুমাহ রাজন্নিতি। বক্ষ্যমাণং হরের্নির্যাণং শ্রুত্বা তদেকান্তী পরীক্ষিৎ অতিখিন্নোঽভূদিতি তস্য মায়িকত্বং তাবদাহ। হে রাজন্ তনুভৃতঃ মনুষ্যস্যেব যা জন-নাপ্যয়েহা উৎপত্তিমরণরূপা চেষ্টা পরস্য ময়া বর্ণিতা তৎ নটস্য ঐন্দ্রজালিকস্য ইব মায়া-বিড়ম্বনমিত্যবেহীতি ন তৎ শ্রুত্বা ত্বয়া খিন্নেন ভাব্যমিতিভাবঃ। ইতঃ প্রাক্ চ মৌষল-চরিতমেতন্মায়িকমেবেত্যুক্তং দারুকং প্রতি ভগবতা। ত্বন্তু মদ্ধর্ম্মমাস্থায় জ্ঞাননিষ্ঠ উপে-ক্ষকঃ। মন্মায়ারচিতামেতাং বিজ্ঞায়োপশমং ব্রজেতি। আদিনা স্কান্দবাক্যঞ্চ। অসঙ্গ-শ্চাব্যয়োঽভেদ্যোঽনিগ্রাহ্যোঽশোষ্য এব চ। বিদ্ধোঽস্যগাচিতো বদ্ধ ইতি বিষ্ণুঃ প্রদৃশ্যতে। অসুরান্ মোহয়ন্ দেবঃ ক্রীড়ত্যেষ সুরেষ্বপি। মানুষান্ মধ্যয়া দৃষ্ট্যা ন মুক্তেষু কথঞ্চনেতি। অবিজ্ঞায় পরং দেহমানন্দাত্মানমব্যয়ম্। আরোপযন্তি জনিমৎ পঞ্চভূতাত্মকং জড়মিতি চ। নারায়ণীয়বাক্যঞ্চ। এতৎ ত্বয়া ন বিজ্ঞেয়ং রূপবানিতি দৃশ্যতে। ইচ্ছন্ মুহূর্ত্তান্নশ্যেয়-মীশোঽহং জগতো গুরুঃ। মায়া হ্যেষা ময়া সৃষ্টা যন্মাং পশ্যসি নারদ। সর্ব্বভূতগুণৈ-র্যুক্তং নৈবং ত্বং জ্ঞাতুমর্হসীতি। নশ্যেয়মদৃশ্যঃ স্যামিত্যর্থঃ। বারাহবাক্যঞ্চ। ন তস্য প্রাকৃতা মূর্ত্তির্মেদমজ্জাস্থিসম্ভবা। ন যোগিত্বাদীশ্বরত্বাৎ সত্যরূপোঽচ্যুতো বিভুরিতি। মহাযোগিত্বাদিচ্ছাকৃতং তস্য রূপং ন কিন্তু ঈশ্বরত্বান্নিত্যমেব তদিত্যর্থঃ। নির্যাণচরিতং মায়িকমেবেতি স্ফুটয়িতুং তত্র তত্রাপ্যন্ত এবমুক্তম্। তত্র বৈষ্ণবে। নাতিক্রান্তমলং ব্রহ্মংস্তদদ্যাপি মহোদধিঃ। নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ কেশবো যত ইতি। একা-

---

উষ্ণতার ন্যায় তাঁহার শক্তি সকল স্বরূপ হইতে অনতিরিক্ত। তিনি ও তাঁহার শক্তি একই। এতদ্দ্বারা তিনি জ্ঞানাত্মক অর্থাৎ জ্ঞানময় হইয়াও নিরবচ্ছিন্নভাবে জ্ঞানশক্তি-সমন্বিত জ্ঞানগুণবিশিষ্ট ইহাই বোধিত হইল। অপরাপর শ্রুতিও বলিতেছেন, "আমরা শ্রীভগবানকে স্বরূপশক্তি দ্বারা বুদ্ধিমান্ মনোবান্ ও অঙ্গপ্রত্যঙ্গবান্ দেখিতেছি।" "সেই অদ্বিতীয় পরমপুরুষ শ্রীগোবিন্দকে সচ্চিদানন্দবিগ্রহ, জানিবে।" "অর্দ্ধমাত্রাত্মক শ্রীরাম-চন্দ্র জ্ঞানানন্দমূর্ত্তি।" স্মৃতিতেও উক্ত হইয়াছে যে, "বেদান্তে যে তেজোময় ব্রহ্ম উক্ত হইয়াছেন, সেই তেজোময় ব্রহ্মই তাঁহার মূর্ত্তি।" এই সকল প্রমাণ দ্বারা, সত্যভূত ভগব-দ্বিগ্রহের জড়ত্ব, এবং জ্ঞানপরিণামবাদী মীমাংসককর্ত্তৃক সিদ্ধান্তিত জ্ঞানরূপত্ব থাকিলেও অচেতনত্ব, এই দুইটি পক্ষ নিরাকৃত হইল। যেহেতু ঐ সকল প্রমাণ হইতে স্পষ্টই প্রতীত হইতেছে যে, ভগবদ্বিগ্রহ জড় নহে, এবং উহার পরিণাম অর্থাৎ বিকার নাই। এইরূপে ভগবদ্বিগ্রহ যদি ব্রহ্মস্বরূপই হইল, উহা যদি তাঁহার স্বরূপ হইতে অনতিরিক্ত হইল, তবে শ্রীবিষ্ণুপুরাণাদিতে যে ঐ বিগ্রহের অন্যরূপ প্রতীতির কথা লিখিত হইয়াছে,

জ্ঞানানন্দবিগ্রহতা তু তস্য শ্রুতিমাত্রেণ গম্যা ন তু তর্কৈরচিন্ত্যা-লৌকিকবস্তুত্বাৎ। তদিদমভিহিতং ভগবতা সূত্রকারেণ—অরূপবদেতৎ-প্রধানত্বাৎ। প্রকাশবচ্চাবৈয়র্থ্যম্। আহ চ তন্মাত্রম্। দর্শয়তি চাথো অপি স্মর্য্যতে। ইত্যস্মিন্নধিকরণে, তথৈব ভাষিতঞ্চ॥ ১৩॥

দশে চ। দ্বারকাং হরিণা ত্যক্তাং সমুদ্রোঽপ্লাবয়ৎ ক্ষণাৎ। বর্জয়িত্বা মহারাজ শ্রীমদ্ভগবদালয়ম্। নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদন ইতি। রাজন্নিত্যতঃ প্রাক্ স্বতনুমদগ্ধ্বা তয়ৈব স্বধাম বিশতঃ কৃষ্ণস্য তু সৌদামিন্যা ইব গতির্দেবৈর্নালক্ষীতি তদনন্তরং গুরুপুত্রানয়নাদিকথনেন স্বতনুরক্ষণে কৈমুত্যং দর্শিতঞ্চ। উদ্ধবস্ত্বেবং স্ফুটমাখ্যৎ। আদায়ান্তরধাদ্ যস্তু স্ববিম্বং লোকলোচনমিতি তৃতীয়ে। শ্রীরঘুপতেস্তু নির্যাণে দ্বিভুজস্যৈব তস্য চতুর্ভুজত্বমবিভ্রদিত্যুক্তমুত্তরকাণ্ডে। যামিচ্ছসি মহাবীর্য্য তাং তনুং প্রবিশ স্বকাম্। পিতামহবচঃ শ্রুত্বা বিনিশ্চিত্য মতিং ততঃ। বিবেশ বৈষ্ণবং তেজঃ সশরীরঃ সহানুজ ইতি। ষোড়শরাজকীয়স্তু পুত্রশোকনিবৃত্তিফলকপ্রপঞ্চানিত্যত্বনিবেদনফলকমেব তদন্তঃ পঠিতম্। দাশরথেস্তত্বমসম্ভবাদেবান্তর্ধানপরং প্রপঞ্চত্যাগপরং বা ভাবীতি ন কিঞ্চিদবদ্যম্॥ ১২॥

নন্বু জ্ঞানানন্দয়োর্বিগ্রহত্বং যুক্তিবিরুদ্ধমিতি চেদোমিত্যাহ জ্ঞানেতি। ন তু তর্কৈরিতি তর্কধর্ম্মকৈরনুমানৈরিত্যর্থঃ। তদিদমিতি জ্ঞানানন্দবিগ্রহত্বম্। অরূপেতি। রূপং

তাহার অর্থও অবশ্য অন্যপ্রকার হইবে। অতএব ভগবান অসুরগণমোহনার্থ নিজমায়া দ্বারা স্বয়ংই তাঁহার নিত্য শ্রীবিগ্রহের ধ্বংস প্রভৃতি প্রদর্শন করাইয়াছিলেন, এই প্রকারই বুঝিতে হইতেছে। অর্জ্জুন শ্রীকৃষ্ণ ও শ্রীবলদেবের শরীর সংস্কার করিয়াছিলেন, শ্রীভগবানের অষ্ট মহিষী তাঁহার অনুমৃতা হইয়াছিলেন, শ্রীরামচন্দ্রের মৃত্যু হইয়াছিল, এগুলি প্রকৃত ঘটনা নহে, শ্রীভগবান কর্তৃক নিজ মায়া দ্বারা প্রত্যায়িত অসুরগণের মিথ্যাপ্রতীতিমাত্র। এই প্রত্যয়নের অসুরমোহন ভিন্ন আরও একটি বিশেষ ফল আছে। শ্রীরামচন্দ্রাদিরও মৃত্যু হইল দেখিয়া লোকের সংসারে বৈরাগ্য উৎপাদনই ঐ ফল। মহামায়াবী পরমেশ্বরের পক্ষে ঈদৃশ মায়াবিস্তারও বিচিত্র নহে। শ্রীমদ্ভাগবতের একাদশ-স্কন্ধে শ্রীহরির নির্য্যাণব্যাপার শ্রবণ করিয়া খিদ্যমান রাজা পরীক্ষিতকে শান্তি প্রদানের নিমিত্ত ভগবান্ শুকদেব বলিয়াছিলেন, "হে রাজন্! পরমেশ্বরেরও যে মনুষ্যের তুল্য জন্মমরণাদি দৃষ্ট হইতেছে, তাহা সত্য নহে। উহা নটের ন্যায় মায়াবিড়ম্বনই জানিবে"॥ ১২॥

ভগবানের ঐ শরীর যে জ্ঞানস্বরূপ ও আনন্দস্বরূপ, তাহা কেবল শ্রুত্যাদিশাস্ত্র হইতেই অবগত হইতে হইবে, তর্ক দ্বারা নহে। কারণ, যাহা লৌকিক, অতএব যাহা চিন্তার বিষয়ীভূত, তাদৃশ বস্তুই তর্ক দ্বারা বিদিত হইতে পারা যায়। শ্রীভগবানের,

বিগ্রহন্তদ্বিশিষ্টং ব্রহ্ম নেত্যন্নরূপবদিত্যুচ্যতে, কুতঃ, তস্যৈব রূপস্য প্রধানত্বাদাত্মনো বিভুজ্ঞত্বাদিধর্ম্মধর্ম্মিত্বাদিত্যর্থঃ। তস্মাৎ রূপাভিন্নং ব্রহ্মেতি। নহু ধ্যাতেন বিজ্ঞানানন্দেন ব্রহ্মণা জড়দুঃখরূপত্বাৎ তদ্বিরুদ্ধা প্রকৃতির্নিবর্ত্তেতৈব জ্যোতিষৈব তিমিরং, তত্র বিগ্রহত্বং ব্যর্থমিতি চেৎ, তত্রাহ, প্রকাশেতি। প্রকাশৈকরসে সূর্য্যে যথা ধ্যানহেতুত্বাৎ বিগ্রহত্বম্ অব্যর্থং তথা জ্ঞানানন্দে ব্রহ্মণীতি। এবং ভাবে প্রমাণং দর্শয়তি আহেতি। তমেব তন্মাত্রম্। মাত্রং কার্ৎস্নেহবধারণে ইত্যমরঃ। তং বিগ্রহমেব যস্মাৎ পরমাত্মনমাহ শ্রুতিঃ—সৎপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈদ্যুতাম্বরম্। দ্বিভুজং মৌনমুদ্রাঢ্যং বনমালিনমীশ্বরম্॥ ইত্যাদ্যা। ইহ পুণ্ডরীকাক্ষত্বাদিধর্ম্মা বিগ্রহ এব ঈশ্বর ইতি স্ফুটম্। দর্শয়তীতি। সাক্ষাৎ প্রকৃতিপরোহয়মাত্মা গোপাল ইতি শ্রুতিঃ সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসমূর্ত্তয় ইতি স্মৃতিশ্চ পরমাত্মানং বিগ্রহং বদতি। তস্মাৎ বিগ্রহত্বং প্রামাণিকম্। সূত্রাভ্যাং ব্যতিহারো লব্ধঃ॥ ১৩॥

শ্রীবিগ্রহ অলৌকিক বলিয়া চিন্তার অবিষয়, অতএব তাহা কখনই তর্কের গম্য হইতে পারে না। বেদান্তসূত্রকার মহর্ষি বেদব্যাস তৃতীয় অধ্যায়ের দ্বিতীয় পাদের একটি অধিকরণে এইরূপই বলিয়াছেন; যথা—"ব্রহ্ম বিগ্রহবিশিষ্ট নহেন, তিনি স্বয়ংই বিগ্রহ। যেহেতু তাঁহার ঐ রূপই প্রধান, অর্থাৎ উহা বিভুত্ব, জ্ঞাতৃত্ব ও ব্যাপকত্ব প্রভৃতি ধর্ম্মবিশিষ্ট ধর্ম্মী আত্মা। আত্মাই ব্রহ্মের বিগ্রহ। অতএব আত্মস্বরূপ ব্রহ্ম আত্মবিগ্রহ হইতে অনতিরিক্ত॥" "প্রকাশবিশিষ্ট রবির ন্যায় ব্রহ্মেরও বিগ্রহবিশিষ্টত্ব ব্যর্থ হয় না। যেরূপ প্রকাশস্বরূপ সূর্য্যের ধ্যানার্থ বিগ্রহস্বীকার সঙ্গত হয়, তদ্রূপ জ্ঞানানন্দস্বরূপ ব্রহ্মেরও ধ্যানের নিমিত্ত বিগ্রহস্বীকার যুক্তই হইতেছে। বিগ্রহ ব্যতিরেকে ধ্যানই হইতে পারে না। কারণ, বিগ্রহই ধ্যানের হেতু। বিরহিণী নিজ কান্তকে ধ্যান করে, ইত্যাদিস্থলে ধ্যান বিগ্রহবিষয়েই দৃষ্ট হইয়া থাকে।" "শ্রুতিতে বিগ্রহকেই পরমাত্মা বলিয়া থাকেন, অতএব ব্রহ্মের বিগ্রহত্ব প্রামাণ্যই হইতেছে। গোপালতাপনীতে ব্রহ্মকে সৎপুণ্ডরীকনয়ন, নবীননীরদশ্যাম, বিদ্যুদ্বসন, দ্বিভুজ, মৌনমুদ্রাযুক্ত ও বনমালাধারী ঈশ্বর বলিয়া নির্দ্দেশ করেন। এই স্থলে পুণ্ডরীকাক্ষত্বাদিধর্ম্মযুক্ত শ্রীবিগ্রহই ঈশ্বর বলিয়া স্পষ্টতঃ উক্ত হইয়াছেন। স্মৃতিতেও উক্ত আছে যে, "পরমেশ্বরে দেহদেহিভেদ নাই। ঈশ্বরের দেহ ও দেহী ঈশ্বর একই বস্তু।" "এইরূপে শ্রুতি ও স্মৃতি উভয়েই আত্মার বিগ্রহরূপত্ব প্রদর্শন করাইতেছেন। প্রকৃতির অতীত সাক্ষাৎ আত্মস্বরূপ গোপাল কিরূপে পৃথিবীতে অবতীর্ণ হইলেন? এই প্রশ্নের উত্তরে যে শ্রুতি পঠিত হয়, তাহাতে পরমাত্মাকেই বিগ্রহস্বরূপে ব্যাখ্যা করা হইয়াছে। স্মৃতিতেও তদ্রূপই বলা হইয়াছে। সূত্রদ্বয়েও বিগ্রহই আত্মা, আত্মাই বিগ্রহ, এইরূপ ব্যতিহার অর্থাৎ অভেদ প্রদর্শিত হইয়াছে। অতএব শ্রুত্যাদিপ্রমাণগম্য অবিচিন্ত্য অর্থে তর্কের অনবতার হেতু আত্মার বিগ্রহত্ব স্বীকার করাই সঙ্গত"॥ ১৩॥

পরমাত্মজিজ্ঞাসোস্তু তর্কোঽনুপাদেয় এব। নৈষা তর্কেণ মতি-রাপনেয়া প্রোক্তান্যেন সুজ্ঞানায় শ্রেষ্ঠ। অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েদিত্যাদিশ্রুতিস্মৃতিভ্যঃ। নন্থ মন্তব্য ইতি তর্কা-ভ্যুপগমঃ, সত্যং, বেদান্তার্থানুগুণোঽসৌ ন নিবার্য্যতে। পূর্ব্বোত্তরা-বিরোধেন কোঽত্রার্থোঽভিমতো ভবেৎ। ইত্যাদ্যমূহনং তর্কঃ শুষ্ক-তর্কস্তু বর্জয়েদিত্যাদিস্মৃতেঃ॥ ১৪॥

তদেবং জ্ঞানানন্দবিগ্রহানতিরেকি তস্য স্বরূপং সিদ্ধম্। গুণাশ্চ সত্যকামত্বসত্যসঙ্কল্পত্বাদয়ো জ্ঞানানন্দাদয়শ্চানন্তাস্তেঽপি স্বরূপান্নাতি-রিচ্যন্তে। এষ আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎ-সোঽপিপাসঃ সত্যকামঃ সত্যসঙ্কল্প ইতি। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্য

পরমাত্মেতি। নৈষেতি কাঠকে। শ্রেষ্ঠ নচিকেত এষা ব্রহ্মোপাসনযোগ্যা মতি-স্ত্বয়া তর্কেণ নাপনেয়া ন ঘটনীয়া অন্যেন বৈদিকেন গুরুণা প্রোক্তা উপদিষ্টা সতী সুজ্ঞা-নায় ব্রহ্মানুভবায় ভবিষ্যতি। অচিন্ত্যা ইতি ভাবতে। নন্বিতি। অসৌ তর্কঃ। পূর্ব্বোত্তরেতি কৌর্ম্মে॥ ১৪॥

বিশেষতঃ পরমাত্মজিজ্ঞাসুর সম্বন্ধে তর্ক যে উপাদেয় নহে, তাহা, " হে নচিকেত, তুমি কখনই ব্রহ্মোপাসনোপযোগিনী তোমার বুদ্ধিকে তর্কের সহিত ঘটনা করিবে'না; কারণ, সদ্গুরু কর্ত্তৃক উপদিষ্টা হইলে, তোমার ঐ মতি ব্রহ্মানুভবনিমিত্তা হইবে।" "অচিন্ত্য যে সকল বিষয়, তাহাতে তর্কের যোজনা করা বিধেয় নহে।" ইত্যাদি শ্রুতিবাক্য ও স্মৃতিবাক্য দ্বারা স্পষ্টাক্ষরেই অভিহিত হইয়াছে। "আত্মা'কে মনন করিবে" ইত্যাদি বাক্যে তর্ক স্বীকৃত হইয়াছে, সত্য, কিন্তু উহা তার্কিকের শুষ্ক তর্ক নহে। বেদান্তার্থা-নুগুণ অনুকূল তর্কের স্বীকার সম্বন্ধে শাস্ত্রের বিধান দেখা যায়। তাদৃশ তর্ক, আমরাও নিবারণ করি না। স্মৃতিতে বলিয়াছেন,—"দুইটি আপাতবিরোধি বাক্য দৃষ্ট হইলে, উহাদের কোন্‌টি অভিমত হইবে, অথবা উহাদের কিরূপ সমন্বয় করিতে হইবে, ইহার স্থিরতার নিমিত্ত তর্ক বিধেয়। শাস্ত্রে যে তর্কপরিহারের বিষয় লিখিত আছে, তাহা শুষ্ক তর্কের সম্বন্ধেই জানিতে হইবে॥ ১৪॥

এইরূপে জ্ঞানানন্দবিগ্রহ হইতে অনতিরিক্ত শ্রীভগবানের স্বরূপ সিদ্ধ হইল। অতঃপর সত্যকামত্ব, সত্যসঙ্কল্পত্ব এবং জ্ঞান ও আনন্দ প্রভৃতি অনন্ত গুণসকলও যে শ্রীভগবানের স্বরূপ হইতে অনতিরিক্ত, তাহাই প্রদর্শিত হইতেছে। শ্রুতিতে উক্ত হইয়াছে.—"আত্মা পাপরহিত, জরারহিত, মৃত্যুরহিত, শোকরহিত, বুভুক্ষারহিত,

যত্ত্বিতি। তদনুকরণরূপং লোকশিক্ষার্থমিত্যর্থঃ। তথৈব তৎপ্রকরণে অবগমাৎ। সাম্পরায়বিধির্দেহত্যাগপ্রকারঃ। তাবতৈবেতি। প্রাতীতিকেন তাদৃশানাং দেহত্যাগেন শুশ্রূষূণাং নৃণাং দেহাবেশত্যাগাদিত্যর্থঃ। প্রকরণমুপসংহরতি তস্মাদিতি। পঞ্চমস্কন্ধে ঋষভপ্রকরণং বীক্ষ্যেদং বিমৃশ্যম্‌ ।। ৬৮ ॥

ইতি সিদ্ধান্তরত্নাখ্যশ্রীগোবিন্দভাষ্যপীঠকটিপ্পন্যাং
প্রথমঃ পাঞ্চজন্যপাদো ব্যাখ্যাতঃ ॥ ১ ॥

সহায় করিয়া বনকে দগ্ধ করিয়াছিল। এতদ্দ্বারা এই প্রতীতি হইতেছে যে, কেবল দাবানল বন দাহন করে নাই, ঋষভদেবও করিয়াছিলেন। দাবানল বন দগ্ধ করিয়াছিল, ঋষভদেব বনবাসীদিগের অবিদ্যা দগ্ধ করিয়াছিলেন। ঋষভদেব পুত্রগণকে অনুশাসন করিয়া বিষ্ণুর পরমহংসধর্ম্মের অনুষ্ঠান করিয়াছিলেন, এইরূপ যে উক্তি আছে, তাহা কেবল তদ্ধর্ম্মের অনুকরণের প্রতীতি মাত্র। এবং তাঁহার দেহত্যাগপ্রকার, যাহা কথিত আছে, তাহাও তৎসেবক ব্যক্তিবর্গের দেহাসক্তি ত্যাগ করাইবার নিমিত্তই জানিতে হইবে। এই সকল বিষয় শ্রীমদ্ভাগবতের পঞ্চমস্কন্ধে দ্রষ্টব্য। অতএব হেয়াংশযোগোক্তিকে যে অজ্ঞপ্রতীতির অনুবাদ বলা হইয়াছে তাহা সঙ্গতই হইতেছে। অতএব স্বজ্ঞান পূর্ব্বক শ্রীভগবানের জ্ঞানই যে আত্যন্তিক দুঃখনিবৃত্তি ও সুখপ্রাপ্তির অনন্য সাধন, ইহা স্থির হইল ৭।। ১ ॥

ইতি ভাষ্যসারসিদ্ধান্তরত্নে বঙ্গভাষানুবাদে পুরুষার্থনির্ণয় নামক প্রথম পাদ ॥ ১ ॥

———(০)———

দ্বিতীয়ঃ পাদঃ।

অথৈশ্বর্য্যরূপা মাধুর্য্যরূপা চেতি ভগবত্তায়া দ্বৈবিধ্যাত্তদ্দ্বিধয়োর্জ্ঞানে ভক্ত্যোর্দ্বৈবিধ্যং প্রদর্শ্যতে। তত্রৈশ্বর্য্যং নরলীলামনপেক্ষ্য পারমৈশ্বর্য্যাবির্ভাবঃ। যথা পিতরৌ প্রত্যৈশ্বর্য্যং প্রদর্শ্য এতদ্বাং দর্শিতং রূপং প্রাগ্জন্মস্মরণায় মে। নান্যথা মদ্ভবং জ্ঞানং মর্ত্ত্যলিঙ্গেন জায়ত ইতি। যথাচার্জ্জুনং প্রতি পশ্য মে যোগমৈশ্বরমিতি। মাধুর্য্যন্তু পারমৈশ্বর্য্যস্য প্রকাশে চাপ্রকাশে চ নরলীলানতিক্রমঃ। যথা পূতনাপ্রাণহন্তৃত্বে স্তনচূষণরূপনরবালকচেষ্টত্বম্। যথা চাতিকঠোরশকটোৎপাতনেঽপ্যতিকোমলাঙ্ঘ্রিদল ইতি সিদ্ধত্বম্। অতিদীর্ঘদামাশক্যবন্ধেঽপি মাতৃভীতি-

---

অথ ভগবৎপ্রাপ্তৌ সাক্ষাৎ সাধনভাবেনোক্তয়োর্জ্ঞানভক্ত্যোবৈশ্বর্য্যমাধুর্য্যবিষয়তয়া দ্বৈবিধ্যং বক্তুমারভতে অথেত্যাদিনা। নানাশঙ্কাস্পাদস্য সংচূর্ণাদস্য কৌমোদকীতি সংজ্ঞা সদ্ভিরুচ্যতে। এতদ্বামিতি শ্রীদশমে ভগবদ্বাক্যমেতচ্চতুর্ভুজমৈশ্বরম্। মদ্ভবং পূর্ব্বদৃষ্টমদ্বিষয়ম্। মর্ত্ত্যলিঙ্গেন মনুষ্যসংনিবেশনরূপেণ ইতি শব্দানন্তরমুক্তমিতি শেষঃ। এবমগ্রেঽপি ॥ ১ ॥

প্রথমপাদে জ্ঞান ও ভক্তিকে ভগবৎপ্রাপ্তির সাধনস্বরূপে বলা হইয়াছে। সম্প্রতি ঐশ্বর্য্য ও মাধুর্য্যভেদে ভগবত্তার দ্বৈবিধ্য হেতু তদ্বিষয়ক জ্ঞান এবং ভক্তিরও দ্বৈবিধ্য প্রদর্শন করিতেছেন। তন্মধ্যে নরলীলার অপেক্ষা না করিয়াই যে পারমৈশ্বর্য্যের আবির্ভাব, তাহাকেই ঐশ্বর্য্য বলে। যথা, পিতা বসুদেব ও জননী দেবকীর নিকট নিজ ঐশ্বর্য্য প্রকাশ পূর্ব্বক ভগবান বলিতেছেন,—"আমি তোমাদিগের নিকট এই যে আমার ঐশ্বর রূপ প্রকাশ করিলাম, ইহা কেবল পূর্ব্ব জন্মের স্মরণার্থ, অন্যথা আমাকে মনুষ্য বলিয়াই তোমাদিগের জ্ঞান হইত। অর্জ্জুনকেও বলিয়াছিলেন,—"আমার ঐশ্বরিক রূপ দর্শন কর।" পারমৈশ্বর্য্যের প্রকাশে ও অপ্রকাশে নরলীলার অনতিক্রমকেই মাধুর্য্য বলা হয়। যথা, পূতনার প্রাণহরণ কালে স্তনচূষণরূপ নরবালকচেষ্টা; অতিশয় কোমল চরণের আঘাতে অতি কঠোর শকটের পাতন; অতিদীর্ঘ রজ্জু দ্বারা বন্ধনের অশক্য হইলেও জননীর ভয়ে

বৈক্লব্যম্ । ব্রহ্মাদিমোহনেঽপ্যতিসারজ্ঞেঽপি বৎসচারণলীলত্বম্ । পারমৈশ্বর্য্যে সত্যপি তস্যাপ্রকাশনেন দধিপয়ঃস্তেয়ব্রজস্ত্রীজনলোলুপত্বাদি ॥ ১ ॥

অথৈশ্বর্য্যজ্ঞানং পারমৈশ্বর্য্যানুসন্ধৌ সতি হৃৎকম্পহেতুনা সম্ভ্রমেণ স্বভাবশৈথিল্যকৃদ্ধর্ম্মবিশেষঃ । যথা যুবাং ন নঃ সুতৌ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরাবিতি যথা চ সখেতি মত্বা প্রসভং যদুক্তং হে কৃষ্ণ হে যাদব হে সখেতি । অজ্ঞানতা মহিমানং তবেদং ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ॥ যৎ চাবহাসার্থমসৎকৃতোঽসি বিহারশয্যাসনভোজনেষু । একোঽথবাপ্যচ্যুত তৎসমক্ষং তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেয়েতি । ইহ বাৎসল্যসখ্যাত্মকস্বভাবশৈথিল্যম্ । মাধুর্য্যজ্ঞানন্তু পারমৈশ্বর্য্যানুসন্ধানেঽপি হৃৎকম্পহেতু-

---

জ্ঞেয়মুক্ত্বা জ্ঞানমাহ । অথেতি । যুবামিতি শ্রীদশমে বসুদেববাক্যম্ । যুবাং রামকৃষ্ণৌ ভ্রাতরৌ । সখেতি শ্রীগীতাসু অর্জ্জুনবাক্যম্ । প্রসভং হঠাৎ । ক্ষাময়ে ক্ষময়ামি । ইহেতি । যুবাং ন ন ইত্যত্রাপি তু বাৎসল্যশৈথিল্যম । সখেতীত্যত্রার্জ্জুনস্য সখ্যুঃ সখ্যশৈথিল্যং । শ্রীদশমে শুকবাক্যম্ । সা শ্রীযশোদা । বন্দিত ইত্যাদিকং তত্রৈব শ্রীযশোদাং প্রতি শ্রীব্রজদেবীনাং বাক্যম্ । বৃদ্ধৈর্ব্রহ্মাদিভিঃ । ইহেতি । কৃষ্ণৈশ্বর্য্যং বিলোক্যাপি তত্র শ্রীযশোদায়া বাৎসল্যং শিথিলং নাভূদপি তু দৃঢ়মেব জাতং কান্তস্যৈশ্বর্য্যং বিজ্ঞায়াপি তাসাং তত্র কান্তভাবো ন শিথিলোঽপি তু দৃঢ় এবাসীদিত্যর্থঃ ॥ ২ ॥

কাতরতা ; অতিসারজ্ঞ গোপাললীলায় ব্রহ্মমোহনাদি । আবার কোথাও পারমৈশ্বর্য্য থাকিলেও তাহার প্রকাশ না করিয়া কেবল নরবালকের ন্যায় আচরণ ; যথা, দধিদুগ্ধাদিচৌর্য্য এবং ব্রজস্ত্রীলোলুপত্ব প্রভৃতি ॥ ১ ॥

পারমৈশ্বর্য্যের অনুসন্ধান হইলে, হৃৎকম্প হেতু একটি সাদর সম্ভ্রম উপস্থিত হয় । ঐ সম্ভ্রম দ্বারা স্বভাবের শৈথিল্যকারী যে ধর্ম্মের উদয় হইয়া থাকে, তাহাকেই ঐশ্বর্য্যজ্ঞান বলা যায় । মহাভাগ বসুদেব শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন, "তোমরা আমাদিগের পুত্র নহ, কিন্তু তোমরা প্রধানপুরুষেশ্বর ।" অর্জ্জুনও বলিয়াছিলেন, "সখা বিবেচনা করিয়া, তোমাকে হে কৃষ্ণ, হে যাদব, হে সখে, বলিয়া যে সকল সম্বোধন করিয়াছি, তাহা তোমার মহিমা না জানিয়া প্রমাদবশতঃ করিয়াছি, অতএব আমাকে ক্ষমা কর ।" এই উভয় স্থলে তাদৃশ সম্ভ্রম দ্বারা যথাক্রমে বাৎসল্য ও সখ্য স্বভাবের শৈথিল্য হইয়াছে । আর যে স্থলে পারমৈশ্বর্য্যের অনুসন্ধান হইলেও তাদৃশ সম্ভ্রমের অনুদয় বশতঃ স্বভাবের শৈথিল্য না হইয়া বরং স্থৈর্য্য হয়, তাহাকেই মাধুর্য্য জ্ঞান বলা যায় । শুকদেব বলিয়াছিলেন, "বেদ, উপনিষদ, সাংখ্যযোগ ও ভক্তগণ কর্ত্তৃক উপগীয়মানমাহাত্ম্য শ্রীহরিতেও মাতা যশোদার

সম্ভ্রমহেতুলবস্থাপ্যনুদয়াৎ স্বভাবাতিশৈর্ষ্যকৃদ্ধর্ম্মবিশেষঃ। যথা ত্রয্যা চোপনিষদ্ভিশ্চ সাংখ্যযোগৈশ্চ সাত্বতৈঃ। উপগীয়মানমাহাত্ম্যং হরিং সামন্যতাত্মজম্॥ বন্দিতস্তমুপদেবগণা যে গীতবাদ্যবলিভিঃ পরিবব্রুঃ বন্দ্যমানচরণঃ পথি বৃদ্ধৈরিত্যাদীহ পারমৈশ্বর্য্যানুসন্ধানেঽপি বাৎসল্যোজ্জ্বলাখ্যস্বভাবশৈথিল্যম্॥ ২॥

মাধুর্য্যনিষ্ঠানামৈশ্বর্য্যজ্ঞানং ত্রিবেণ্যাং সারস্বতপ্রবাহবদ্গৌণতয়াস্তি। হৃৎকম্পহেতোঃ সাদরসম্ভ্রমস্যাভাবাৎ। নচ তদ্ভাবসঙ্কোচকৃৎ প্রত্যুত তৎপোষ্যেব। মৎসুতো মৎসখো মৎপ্রিয়ো বা সর্ব্বেশ্বর ইত্যুল্লাসসম্ভবাৎ লোকেঽপি যথা স্বপুত্রস্য স্বসখস্য স্বকান্তস্য বা পৃথিবীশ্বরত্বে সতি তস্মিন্

ভগবদ্ভক্তেশ্বরা ব্রজস্থাঃ ভগবত্তত্ত্বাজ্ঞানাৎ তথাপি বহ্নিস্পর্শেন দাহ ইব বস্তুমহিম্না তেষাং মোক্ষস্তভূদিতি কেচিদজ্ঞা মন্যন্তে তন্নিরস্যন্নাহ মাধুর্য্যেতি। নন্ মাধুর্য্যনিষ্ঠানাং ব্রজস্থানাং যদোষামৈশ্বর্য্যজ্ঞানং স্বীকৃতং তর্হি তন্মাধুর্য্যভাবমপনেষ্যতীতি চেত্তত্রাহ ন চ তদিতি। তদৈশ্বর্য্যজ্ঞানম্। নন্ কৈষামৈশ্বর্য্যজ্ঞানং দৃষ্টং তত্রাহ বিস্ময় ইত্যাদি। যথা কৃষ্ণাস্যদৃষ্টবিশ্বায়া ব্রজেশ্বর্য্যা বিস্ময়ে স্বভাবসিদ্ধেদৃশমহিমাশালী পরেশোঽয়মিতি জ্ঞানমভূৎ যথা চ বরুণকৃতায়াং পূজায়াং শ্রুতায়াময়ং পরমেশ্বর ইতি ব্রজৌকসাং জ্ঞানমুদগাৎ। বিরহেতি মনসোবৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ। বাচোঽভিধায়িনী নাম্নাং কায়স্তৎপ্রহ্বণাদিষিতি। তেষামেব তদৈশ্বর্য্যবোধকং বচনম্। মৃগযুরিবেত্যাদি চ শ্রীরাধাদীনাং তাদৃশং বচনম্। বিপদি চেতি। ইন্দ্রাদিহেতুকায়াং বিপত্তৌ সর্ব্বেষাং তদৈশ্বর্য্য বাধিকা বাক্ প্রসিদ্ধেতি শ্রীদশমেদ্রষ্টব্যমেতৎ॥ ৩॥

পুত্রত্ববুদ্ধি অপগত হয় নাই।" ব্রজদেবীগণ শ্রীকৃষ্ণকে দেবাদি কর্ত্তৃক বন্দিতচরণ দর্শন করিয়াও তাঁহাকে কান্ত জ্ঞান করিতেন।" এই দুই স্থলে পারমৈশ্বর্য্যের স্ফূর্ত্তিতেও যশোদার বাৎসল্যস্বভাব এবং ব্রজদেবীগণের উজ্জ্বল স্বভাবের শৈথিল্য হয় নাই॥ ২॥

তবে মাধুর্য্যনিষ্ঠের ঐশ্বর্য্যজ্ঞান ত্রিবেণীতে সরস্বতীর প্রবাহের ন্যায় গৌণভাবেই অবস্থিত, এইরূপ বুঝিতে হইবে। কারণ, ঐ স্থলে হৃৎকম্পের হেতুভূত সাদর সম্ভ্রম অর্থাৎ গৌরব বুদ্ধির উদয়ই হয় না। আবার মাধুর্য্যনিষ্ঠের যেটুকু ঐশ্বর্য্যজ্ঞান থাকে, তাহা মাধুর্য্যভাবের সঙ্কোচ না করাইয়া বরং উহার পোষকতা করিয়া থাকে। আমার পুত্র, আমার সখা, আমার প্রিয় সর্ব্বেশ্বর, এইরূপ উল্লাসেরই উদয় হইতে দেখা যায়। তাদৃশ দৃষ্টান্ত লৌকিকেও দেখিতে পাওয়া যায়। নিজ পুত্রের সখার বা কান্তের পৃথিবীশ্বরত্ব হইলে, তাহাতে যেমন লোকের বাৎসল্যাদির পুষ্টি হয়, ঈশ্বর সম্বন্ধে ভক্তেরও সেইরূপই জানিতে হইবে। বিস্ময়ে বিরহে ও বিপদে যে ঐশ্বর্য্যজ্ঞানের উদয় হয়, তাহা পূর্ণিমাদি

বাৎসল্যাদেঃ পুষ্টির্ভবেৎ তথেতি দ্রষ্টব্যম্। বিস্ময়ে বিরহে বিপদি চ তস্যোদয়ঃ পর্ব্বণি সারস্বতস্যেব প্রবাহস্য ॥ ৩ ॥

ঐশ্বর্য্যবন্মাধুর্য্যস্যাপি ব্রহ্মধর্ম্মত্বাৎ তদ্বিষয়কমপি জ্ঞানং ব্রহ্মজ্ঞানমেব। সহস্রশীর্ষত্বাদিবৎ দ্বিভুজত্বাদেরপি ব্রহ্মধর্ম্মত্বং শ্রুতিস্মৃতিভ্যঃ সিদ্ধম্। সৎপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈদ্যুতাম্বরম্। দ্বিভুজং মৌনমুদ্রাঢ্যং বনমালিনমীশ্বরম্। যদোর্বংশং নরঃ শ্রুত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। যত্রাবতীর্ণং কৃষ্ণাখ্যং পরং ব্রহ্ম নরাকৃতি। গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গমিত্যাদিভ্যঃ। এবঞ্চোভয়জ্ঞানসত্ত্বাৎ ব্রহ্মোদ্ধবাদিবন্দ্যপদরজস্ত্বং মাধুর্য্যজ্ঞানবতাং স্মর্য্যতে ॥ ৪ ॥

নন্বৈশ্বর্য্যং ভগবতো বাস্তবমীশ্বরস্বরূপানুবন্ধিত্বাৎ মাধুর্য্যন্তু ন বাস্তবং মনুষ্যাদিবিগ্রহস্য মায়য়া দেহতচ্চেষ্টয়োর্ধারণাৎ। অত উক্তং মায়ামনুষ্যস্য বদস্ব বিদ্বন্ লীলামানুষবিগ্রহ ইত্যাদি। তস্মান্মাধুর্য্যজ্ঞানবতামবরত্বমিতি চেত্তত্রাহ ঐশ্বর্য্যবদিতি। তদ্বিষয়কং মাধুর্য্যসম্বন্ধি। সৎপুণ্ডরীকেতি শ্রীগোপালপূর্ব্বতাপন্যাম্। অত্র কৃষ্ণস্য মাধুর্য্যমীশ্বরত্বেঽপি সতি মনুষ্যসন্নিবেশবিচেষ্টয়োরুক্তেঃ প্রতীতম্। যদোরিতি শ্রীবৈষ্ণবে। গূঢ়মিতি শ্রীভাগবতে। ব্রহ্মোদ্ধবাদীতি। তদ্ভূরি ভাগ্যমিহ জন্ম কিমপ্যটব্যাং যদ্গোকুলেঽপি কতমাঙ্ঘ্রিরজোঽভিষেকম্। যজ্জীবিতন্তু নিখিলং ভগবন্মুকুন্দস্ত্বদ্যাপি যৎপদরজঃ শ্রুতিমৃগ্যমেবেতি ব্রহ্মণো বাক্যম্। আসামহো চরণরেণুজুষামহং স্যাং বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনামিত্যাদিকমুদ্ধবস্য চ। মায়ামনুষ্যস্যেত্যত্র মায়য়া পরাখ্যয়া স্বরূপশক্ত্যা মনুষ্যস্য নিত্যং মনুষ্যসংনিবেশিতস্য ইত্যর্থঃ। স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়াখ্যয়া যুতঃ। অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি সনাতনমিতি শ্রুতেঃ। ত্রিগুণাত্মিকাথ জ্ঞানঞ্চ তথাচিচ্ছক্তিরেব চ মায়াশব্দেন ভণ্যতে শব্দতত্ত্বার্থবেদিভিরিতিশব্দমহোদধেশ্চ। মায়াবয়ুনং জ্ঞানমিতি নির্ঘণ্টুকোষাচ্চ। ন হি

পর্ব্বদিনে ত্রিবেণীমধ্যে সরস্বতীপ্রবাহের বৃদ্ধির সদৃশ। শ্রীকৃষ্ণের বদনমধ্যে বিশ্ব দেখিয়া বিস্ময়ে মাতা যশোদার, বরুণালয়ে শ্রীকৃষ্ণের পূজা দেখিয়া বিপদে পিতা নন্দের এবং বিরহে গোপীগণের তাদৃশ বিশেষ ঐশ্বর্য্যজ্ঞানের অভ্যুদয় হইয়াছিল ॥ ৩ ॥

স্বরূপানুবন্ধিত্ব হেতু ঐশ্বর্য্যজ্ঞানই শ্রেষ্ঠ, মায়িক-মনুষ্য-বিগ্রহ-বিষয়ক মাধুর্য্যজ্ঞান কনিষ্ঠ, এরূপও বলা যায় না; কারণ, ঐশ্বর্য্যজ্ঞানের ন্যায় মাধুর্য্যজ্ঞানেরও ব্রহ্মধর্ম্মত্ব হেতু, মাধুর্য্যবিষয়ক জ্ঞানও ব্রহ্মজ্ঞানই। সহস্রশীর্ষত্বাদির ন্যায় দ্বিভুজত্বাদিরও ব্রহ্মধর্ম্মত্ব শ্রুতি-স্মৃতি-প্রসিদ্ধ। "সৎপুণ্ডরীকনয়ন, মেঘাভ, বৈদ্যুতাম্বর, দ্বিভুজ, মৌনমুদ্রাবিশিষ্ট ও বনমালাধারী শ্রীকৃষ্ণই পরমেশ্বর।" "যদুবংশের বিস্তার শ্রবণ করিলে, মনুষ্য সকল পাপ হইতে মুক্ত হয়েন; কারণ, ঐ বংশে নরাকৃতি পরব্রহ্ম শ্রীকৃষ্ণ অবতীর্ণ হইয়াছেন।" "পরব্রহ্ম

যত্তু ঐশ্বর্য্যজ্ঞানশূন্যত্বাদেষাং রাগপ্রধানং ভবদুপজীব্যৈরভিহিতং তৎ কিল হৃৎকম্পহেতুসাদরসম্ভ্রমাজনকত্বাদিতি বোধ্যম্। ন ত্বৈশ্বর্য্যজ্ঞান-মাত্রাভাবাৎ তজ্জ্ঞানস্য দর্শিতত্বাৎ ॥ ৫ ॥

মনুষ্যাকারঃ স্বর্ণপিণ্ডঃ মনুষ্যঃ। অন্যথা সচ্চিদানন্দবিগ্রহত্বশ্রুতিঃ ব্যাকুপ্যেত। এতেনৈব লীলেতি ব্যাখ্যাতম্ ॥ ৪ ॥

নন্বেবং ব্রজৌকসামুভয়জ্ঞানবত্ত্বেঽপি চেদ্ভক্তবর্য্যত্বং সিদ্ধং তর্হি ভবদুপজীব্যৈঃ শ্রীরূপচরণৈস্তেষামৈশ্বর্য্যজ্ঞানং কুতো নিষিদ্ধম্ অত আহ যত্ত্বিতি। হৃৎকম্পেতি। তদৈ-শ্বর্য্যজ্ঞানস্যেতি বোধ্যম্। অয়মর্থঃ। ব্রজৌকসাং রাগাত্মিকা ভক্তিঃ। তল্লক্ষণঞ্চ তৈরুক্তম্—'ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ। তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোদিতেতি। অস্যার্থঃ। ইষ্টে স্বানুকূল্যবিষয়ে বস্তুনি স্বারসিকী স্বাভাবিকী পরমাবিষ্টতা তস্য হেতুঃ পিতৃত্বাদিসম্বন্ধপ্রধানা প্রেমময়ী তৃষ্ণা স রাগো ভবেৎ। তদাধিক্য-হেতুতয়া তদভেদোক্তিঃ বায়ুর্ঘৃতমিতিবদ্বোধ্যা। তন্ময়ী তদেকপ্রবর্ত্তিতা ভক্তিরত্র রাগা-ত্মিকা কথ্যতে। তৎপ্রকৃতবচনে ময়ট্ ইতি। অস্যাং সত্যাং তৎসেবায়াং নিঃসম্ভ্রমা প্রবৃত্তিঃ। যা ব্রজৌকষাং শ্রীদশমাদৌ দৃশ্যতে। তত্র সেবাদয়ো নিঃসঙ্কোচাঃ প্রবৃত্তাঃ। প্রভুরয়মিতি-জ্ঞানাচ্চেতাসাং সাদরঃ কম্পঃ সংভ্রমঃ কথ্যতে। সর্ব্বেশ্বরোঽয়ং কৃষ্ণ ইতি জ্ঞানং বিদ্যমানমপি তাদৃশ্যা রাগানুগায়াস্তন্নিগীর্ণত্বাৎ প্রভবিতুমশক্নুবৎ সম্ভ্রমং ন জনয়তীতি তদজনকত্বাদেব তন্নাস্তীতি তৈর্নিষিদ্ধং ন তু সর্ব্বথা নাসীদিত্যভিমতম্। কৃষ্ণবিষয়কস্যৈশ্বর্য্যজ্ঞানস্য শ্রীদশ-মাদিষু বর্ণিতত্বাদিতি। মথুরাদৌকসাং তু তাদৃশ্যাস্তস্যা অভাবেনৈশ্বর্য্যজ্ঞানস্যাল্পত্বাৎ কম্পং জনয়তীতি গৌণী তেষাং রাগাত্মিকেতি ব্যাখ্যাতারঃ ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণ মনুষ্যমূর্ত্তিতে গূঢ়ভাবে বিরাজ করেন।" এই সকল প্রমাণে নরাকৃতি শ্রীকৃষ্ণের পরব্রহ্মত্ব প্রদর্শিত হইতেছে বলিয়া, তদ্বিষয়ক জ্ঞান ব্রহ্মজ্ঞান হইতেছে। এই নিমিত্ত ব্রহ্মা ও উদ্ধব প্রভৃতি মাধুর্য্যভক্তের চরণরেণু প্রার্থনা করিয়াছেন ॥ ৪ ॥

তবে যদি বল, তোমাদিগের পরমমান্য শ্রীরূপগোস্বামিপাদ "শ্রীকৃষ্ণবিষয়ক ঐশ্বর্য্য-জ্ঞানের বিরহবশতঃ ব্রজবাসিগণের ভক্তিকে রাগপ্রধান" বলিয়া নির্দ্দেশ করিয়া তাঁহা-দিগের ঐশ্বর্য্যজ্ঞানের নিষেধ করিলেন কেন? ব্রজবাসিগণের ঐশ্বর্য্য ও মাধুর্য্য এই উভ-য়ের জ্ঞান আছে বলিয়াই যখন তাঁহাদিগের ভক্তশ্রেষ্ঠত্ব স্বীকার করা হইতেছে, তখন তাঁহাদিগের উক্ত ঐশ্বর্য্যজ্ঞানের নিষেধে কি দোষ হইতেছে না? তাহার উত্তর দিতেছি। শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্য দর্শন করিয়া ব্রজবাসিগণের হৃৎকম্প-হেতু সাদরসম্ভ্রম ছিল না। যদিও তাঁহাদিগের, শ্রীকৃষ্ণ সর্ব্বেশ্বর, এইরূপ জ্ঞান ছিল, কিন্তু রাগানুগা ভক্তির প্রাবল্যে উক্ত ঐশ্বর্য্যজ্ঞান আবৃতভাবেই থাকিত, উহা নিজের প্রভুত্ব প্রকাশ করিতে পারিত না, এই অভিপ্রায়েই শ্রীরূপগোস্বামী ঐশ্বর্য্যজ্ঞান নিষেধ করিয়াছেন; তাঁহাদিগের ঐশ্বর্য্যজ্ঞান

তচ্চ অথো অমুষ্যৈব মমার্ভকস্য যঃ কশ্চনৌৎপত্তিক আত্মযোগঃ। সর্পোঽং মাং গ্রসতে তাত প্রপন্নং পরিমোচয়। দাবাগ্নিনা দহ্যমানান্ প্রপন্নাংস্ত্রাতুমর্হথঃ। মৃগয়ুরিব কপীন্দ্রং বিব্যধে লুব্ধধর্ম্মাস্ত্রিয়মকৃত বিরূপাং স্ত্রীজিতঃ কামযানাম্। বলিমপি বলিমত্ত্বাবেষ্টয়দ্ধ্বাঙ্ক্ষবদযস্তদলমসিতসখ্যৈ-

---

ব্রজৌকসামৈশ্বর্য্যজ্ঞানং প্রমাণয়তি অথো ইত্যাদিনা। শ্রীদশমাস্যাষ্টমে হরের্মৃদ্ভক্ষণ-চরিত্রং বর্ণিতং তত্রৈকদেত্যাদিভিস্তৎসখৈস্তন্মৃদ্ভক্ষণং তন্মাতরি সূচিতং তয়া চ গৃহীতকরঃ স উপালব্ধঃ তস্য মাতৃতো ভয়ং সখিবচসাং মিথ্যাত্বোক্তিপূর্ব্বকং স্বমুখব্যাদানং মাত্রাহং তাড্যমানঃ স্যামিতি তদ্বিস্ময়ায় স্বসঙ্কল্পানুগয়া স্বৈশ্বর্য্যশক্ত্যা স্বাস্যে বিশ্বদর্শনং তত্র বহিঃস্থিতমেব বিশ্বং পতিপুত্রসহিতম্ আত্মানং ব্রজঞ্চ তদাসামধ্যে পশ্যন্ত্যা মাতুঃ কথমেতৎ সম্ভবেদিতি সংশয়রূপা শঙ্কা। তস্যাঃ কিং স্বপ্ন এতদুত দেবমায়া কিং বা মদীয়ো বত বুদ্ধিমোহ ইত্যর্দ্ধেকেন প্রতিপাদনম্। অথো অমুষ্যৈব মমার্ভকস্য যঃ কশ্চনৌৎপত্তিক আত্মযোগ ইত্যর্দ্ধেকেন তু মৎপুত্রস্য পরেশত্বাৎ তস্যৈবায়ং স্বাভাবিকো ধর্ম্ম ইদানীং মৎপ্রত্যক্ষোঽভূদিতি স্থাপনম্। মাধুর্য্যানুবন্ধিনো হরের্ধর্ম্মা ব্রজৌকসাং সদৈব প্রত্যক্ষা ঐশ্বর্য্যানুবন্ধিনস্তু তে তস্মিন্ সত্ত্বেন জ্ঞাতা এব কদাচিদেব প্রত্যক্ষীভবন্তীতি তত্ত্ববিদাং রাদ্ধান্তঃ। অথো যথাবন্ন বিতর্কগোচরং চেতোমনঃকর্ম্মবচোভিবঞ্জসেত্যর্দ্ধেকেন মদর্ভকস্য নারায়ণাখ্যস্বাংশপুরুষদ্বারায়মাশ্চর্য্যদর্শনলক্ষণোঽবিতর্ক্যো ধর্ম্মঃ প্রত্যক্ষ ইতি নিরূপণম্। ততো যদাশ্রয়ো যেন

ছিল না, এরূপ বলেন নাই। তিনি স্বয়ংই ব্রজবাসিগণের ঐশ্বর্য্যজ্ঞান ছিল, ইহা দেখাইয়াছেন॥ ৫॥

শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধের অষ্টম অধ্যায়ে শ্রীকৃষ্ণের মৃদ্ভক্ষণলীলা বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণ মৃত্তিকা ভক্ষণ করিলে, তাঁহার সখা গোপবালকগণ ঐ কথা মাতা যশোদার নিকট বলেন। শ্রীযশোদা তাহাতে শ্রীকৃষ্ণকে ভর্ৎসনা করেন। শ্রীকৃষ্ণও তখন মাতার ভয়ে ভীতপ্রায় হইয়া সখীগণের বাক্য মিথ্যা করিবার জন্য এবং নিজের নির্দ্দোষত্ব প্রমাণ করিবার জন্য মুখব্যাদান করেন। জননী তন্মধ্যে বিশ্বভুবন দর্শন করিয়া সবিস্ময়ে বলেন, "আমার বালকের বুঝি ইহা স্বাভাবিক কোন অচিন্ত্য ঐশ্বর্য্য হইবে!" এই স্থলে মাতা যশোদার শ্রীকৃষ্ণবিষয়ক ঐশ্বর্য্যজ্ঞান উক্ত হইয়াছে। অন্য স্থলে পিতা নন্দেরও তাদৃশ জ্ঞান কথিত আছে। একদা শিবরাত্রি উপলক্ষে গোপগণ শকটারোহণে অম্বিকাবনে গমন ও তথায় সরস্বতী নদীতে অবগাহন করিয়া বিবিধ উপহারে অম্বিকাদেবীর অর্চ্চনা করেন। তাঁহারা উপবাসী হইয়া সেই রাত্রি সেই খানেই বাস করিয়াছিলেন। নিশাভাগে সকলে বিশ্রামার্থ শয়ান হইলে, একটা ভয়ঙ্কর সর্প আসিয়া গোপরাজ নন্দকে গ্রাস করিতে লাগিল। তখন নন্দমহারাজ বলিতে লাগিলেন, 'তাত কৃষ্ণ! এই মহাসর্প আমাকে গ্রাস করিল। আমি তোমার শরণাগত, আমাকে মুক্ত কর।' গোপগণের সম্বন্ধেও ঐপ্রকার

দুস্ত্যজস্তৎকথার্থঃ। বরদেশ্বর মাস্ম ছিন্দ্যা ইত্যাদিতদ্বাক্যাৎ। কিন্তু তত্তজ্জ্ঞানানি ক্রমেণোদয়ন্তে যুগপৎ সর্ব্বাযোগাৎ তথৈব রসপোষাচ্চ। নাপ্যনুদিতমসৎপুংস্ত্বাদিবৎ তস্য সতোঽভিব্যক্তিযোগাদিতিন্যায়াৎ। ভগবতোঽপি মিহিরপ্রকাশন্যায়েন নিরন্তরপ্রকাশিতজ্ঞানস্য মনুষ্যলীলোপযোগিসংমুগ্ধত্বং বীক্ষ্যতে। তদভিজ্ঞোঽপি ভগবান্ সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ।

যতঃ প্রতীয়তে স্ফুর্ত্তির্বিভাবাং প্রণতাস্মি তৎপদমিত্যর্দ্ধকেন। চেতঃ প্রভৃতিভির্ব্বিতর্কগোচরং ন ভবতি যদাশ্চর্য্যাদর্শনং যদাশ্রয়ং যদধিষ্ঠানকং যত ইতিপদস্যোৎপত্তিহেতুঃ যেনেতি পদস্যপ্রতীতিহেতুস্তৎপদং পুরুষাংশরূপং বস্তু তস্মিন্ ধর্ম্মে সংশয়ং নিবাচিকীর্ষুরহং প্রণতাস্মি। কৃষ্ণো মৎপুত্রো মে লালনীয়স্তৎস্বাংশপুরুষস্তু পূজ্য ইত্যস্মদ্ভক্তিপদ্ধতিঃ। যঃ স্বাংশিনঃ কৃষ্ণস্য মৎপুত্রস্য মত্তো ভয়মপনিনীষুস্তদাস্যে তাদৃশং বিশ্বং প্রদর্শ্য মাং বিস্মায়য়তে স প্রসীদত্মে তদ্ধর্ম্মে শঙ্কামপনয়ত্বাদিত্যর্থঃ। অহং মমাসৌ পতিরেষ মে সুতো ব্রজেশ্বরস্যাখিলবিত্তপা সতি। গোপশ্চ গোপাঃ সহগোধনাশ্চ যে ইতি ত্রিপাদেন সশ্রদ্ধপ্রণামপূর্ব্বকং নিজভাবাঢ্যদর্শনম্। যন্মায়য়েত্থং কুমতিঃ স মে গতিরিতি চতুর্থপাদেন তু যস্য যৎপুত্রস্বাংশস্য পুরুষস্য মায়য়া মমেত্থং কিং স্বপ্ন ইত্যাদ্যুক্তা সংশয়রূপা কুমতিঃ স মে গতিস্তাদৃশসংশয়তরণে সমাশ্রয়োঽস্ত্বিতি পুনস্তদনুদয়াভ্যর্থনম্। ইত্থং বিদিততত্ত্বায়াং গোপিকায়াং স ঈশ্বরঃ। বৈষ্ণবীং ব্যতনোন্মায়াং পুত্রস্নেহময়ীং প্রভুরিত্যেকেন তু মৎস্বরূপং বিজ্ঞায় মন্মাতা মে লালনে শিথিলা মাভূদিতি মাধুর্য্যানুযোগিরূপাবর্ণনম্। সদ্যো নষ্টস্মৃতির্গোপী সারোপ্যারোহমাত্মজম্।

না যায়। একদিন বনে গোচারণকালে দাবাগ্নি কর্তৃক দহ্যমান হইয়া গোপগণ লিয়াছিলেন, 'আমরা দাবাগ্নিতে দহ্যমান হইয়া তোমার শরণাপন্ন হইতেছি ষ্ণ, আমাদিগকে মুক্ত কর।' গোপীদিগেরও ঐরূপ ঐশ্বর্য্যজ্ঞানের উল্লেখ আছে। যখন হাভাগ উদ্ধব শ্রীকৃষ্ণের দূতরূপে শ্রীবৃন্দাবনে আগমন করেন, তখন শ্রীমতী তাঁহার সম ই এক মধুকরকে দেখিয়া বলিয়াছিলেন, শ্রীকৃষ্ণের পূর্ব্বকথা সকল স্মরণ করিয়া আমর তিশয় ভীত হইতেছি। তিনি এতাদৃশ ক্রূরস্বভাব যে, শ্রীরামাবতারে দাশরথি হইয় 'ধের ন্যায় বালিরাজাকে বাণে বিদ্ধ করেন; স্ত্রী সীতাদেবীর বশে সূর্পনখার কর্ণ সিকা ছেদন করেন; সেই কামিনী কামপরায়ণা হইয়া তাঁহার নিকট গমন করিয়াছিল ইমাত্র তাহার অপরাধ। আবার বামনাবতারে বলিরাজার প্রদত্ত পূজোপহার গ্রহণ পূর্ব্বক কেবৎ তাহাকেই বন্ধন করেন। অতএব এই শ্যামের সখ্যে প্রয়োজন নাই, এইরূপ ন করি, কিন্তু তাঁহার কথারূপ অর্থ দুস্ত্যজ, সুতরাং তাহা ত্যাগ করিতে পারি না। ন্যান্য গোপীরাও রাসের স্থলে বলিয়াছিলেন, 'হে বরদেশ্বর! তোমাতে আমরা চির কাল যে আশা ধারণ করিতেছি, তাহা ছেদন করিও না।' কিন্তু ঐশ্বর্য্যজ্ঞান ও মাধুর্য্য জ্ঞান কাহারও সম্বন্ধে এককালে উদিত হয় না; উহাদের ক্রমান্বয়েই উদয় হইয়া থাকে

প্রশ্রয়াবনতোঽপৃচ্ছদ্বৃদ্ধান্নন্দপুরোগামান্। ততো বৎসানিত্যাদৌ। তচ্চ স্বচিচ্ছক্তিসাররূপলীলানন্দাত্মকং স্বরূপানতিরেকি মন্তব্যম্। ইতরস্য তস্মিন্নভাবাৎ। অষ্টাদশমহাদোষৈরহিতা ভগবত্তনুঃ। সর্বৈশ্বরময়ী সত্য-বিজ্ঞানানন্দরূপিণীতি স্মৃতেঃ। মহাদোষাশ্চ। মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরস-

---

প্রবৃদ্ধস্নেহকলিলহৃদয়াসীৎ যথা পুরেত্যেকেন তু বিস্ময়দর্শনাদ্ভুসঙ্কেঃ স্মৃতেস্তিরোধানাম্মা শস্ততঃ পুত্রলালনমিতি। এবমন্যচ্চ ব্যাখ্যেয়ম্। এবং শ্রীযশোদায়াঃ কৃষ্ণৈশ্বর্য্যজ্ঞানং প্রদর্শ্য শ্রীরাধায়াস্তদ্দর্শয়তি মৃগয়ুরিতি শ্রীদশমে। ভ্রমরমুদ্দিশ্য তস্যা বাক্যম্। হে মধুপ স শ্রীকৃষ্ণঃ পুরাপি রামঃ সন্ মৃগয়ুর্ব্যাধ ইব কপীন্দ্রং বালিনং বিব্যধে মারিতবান্। অনুচিতং ব্যাধধর্ম্মেণ বহিতঃ ন হি ব্যাধঃ কপিং হন্যাৎ তন্মাংসাভক্ষণীয়ত্বাৎ। স্বয়ং স্ত্রীজিতঃ সীতয়ৈ-কোঽপি কামযানাং স্পৃহাবতীং স্ত্রিয়ং সূর্পনখাং বিরূপাং ছিন্ননাসাকর্ণামকৃত। পুরা বামনঃ দন্ বলিনা দত্তং বলিং ত্রৈলোক্যোপহারমত্বা গৃহীত্বাপি বলিমবেষ্টয়দ্বদ্ধ ধ্বাঙ্ক্ষবদিতি কাকো যথা বলিমত্ত্বাপি তদ্দাতারং বেষ্টয়তি তদ্বদিত্যর্থঃ। তস্মাদসিতস্য শ্যামস্য সখ্যৈরলম্। তর্হি তূষ্ণীমাস্বেতি চেত্তত্রাহ তৎকথারূপোঽর্থস্তু দুস্ত্যজ ইতি। ইহ শ্রীযশোদায়াঃশ্রীরাধায়াশ্চৈ-শ্বর্য্যজ্ঞানং বিস্ফুটম্। বরদেতি সর্ব্বাসাং প্রেয়সীনাম্। অত্র ধন্যা অহো অমী আলো গোবিন্দাঙ্ঘ্র্যব্জরেণবঃ। যান্ ব্রহ্মেশৌ রমাদেবী দধুর্মূর্দ্ধ্ন্যঘনুত্তয়ে ইতি গ্রাহ্যম্। ব্রহ্মাদিবন্দ্য-ত্বেন তজ্জ্ঞানস্ত সর্ব্বেষাং ব্রজৌকসাং তুল্যম্। কিন্তিতি। তত্তজ্জ্ঞানান্যৈশ্বর্য্যমাধুর্য্য-বিষয়াণি। যুগপদিতি একদানেকজ্ঞানাসম্ভবাদিত্যর্থঃ। নন্বত্যবধানিনাং যুগপদনেক-জ্ঞানং প্রতীতং তত্রাহ তথৈবেতি। ক্রমেণ চ তজ্জ্ঞানোদয়ে সতীত্যর্থঃ। অবধানেঽপ্যন্তরালে-ঽতিসূক্ষ্মকালোঽস্ত্যেব তদপ্রতীতিস্তুতিসৌক্ষ্ম্যাদিত্যাহুঃ। নন্বমাধুর্য্যকালে তেষামৈশ্বর্য্য-জ্ঞানং ধ্বস্তমিতি চেত্তত্রাহ নাপীতি। পুংস্ত্বাদিবদিতি ব্রহ্মসূত্রম্। সুষুপ্তৌ সত এব জ্ঞানস্য

যদি বল, অত্যন্তকৃতাবধান ব্যক্তির এককালে অনেক জ্ঞান প্রতীত হয়, তাহা সত্য নহে; জ্ঞান হইতে জ্ঞানান্তরের ব্যবধানকাল অতি সূক্ষ্ম বলিয়াই উহার প্রতীতি হয় না, তন্নিমিত্তই এককালিকত্ব ভ্রম ঘটে। ক্ষণিকত্বপক্ষ অবলম্বন করিয়া মাধুর্য্যজ্ঞানকালে ঐশ্বর্য্যজ্ঞানের নাশও কল্পনা করা যায় না; কারণ, তদবস্থায় উহার নাশ স্বীকার্য্য নহে। ঐশ্বর্য্যজ্ঞান তৎকালে অপ্রকট অবস্থাতেই থাকে। তন্নিমিত্তই তৎকালে উহার প্রকাশ দেখা যায় না। যেরূপ সুষুপ্তিকালে জ্ঞান না থাকিলে, নিদ্রাভঙ্গে স্মরণ অনুপপন্ন হয়, তদ্রূপ, তৎকালে ঐশ্বর্য্যজ্ঞান না থাকিলে, উহারও স্মরণ অসম্ভব হয়। যদি বাল্যে অপ্রকট পুরুষত্ব স্বীকার না করা যায়, তবে যৌবনে উহার আবির্ভাব কি প্রকারে হইবে? উৎপত্তি স্বীকার করিলেও নিস্তার নাই। বিনষ্টপৌরুষ নপুংসকেও সময়ে পুরুষত্ব আবির্ভূত না হইবার কারণ কি? কে উহার আবির্ভাবের প্রতিবন্ধক হইবে? সূর্য্যের সদৃশ নিরন্তর প্রকাশিত জ্ঞানস্বরূপ শ্রীভগবানে মনুষ্যলীলোপযোগী মুগ্ধভাব দৃষ্ট হইয়া থাকে। বৃন্দাবনে শ্রীমন্নন্দাদি

তা কাম উল্বণঃ লোলতা মদমাৎসর্য্যে হিংসাখেদপরিশ্রমৌ। অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা আশঙ্কা বিশ্ববিভ্রমঃ। বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতা ইতি ॥ ৬ ॥

নন্বু ততো বৎসানদৃষ্ট্বেত্য পুলিনেঽপি চ বৎসপান্। উভাবপি বনে কৃষ্ণো বিচিকায় সমন্তত ইত্যত্র মোহঃ। ক্বচিৎ পল্লবতল্পেষু

জাগরেঽভিব্যক্তিঃ যথা বাল্যে সত এব পুংস্ত্বাদেঃ কৈশোরেঽভিব্যক্তিস্তদ্বৎ। অন্যথা ক্লীবে তদাপত্তিঃ। মাধুর্য্যস্য ব্রহ্মস্বরূপানুবন্ধিত্বাৎ তদ্বিষয়কং জ্ঞানং ব্রহ্মজ্ঞানমিত্যুক্তম্। অথ মাধুর্য্যাঙ্গভূতং মৌগ্ধ্যাদি তস্মিন্নোপপদ্যতে ভগবতোঽপীত্যাদিনা। সংমুগ্ধত্বমসর্ব্বজ্ঞত্বম্। তদিতি শ্রীদশমে শুকবাক্যম্। তদভিজ্ঞঃ শক্রপূজাবাদিতি প্রকাশিতজ্ঞানত্বম্ প্রশ্রয়াবনতোঽপৃচ্ছদিতি সংমুগ্ধত্বম্। নন্বেতৎ সংমুগ্ধত্বানুকরণে ন তু সংমুগ্ধত্বে প্রমাণমিতি চেত্তত্রাহ ততো বৎসানিত্যাদি। তচ্চেতি সংমুগ্ধত্বম্। ন চাস্য স্বরূপানতিরেকিত্বে স্বীকৃতে ব্রহ্মস্বরূপমজ্ঞানশবলং স্বীকৃতমিতি ভ্রমিতব্যম্। নখরচিকুরাদ্যঙ্গবদ্বৈলক্ষণ্যেনাভাসমানস্যাপি তস্য জ্ঞানত্বাবিরহাৎ। ইদমেব সমর্থয়ন্নাহ ইতরস্যেতি। তমোবৃত্তেরজ্ঞানস্য ব্রহ্মস্বরূপেঽসত্ত্বাদিত্যর্থঃ। তত্র প্রমাণমষ্টাদশেতি তন্ত্রে। ন যত্র মায়া কিমুতাপরে ইতি মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা ইত্যাদিকং চাত্রানুচিন্ত্যম্। মোহস্তন্দ্রেতি বিষ্ণুযামলে। খেদঃ ক্লেশঃ। পরিশ্রম ইন্দ্রিয়শৈথিল্যম্ ॥ ৬ ॥

গোপগণ ইন্দ্রযাগে উদ্যত হইয়াছেন, জানিয়াও, সর্ব্বজ্ঞ, সর্ব্বাত্মা শ্রীভগবান অজ্ঞাত মুগ্ধের ন্যায় নন্দাদি বৃদ্ধ গোপগণকে তদ্বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন। ঐরূপ ব্রহ্মা যখন মায়া করিয়া গোবৎস সকলকে ও বৎসপালগণকে হরণ করেন, তখনও তিনি মুগ্ধের ন্যায় তাহাদিগকে বনে বনে অন্বেষণ করিয়াছিলেন। এই সকল স্থলে স্বপ্রকাশ, জ্ঞানঘন শ্রীভগবানের যে মুগ্ধত্ব উক্ত হইয়াছে, তাহা তাঁহার নিজ চিচ্ছক্তির সাররূপ যে লীলানন্দ, তদাত্মকই জানিতে হইবে; কারণ উহা তাঁহার স্বরূপ হইতে অতিরিক্ত নহে। যদি বল, শ্রীভগবানের স্বরূপ হইতে উক্ত মুগ্ধত্বাদিকে অভিন্ন বলিয়া স্বীকার করিলে, তাঁহাতে অজ্ঞানের সত্তা স্বীকার করা হয়, তাহা ঠিক নহে। যেরূপ ভগবানের নখরচিকুরাদি অঙ্গ সকলের পৃথক্ প্রতীতি হইলেও উহাদের জ্ঞানরূপত্বের অভাব স্বীকার করা যায় না, তদ্রূপ মুগ্ধত্বাদিরও জ্ঞানরূপতার অস্বীকার করা যায় না। কারণ, ব্রহ্মস্বরূপে তমোগুণকার্য্য যে অজ্ঞান, তাহার সত্তা স্বীকার করা যায় না। অতএব তাদৃশ মুগ্ধত্বাদি যে লীলানন্দাত্মক, ইহা সিদ্ধ হইল। তন্ত্রে বলিয়াছেন, "শ্রীভগবানের শ্রীবিগ্রহ অষ্টাদশ যে মহাদোষ, তদ্রহিত। ঐ বিগ্রহ সর্ব্বৈশ্বর্য্যময়ী এবং সত্যবিজ্ঞানানন্দরূপিণী।" অষ্টাদশ মহাদোষ যথা,—"মোহ, তন্দ্রা, ভ্রম, রুক্ষরসতা, উল্বণ কাম, লোলতা, মদ, মাৎসর্য্য, হিংসা, খেদ, পরিশ্রম, অসত্য, ক্রোধ, আকাঙ্ক্ষা, আশঙ্কা, বিশ্ববিভ্রম, বিষমত্ব ও পরাপেক্ষা ॥" ৬ ॥

নিযুদ্ধশ্রমকর্ষিতঃ। বৃক্ষমূলাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণ ইত্যত্র তন্দ্রাখেদশ্রমাঃ। তাবঙ্ঘ্রিযুগ্মমিত্যাদৌ মুগ্ধপ্রভীতবদুপেয়তুরন্তি মাত্রো-রিতি ভ্রমঃ। বৎসান্ মুঞ্চন্ ক্বচিদসময়ে ক্রোশসঞ্জাতহাস ইত্যাদৌ লোলতা। মদবিঘূর্ণিতলোচন ঈষন্মানদঃ স্বসুহৃদাং বনমালীত্যাদৌ মদঃ। লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তম ইত্যাদৌ মাৎসর্য্যম্। হিংসা চ পূতনাদিবধঃ। নাহং ভক্ষিতবানম্ব সর্ব্বে মিথ্যাভিশংসিন ইত্যত্র জরাসন্ধচ্ছলাদৌ চাসত্যম্। ক্রোধোঽপি তত্র তত্র প্রসিদ্ধ এব ॥ ৭ ॥

তাং স্তন্যকাম আসাদ্য মথ্নতীং জননীং হরিঃ। গৃহীত্বা দধিমন্থানং ন্যসেবৎ প্রীতিমাবহন্ ইত্যত্র আকাঙ্ক্ষা। কাপ্যদৃষ্ট্বান্তর্বিপিনে বৎসান্

নিরস্তান্ দোষানাপাদ্য পুনঃ পরিহরতি নন্বিত্যাদিনা। ততো বৎসানিত্যাদীনি কাপ্য-দৃষ্ট্বান্তর্বিত্যন্তানি শ্রীদশমবাক্যানি। বিচিকায় মৃগয়ামাসুরিতি। তাবঙ্ঘ্রিযুগ্মমনুকৃষ্য সরীসৃপন্তৌ ঘোষপ্রঘোষরুচিরং ব্রজকর্দ্দমেষু। তন্নাদহৃষ্টমনসাবনুসৃত্য লোকং মুগ্ধপ্রভীত-বদুপেয়তুরন্তি মাত্রোরিতি কৃৎস্নং বাক্যম্। অতস্মিংস্তদ্বুদ্ধিলক্ষণো ভ্রমঃ কশ্চিদাবাং গৃহ-রাত্রীত্যেবংলক্ষণঃ লোকং জনমনুসৃত্য বীক্ষ্য। লোলতা চাপল্যম্। মাৎসর্য্যং পরোৎ-কর্ষাসহনম্। নাহমিত্যত্র হরেরস্য ভক্ষাং নাস্তি মৃৎপৃথিব্যাঃ গর্ভে প্রাণেহবস্থিতিরিতি বাচক্ষতে তে স্বপূর্ব্বাসিকা এব মগধচ্ছলে খণ্ডিতায়াং চ প্রেয়স্যাং ব্যভিচারাৎ ॥ ৭ ॥

এই মতের উপর পূর্ব্বপক্ষ করিতেছেন—শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রানুসারে শ্রীভগবানের দোষাদি স্পষ্টই প্রতীত হয়। ব্রহ্মা যখন পুলিন হইতে বৎসবালকাদি হরণ করিলেন, তখন শ্রীকৃষ্ণ মুগ্ধের ন্যায় বনমধ্যে উহাদিগের অন্বেষণ করিয়াছিলেন; এই স্থলে তাঁহার মোহের প্রকাশ দেখা যাইতেছে। যুদ্ধশ্রান্ত হইয়া অন্যো গোপবালকদিগের ক্রোড়ে মস্তক রাখিয়া বৃক্ষমূলে শয়ন করিয়াছিলেন; এই স্থলে খেদ ও শ্রমের প্রকাশ। বাল্যলীলাতে চরণদ্বয় ঘর্ষণ করিয়া মুগ্ধের ও ভীতের ন্যায় শ্রীযশোদা ও শ্রীরোহিণীর নিকট গমন করিলেন; এই স্থলে ভ্রমের প্রকাশ। গোপীগণের গৃহে অসময়ে বৎস সকল মোচন করিয়া দিতেন, এবং তাহাতে তাঁহারা ক্রোধ করিলে হাস্য করিতেন; এই স্থলে লোলতার প্রকাশ। গোপীগণ বলিয়াছিলেন যে, বনমালী মদে ঘূর্ণিতলোচন হইয়াছেন; এই স্থলে মদের প্রকাশ। গোবর্দ্ধনধারণকালে শ্রীকৃষ্ণ মৎসরান্বিত হইয়া বলিয়াছিলেন যে, আমি লোকপালাভিমানী ইন্দ্রের শ্রীমদজন্য গর্ব্ব হরণ করিব; এই স্থলে মাৎসর্য্যের প্রকাশ। পূতনাবধে হিংসার প্রকাশ। মৃদ্ভক্ষণলীলায় আমি মৃত্তিকাভক্ষণ করি নাই, এই উক্তিতে ও জরাসন্ধ-বধাদিলীলাতে ছলনায় অসত্যের প্রকাশ। ক্রোধও ঐ সকল লীলার মধ্যে মধ্যে দেখা গিয়া থাকে ॥ ৭ ॥

পালাংশ্চ বিশ্ববিৎ। সর্ব্বং বিধিকৃতং কৃষ্ণঃ সহসাবজগাম হ ইত্যত্র আকাঙ্ক্ষা। সোঽকাময়ত বহু স্যাং প্রজায়েয়েত্যাদৌ জগদাবেশরূপো বিশ্ববিভ্রমঃ। সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিত্যাদৌ বৈষম্যম্। অহং ভক্তপরাধীন ইত্যাদৌ পরাপেক্ষা চাবগম্যতে। রুক্ষরসতা প্রেমসম্বন্ধাদৃতে রাগঃ। উল্বণো দুঃখহেতুঃ কামঃ। তাবেতৌ মাস্তাম্। ততশ্চ মোহাদীনাং ষোড়শানাং প্রমাণসিদ্ধত্বান্নির্দোষতনুত্বং কথমিতি চেন্ন ভক্তানন্দবৈচিত্র্যপোষকলীলাবিলাসভক্তসংরক্ষণভক্তবাৎসল্যাদিসিদ্ধয়ে প্রাকৃতগন্ধাস্পৃষ্টাঃ স্বরূপধর্ম্মা এবৈতে উদয়ন্তে তান্ বিনা

তামিতি। আকাঙ্ক্ষা ক্ষুধিতস্য স্তন্যপানস্পৃহা। ক্বাপীতি। আশঙ্কা বিতর্কঃ। স ইতি তৈত্তিরীয়কে। স পরমাত্মা। সমোঽহমিতি শ্রীগীতাসু। অহমিতি। পরাপেক্ষা অন্যাশ্রয়ণম্। তানিতি সংমুগ্ধত্বাদীন্ বিনা। মুগ্ধাশঙ্কাভ্যামৈশ্বর্য্যসেবিনাং বিতর্কবিস্ময়রসোদয়ঃ মাধুর্য্যসেবিনাং তু বাৎসল্যাদিরসোদয়ঃ। লোলতামদাভ্যাং সবয়সাং নিযুদ্ধাদিক্রীড়া সুভ্রুবাং তু স্মরাহব ইব বৃদ্ধিঃ। তত্র খেদদয়ঃ ভক্তানাং সেবানন্দবিবর্দ্ধনাস্তদিচ্ছা

স্তন্যপানকাম হইয়া দধিমন্থনকারিণী জননী শ্রীযশোদার সমীপে গমন পূর্ব্বক স্তন্যপানার্থ মন্থনদণ্ড গ্রহণ করিয়া তাঁহার দধিমন্থনকার্য্য নিষেধ করিয়াছিলেন; এই স্থলে আকাঙ্ক্ষার প্রকাশ। বনমধ্যে কোনস্থানেই যখন বৎস ও বৎসপালক সকলকে দেখিতে পাইলেন না, তখন শ্রীকৃষ্ণ সহসা উহা ব্রহ্মার কার্য্য বলিয়া মানিয়াছিলেন; এই স্থলে আশঙ্কার প্রকাশ। সৃষ্টিলীলায় শ্রীভগবানের যে বহু হইবার সঙ্কল্প, তাহাতে জগদাবেশরূপ বিশ্ববিভ্রমের প্রকাশ। আবার তিনি যে শ্রীমদর্জ্জুনের নিকট বলিয়াছিলেন, আমি সর্ব্বভূতে সমদৃষ্টি, আমার দ্বেষ্যও নাই এবং আমার প্রিয়ও নাই; কিন্তু যাঁহারা আমাকে ভজন করে, আমি তাদৃশ ভক্তে অবস্থান করি এবং তাহারাও আমাতেই অবস্থান করে; এই স্থলে বৈষম্যের প্রকাশ। ভক্তপরাধীনতার স্থলে তাঁহার পরাপেক্ষাও প্রকাশ পায়। রুক্ষরসতা এবং দুঃখহেতুক যে কাম, তাহা নাই থাকুক, কিন্তু পূর্ব্বোক্ত ষোলটি দোষেরত অন্যথা নাই। যদি তাহাই হইল, তবে আর শ্রীবিগ্রহকে নির্দ্দোষ বলা যায় কিরূপে? ইহাই পূর্ব্বপক্ষ। ইহার উত্তরে বক্তব্য এই যে—শ্রীভগবানে যে উক্ত ষোড়শ দোষ দেখা যাইতেছে, উহা মনুষ্যের সম্বন্ধেই দোষাবহ, শ্রীভগবানের সম্বন্ধে নহে। কারণ, ঐগুলি ভক্তজনের হৃদ্‌গত আনন্দের বৈচিত্র্যকে পোষণ করিয়া থাকে। ভক্তের সংরক্ষণ ও ভক্তবাৎসল্য প্রভৃতির সিদ্ধির নিমিত্ত লীলার বিলাসস্বরূপে উহারা সময়ে সময়ে আবির্ভূত হয়, জানিতে হইবে। শ্রীভগবানের ঐ ভাবগুলিতে প্রকৃতিগন্ধের সম্পর্ক নাই উহারা

লীলাদ্যসিদ্ধেঃ। তদসিদ্ধৌ চ পূর্ণত্বানুপপত্তিঃ। ইতরেষু সর্ব্বেষু গুণেষু রুচ্যভাবাত্তদ্ভক্ত্যনুপপত্তিঃ। ততশ্চ শ্রদ্ধাভক্তিধ্যানযোগাদবেহীত্যাদি-শ্রুতিব্যাকোপাপত্তিরিতি। তেষাং গুণত্বাদেব নির্দ্দোষপূর্ণগুণেত্যাদি-স্মৃতিঃ সংগচ্ছতে ॥ ৮ ॥

তত্র তে মৌগ্ধ্যাদয়ঃ স্বরূপশক্তিসারভূতলীলানন্দাত্মকপ্রেমস্বরূপা-

---

বিশেষাঃ। মাৎসর্য্যক্রোধহিংসাভিবসতাং বিনাশাৎ তাভিঃ সদ্রক্ষা এব। ভ্রমলোলতাভ্যাং পিতৃবর্গকৌতুকাভিবৃদ্ধিঃ। অসত্যেন ন কচিৎ সবয়সাং সুহৃদাঞ্চ কোপোদয়ে তত্তদ্রসাভিবৃদ্ধিঃ। বিশ্ববিভ্রমেণ প্রকৃতিলীনজীবমাত্রানুগ্রহঃ। বিষমত্বপরাপেক্ষাকাঙ্ক্ষাভিঃ সর্ব্বভক্তানুগ্রহ ইতি ভাব্যম্। ইতরেষু সার্ব্বজ্ঞ্যাদিষু গুণেষু। তেষাং সংমুগ্ধত্বাদীনাম্ ॥ ৮ ॥

তাঁহার স্বরূপের ধর্ম্মবিশেষ। ঐ গুলির অস্বীকারে শ্রীভগবানের লীলাদিকার্য্য অসিদ্ধ হইয়া পড়ে। লীলার অসিদ্ধিতে তাঁহার পূর্ণত্বেরও ব্যাঘাত ঘটে। পক্ষান্তরে ঐ গুলির স্বীকারে লীলার মাধুর্য্য বৃদ্ধি পায়। ভগবদ্গত মুগ্ধত্ব ও আশঙ্কা দ্বারা ঐশ্বর্য্যভক্তের বিতর্ক জন্য বিস্ময়রসের এবং মাধুর্য্যভক্তের বাৎসল্যাদি রসের উদয় হয়। লোলতা ও মদ দ্বারা সমবয়স্ক গোপবালকগণের বাহুযুদ্ধাদি ক্রীড়ারসের এবং গোপীদিগের উজ্জ্বলরসের উদয় হয়। খেদ ও পরিশ্রম দ্বারা ভক্তগণের সেবানন্দের বৃদ্ধিতে সেবাভিলাষের উদয় হয়। মাৎসর্য্য, ক্রোধ ও হিংসা দ্বারা অসাধুবিনাশে সাধুসংরক্ষণ হয়। ভ্রম ও লোলতা দ্বারা বাৎসল্যাদি-রসের ভক্তগণের কৌতুক বৃদ্ধি হয়। অসত্য দ্বারা সখা ও সখী সকলের কোপোদয়ে তত্তদ্রসের বৃদ্ধি হয়। জগদাবেশরূপ বিশ্ববিভ্রম দ্বারা প্রকৃতিলীন জীবগণের প্রতি অনুগ্রহ করা হয়। বিষমত্ব, পরাপেক্ষা ও আকাঙ্ক্ষা দ্বারা ভক্তমাত্রের প্রতি অনুগ্রহ হয়। ভক্ত-পক্ষপাতে বৈষম্য, ভক্তাধীনত্বে পরাপেক্ষা এবং ভক্তবাৎসল্যে আকাঙ্ক্ষা দেখিয়া ভক্তগণ শ্রীভগবানে ভক্তি করিতে অভিলাষী হয়েন। অতএব এই গুলিকে দোষ বিবেচনায় যদি কেহ শ্রীভগবানে রুচিশূন্য হয়েন, তবে তাঁহার সার্ব্বজ্ঞ্যাদিগুণেও রতি হইতে পারে না। কারণ, সার্ব্বজ্ঞ্যাদির সামঞ্জস্যই হয় না। এরূপ হইলে, শ্রীভগবানে ভক্তিই অসিদ্ধ হইয়া উঠে। ভক্তির অসিদ্ধিতে "শ্রদ্ধা, ভক্তি ও ধ্যানযোগ দ্বারা শ্রীভগবানকে অবগত হও" ইত্যাদি শ্রুত্যর্থের বাধ হয়, এবং তাহা হইলে, শ্রীভগবান নির্দ্দোষ-গুণপূর্ণ-শ্রীবিগ্রহবিশিষ্ট ইত্যাদি যে সকল স্মৃতি আছে, উহাদেরও সঙ্গতি হয় না। অতএব মুগ্ধত্বাদি ভাব সকল, শ্রীভগবানের স্বরূপশক্তির সারভূত যে লীলানন্দ, তদাত্মক প্রেমস্বরূপ হইতে অভিন্ন, ইহাই স্থিরসিদ্ধান্ত ॥ ৮ ॥

ঐ অভেদও শ্রীভগবানের শ্রীবিগ্রহের অংশভূত নখকুন্তলাদির ন্যায় জানিতে হইবে। বিগ্রহাংশ, বিগ্রহ ও শ্রীভগবান সকলই এক বস্তু। সকলই চিন্ময়, জড়াত্মক

নতিরেকি নখরকুন্তলাদিবত্তস্মিন্মন্তব্যাঃ। ক শোকমোহৌ ক্রোধো বা ভয়ং যে অঙ্গসম্ভবাঃ। ক চাখণ্ডিতবিজ্ঞানজ্ঞানৈশ্বর্য্যঃ স্মরেড়িত ইত্যত্র যে অঙ্গসম্ভবাস্তে চেতুযুক্তেবুর্দ্ধিসম্ভবাস্তে ন সন্তীতিমতত্বাৎ। তৎ-স্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়া ইত্যাদৌ বিধ্বস্ততমসাং শ্রীশুকাদীনাং চ ভগবৎপ্রেমমোহো দৃষ্টঃ॥ ৯॥

গোপ্যাদদে ত্বয়ি কৃতাগসি দাম যাবদ্যা তে দশাশ্রুকলিলাঞ্জনসংভ্রমাক্ষম্। বক্তুং নিনীয় ভয়ভাবনয়া স্থিতস্য সা মাং বিমোহয়তি ভীরপি যদ্বিভেতি। মন্ত্রেষু মাং বা উপহূয় যত্ত্বমকুণ্ঠিতাখণ্ডসদাত্মবোধঃ। পৃচ্ছেঃ প্রভো মূর্ত্তইবাপ্রমত্তস্তন্মে মনো মোহয়তীব দেবেত্যাদিষু তত্ত্ববিদামপি শ্রীশুকউদ্ধবাদীনাং মোহদর্শনাম্নানুকৃতিরূপাস্তে শ্রীশুকাদিভিরাবিশ্যোক্ত-

দার্ঢ্যাবোক্তমর্থং বিশদয়তি তত্র ত ইতি। ক্কেতি শ্রীদশমে শুকবাক্যম। বিজ্ঞেষ্বপি মোহঃ ক দৃষ্ট ইতি পৃচ্ছায়াং তেষু তং দর্শয়তি। তদিতি শ্রীদশমে সূতোক্তিঃ। তেন পরীক্ষিতা স্মারিতো যোঽনন্তঃ শ্রীকৃষ্ণস্তেন হৃতান্যখিলানীন্দ্রিয়াণি যস্য স শ্রীশুকস্ত প্রেমসংমুগ্ধ ইত্যর্থঃ॥ ৯॥

গোপ্যাদদ ইতি প্রথমে কুন্তীবাক্যম্। গোপী ব্রজেশ্বরী তন্মাতা। বক্তুং নিনীয় অধঃ কৃত্বা মামিয়ং তাড়য়েদিতিভয়ভাবনয়া স্থিতস্য তবেতি। অন্যৎ প্রকটার্থম্। মন্ত্রেষ্বিতি উদ্ধবোক্তিস্তৃতীয়ে। মামুপহূয় আকার্য্য ইবৈবশব্দৌ নিশ্চযার্থৌ কিমিব নিবাগসি ময়ি কুপ্যসীত্যাদিবং

নহে। শ্রীমদ্ভাগবতেও উক্ত হইয়াছে, "অখণ্ডিত-বিজ্ঞানজ্ঞানৈশ্বর্য্য ও নিখিল দেবতা-কর্ত্তৃক স্তুত শ্রীভগবানে দেহসম্ভব শোক, মোহ, ক্রোধ ও ভয়ের সম্ভাবনা কোথায়? তবে যে তাঁহাতে ঐ সকল ভাব দেখা যায়, সে তাঁহার ইচ্ছাধীন। মনুষ্যের ক্রোধাদি শারীরিক, শ্রীভগবানের কেবল মানসিক। শ্রীশুকদেবাদি তমোগুণরহিত মুক্ত পুরুষগণেরও শ্রীভগবদ্বিষয়ক প্রেমমোহ দৃষ্ট হইয়া থাকে॥ ৯॥

"আহা! তুমি মনুষ্যের কি চমৎকার অনুকরণই করিয়াছ! দধিভাণ্ডস্ফোটনাপরাধে তোমাকে বন্ধন করিবার নিমিত্ত মাতা যশোদা রজ্জু গ্রহণ করিলে, হায়! স্বয়ং ভয়ও যাঁহাকে ভয় করেন, সেই তুমি কি না অশ্রু-বিমিশ্রাঞ্জন-ব্যাকুলনয়নে আনন অবনত করিয়া ভয়ভাবনায় কাতর হইয়াছিলে! কৃষ্ণ! তোমার সেই সময়ের সেই অবস্থা আমাকে এখনও বিমোহিত করিতেছে।" এই কুন্তীদেবীর কথানুসারে এবং "হে দেব! স্বয়ং সদা অকুণ্ঠিতাখণ্ডাত্মজ্ঞান ও অপ্রমত্ত হইয়াও যে সময়ে সময়ে আমাকে মন্ত্রণার জন্য আহ্বান করিয়া নানাবিষয় জিজ্ঞাসা করিতে, তাহা স্মরণ করিয়া, এখনও আমার মন বিমোহিত হইয়া থাকে।" এই উদ্ধবের কথানুসারে, তত্ত্বজ্ঞ শ্রীশুকদেব ও উদ্ধবাদির

ত্বাচ্চ। লোকবিড়ম্বনাদিশব্দস্তত্রাপি দিব্যলীলয়া লোকাচারাতিক্রমাৎ সংগচ্ছতে ॥ ১০ ॥

তদেবং মৌগ্ধ্যসার্ব্বজ্ঞয়োর্গুণয়োঃ সহাবির্ভাবাৎ স্বসেবকার্ত্তিস্তুতি-পরিচর্য্যাদ্যবধানমপি সিদ্ধম্। এবঞ্চোক্তমনুভবিতৃভিঃ। সর্ব্বজ্ঞত্বে চ মৌগ্ধ্যে চ সার্ব্বভৌমমিদং মহঃ। নির্ব্বিশন্নয়নং হন্ত নির্ব্বাণপদমশ্নুতে ইতি। বিরুদ্ধানাং গুণানাং সহাবস্থিতিঃ স্মর্য্যতে। ঐশ্বর্য্যযোগাদ্ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে। তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন।

নচ মুগ্ধ ইব নতু মুগ্ধঃ মোহয়তীব নতু মোহয়তীতি ব্যাখ্যেয়ম্। তথা সতি বিবেধাভাবাৎ কর্ম্মাণ্যনীহস্য ভবেঽভিলপ্যতে ইত্যাদিষু বিরুদ্ধেষু তদ্বাক্যোপাদানবৈয়র্থ্যাৎ কুন্তীবাক্যে ইবশব্দাভাবাচ্চ। তে মোহাদয়ঃ ষোড়শ। লোকাচারেতি। লোকাচরিতনুকারা-দিত্যর্থঃ ॥ ১০ ॥

নমু হরেম্মৌগ্ধ্যেন তত্ত্বপ্রসিদ্ধিঃ স্যাৎ কিন্তু দীনাভ্যর্থনানবধানেন তেন মহতী বিক্ষতি-রিতি চেত্তত্রাহ তদেবমিতি। মৌগ্ধ্যকাল এব সার্ব্বজ্ঞ্যমস্তীতি ন ক্ষতিলেশ ইতিভাবঃ। বিজ্ঞানুভবং প্রমাণয়তি এবঞ্চোক্তমিতি। অনুভবিতৃভিস্তস্য মৌগ্ধ্যসার্ব্বজ্ঞে বিজানদ্ভির্লী-লাশুকৈঃ। সর্ব্বজ্ঞত্বে চেতি। সর্ব্বাসু ভূমিষু বিদিতং সার্ব্বভৌমম্। তদুভয়ধর্ম্মশালিত্বেন সর্ব্বত্র খ্যাতমিত্যর্থঃ। মহঃ স্বপ্রকাশরূপং কৃষ্ণাখ্যং বস্তু নির্ব্বাণপদং মোক্ষস্থানং গোকুলাখ্য-মশ্নুতে স্বভোগ্যত্বেনানুভবতি তৎস্বামি তদিত্যর্থঃ। স্বরূপশাবল্যাপত্তিস্তু পূর্ব্বোক্তৈনিরস্যা।

মোহদর্শন হেতু এবং আবেশোক্তি হেতু শ্রীকৃষ্ণের কার্য্য সকল যে কেবল নরলীলানুকরণ নহে, তাহা স্বীকৃত হয়। লোকবিড়ম্বনাদি শব্দ, ভগবান দিব্যলীলা দ্বারা লোকাচারকে অতিক্রম করিয়াছেন, ইহাই বোধ করায়। অতএব "শ্রীভগবান লোককে বিড়ম্বিত করিয়াছেন," ইত্যাদি উক্তিও সঙ্গত হইতেছে ॥ ১০ ॥

যদি বল, শ্রীভগবানের মুগ্ধতার সময়ে দীন ভক্তজনের অভ্যর্থনাতে অনবধান হেতু মহতী ক্ষতি হয়, তাহার উত্তর এই ;—শ্রীভগবানের মৌগ্ধ্য ও সার্ব্বজ্ঞ্য গুণের সহাবির্ভাব হেতু, অর্থাৎ তাঁহার মুগ্ধতার কালেও সার্ব্বজ্ঞ্যের অস্তিত্ব বশতঃ স্বসেবকের আর্ত্তি, স্তুতি বা পরিচর্য্যাদিতে অবধানই হইয়া থাকে, অনবধান ঘটে না, অতএব কোন ক্ষতিও হয় না। শ্রীভগবদ্গুণানুভবিতা শ্রীলীলাশুক প্রভৃতিও এইরূপ বলিয়া থাকেন। "শ্রীভগবানের সর্ব্বজ্ঞতাতে বা মুগ্ধতাতে সর্ব্বব্যাপক এই তেজ নয়নে প্রবেশ করিলে, তিনি গোকুলাখ্য মোক্ষপদকে নিজ ভোগ্যস্বরূপে অনুভব করেন।" ইহাই লীলাশুকের উক্তি। পরস্পর বিরুদ্ধ গুণ সকলের সহাবস্থিতি শ্রীভগবানে স্বীকৃত হইয়া থাকে। কূর্ম্মপুরাণে বলিয়াছেন—ঐশ্বর্য্যের যোগ হেতু শ্রীভগবানকে বিরুদ্ধার্থই বলা হয়। সেই পরমেশ্বরে কোন

গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমন্তত ইতি। তদিদমভিহিতং ভগবতা সূত্রকারেণ সর্ব্বধর্ম্মোপপত্তেশ্চেতি। পরমেশ্বরঃ খলু শব্দৈকনির্ণেয়যাথাত্ম্যো ভবতি ন তু তর্কৈস্তত্র প্রতিবিধানং যুজ্যত ইতি চোক্তম্। শ্রুতেস্তু শব্দমূলত্বাদিতি ॥ ১১ ॥

অন্যে ত্বেবমাহুঃ। মৌগ্ধ্যাদয়ঃ প্রপঞ্চধর্ম্মা ভগবতানুক্রিয়ন্তে স্বজনানন্দায়। প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপি বিড়ম্বয়সি ভূতলে। প্রপন্নজনতানন্দসন্দোহং প্রথিতুং প্রভো ইত্যাদিস্মৃতেঃ। তথাপি তত্ত্ববিদাং স্বস্য চ তে রসোদয়ঃ স্যাৎ লবণাকরনিপাতন্যায়াৎ তৎকৃতত্বেন তেষ্বচিন্ত্যত্বপ্রাপ্তেঃ। শ্রীবলপ্রদ্যুম্নাদিরূপেণ শিষ্যত্বভৃত্যত্বাদ্যনুকারো হি দৃষ্টঃ। দেবর্ষিরূপেণ ভক্তত্বাদ্যনুকারশ্চেতি ॥ ১২ ॥

আর্ষং প্রমাণমাত ঐশ্বর্য্যেতি কৌর্ম্মে। অচিন্ত্যশক্তিত ইতি তদর্থঃ। এবং শ্রীব্যাসনির্ণয়মাহ সর্ব্বেতি। সর্ব্বেষাং বিভুত্বমধ্যমত্বাদীনাং মিথোবিরুদ্ধানাং গুণানাং ব্রহ্মণ্যুপপত্তেঃ সিদ্ধেরবিষমেঽপি তস্মিন্ ভক্তপক্ষপাতলক্ষণং বৈষম্যং মন্তব্যমিতি প্রাকরণিকোঽর্থঃ। নন্বেবং স্যাদ্বাদাপত্তিঃ। নৈবম। তদ্বাদে সর্ব্বেঽর্থাঃ কথঞ্চিত্ত্বেনানিশ্চিতরূপা ইহ তু নিশ্চিতরূপা ইত্যতিবিশেষসত্ত্বাৎ ॥ ১১ ॥

সঙ্গত্যন্তরমাহ অন্যে ত্বিতি। প্রপঞ্চমিতি ব্রহ্মবাক্যং শ্রীদশমে। বিড়ম্বয়স্যনুকরোষি। প্রপন্নেতি। অস্য জনতায়া অসঙ্কোচে মৎসেবনে স্বপ্রবৃদ্ধঃ স্যাদিতিভাবেনেতিভাবঃ। তেম্বিতি। মৌগ্ধ্যাদয়ঃ সর্ব্বে স্বরূপনিষ্ঠধর্ম্মা অপ্যচিন্ত্যাঃ স্যুরিতি ভাবঃ। শ্রীতি। শ্রীশ্চ বলশ্চ প্রদ্যুম্নশ্চ তদাদরূপত্বেনেত্যর্থঃ। শিষ্যত্বাদৌ ক্রমো বোধ্যঃ ॥ ১২ ॥

রূপেই দোষারোপ করা যাইতে পারে না। তাঁহাতে বিরুদ্ধ গুণসমূহের সামঞ্জস্য হয়। ভগবান সূত্রকারও বলিয়াছেন,—"ঈশ্বরে বিভুত্ব ও মধ্যমত্ব প্রভৃতি পরস্পর বিরুদ্ধ গুণ সকলের উপপত্তি হইয়া থাকে। পরমেশ্বরের ঈদৃশ স্বরূপ কেবল শাস্ত্র দ্বারাই নির্ণেয়; তর্ক দ্বারা উহা নির্ণয় করা যায় না। এই নিমিত্তই সূত্রকার বলিয়াছেন, "পরমেশ্বরের সম্বন্ধে লোকদৃষ্ট কোন দোষই সঙ্গত হয় না। কারণ, পরমেশ্বরের স্বরূপ শ্রুতিনির্ণেয়। অবিচিন্ত্য বিষয়ে শব্দই একমাত্র মূল প্রমাণ।" অতএব পরমেশ্বর অবিষম হইলেও তাঁহাতে ভক্তপক্ষপাতরূপ বৈষম্য মন্তব্য হইয়াছে, ইহাই এই প্রকরণের নির্গলিতার্থ ॥ ১১ ॥

অন্য কেহ কেহ বলেন, শ্রীভগবান নিজ ভক্তগণের আনন্দবিধানার্থ মৌগ্ধ্যাদি প্রাপঞ্চিক ধর্ম্মের অনুকরণ করিয়া থাকেন। স্মৃতিতে বলিয়া থাকেন, "ভগবান প্রপঞ্চাতীত হইয়াও প্রপঞ্চের অনুকরণ করেন; তাঁহার ঐ কার্য্য কেবল ভক্তগণের আনন্দবর্দ্ধনার্থ।" তথাপি উহাতে কি তত্ত্বজ্ঞ ব্যক্তিদিগের কি স্বয়ং ভগবানেরও রসোদয় হইয়া থাকে

তদেবমৈশ্বর্য্যমাধুর্য্যবিষয়ত্বেন ভগবতো জ্ঞানং দ্বিধা দর্শিতম্। তেন তদ্ধারিকায়া ভক্তেশ্চ দ্বৈবিধ্যেন ভাব্যম্। তত্রাদ্যা বিধিভক্তিঃ তয়া সিদ্ধাঃ স্বনিষ্ঠাদয়শ্চার্চ্চিরাদিবর্ত্মনা পরং পদং লভন্তে। তেঽর্চ্চিষমিত্যাদি-শ্রুতেঃ। যে ত্বার্ত্তাস্তদধিককৃপাপাত্রাস্তে খলু ভগবতৈব তার্ক্ষ্যবাহনেন তদ্বিশতীতি মন্তব্যং বরাহচরমাৎ। যথাহ ভূদেবীং প্রতি ভগবান্ বরাহদেবঃ। সোঽহমাশ্রিতমন্ত্রাত্মা স্মরামি চ তদাশ্রয়ম্। জ্ঞানবৈরাগ্য-ভক্ত্যাদিক্রিয়ারূপপ্রকাশনাৎ। নয়ামি পরমং স্থানমর্চ্চিরাদিগতিং বিনা। গরুড়স্কন্ধমারোপ্য যথেষ্টমনিবারিত ইতি। এতানুদিশ্যাহ পার্থসারথিঃ। যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সন্ন্যস্য মৎপরাঃ। অনন্যে-নৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে। তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগ-রাৎ। ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসামিতি ॥ ১৩ ॥

প্রকরণার্থং যোজয়তি তদেবমিতি। এতানিতি। হরিং বিনা ক্ষণমাত্রং স্থাতুমশক্তা-নার্ত্তানিত্যর্থঃ। যে ত্বিতি শ্রীগীতাসু। ময়ি মদর্থানিত্যর্থঃ। উপাসতে কীর্ত্তনাদিভিঃ অনু-কূলয়ন্তি। ন চিরাৎ ত্বরয়ৈব সমুদ্ধর্ত্তাহং ভবামি ॥ ১৩ ॥

লবণ সমুদ্রে যে কোন দ্রব্যই পতিত হয়, তাহা লবণাক্ত হইয়া থাকে। তদ্রূপ শ্রীভগবানেও সকলই আনন্দদায়ক হইয়া থাকে। শ্রীভগবানের মুগ্ধত্বাদি সকল ধর্ম্মেরই অচিন্ত্যত্ব স্বীকৃত হয়। তিনি কখন শ্রীবলদেবাদিরূপে নিজের শিষ্যত্ব, কখন নারদাদিরূপে ভক্তত্ব প্রভৃতির অনুকরণ করিয়া থাকেন ॥ ১২ ॥

এই প্রকরণে ঐশ্বর্য্যবিষয়ক এবং মাধুর্য্যবিষয়ক ভেদে শ্রীভগবানের জ্ঞান দুই প্রকার দেখান হইয়াছে। তদনুসারে ঐশ্বর্য্যমাধুর্য্যভেদে ভক্তিরও দ্বৈবিধ্য হইতেছে। ঐশ্বর্য্য-বিষয়িণী প্রথমা ভক্তির নাম বিধিভক্তি। ঐ বিধিভক্তি দ্বারা সিদ্ধ স্বনিষ্ঠাদি ভক্ত সকল অর্চ্চিরাদি মার্গে পরমপদ লাভ করিয়া থাকেন। শ্রুতিতেও তাঁহাদিগের অর্চ্চিরাদি পথে গতি উক্ত হইয়াছে। যাঁহারা আর্ত্ত, অর্থাৎ শ্রীভগবানকে পাইবার জন্য বিশেষ ব্যাকুল হইয়াছেন, তাঁহারা শ্রীভগবানের অপেক্ষাকৃত অধিক কৃপাপাত্র বলিয়া, তিনি তাঁহা-দিগকে গরুড়োপরি আরোহণ করাইয়া শ্রীবৈকুণ্ঠাদিধামে নীত করিয়া থাকেন। বরাহ পুরাণের শেষভাগে এইরূপই উক্ত হইয়াছে। ভগবান বরাহদেব ভূদেবীকে বলিতেছেন,—"আমি এই মন্ত্রময় শরীর আশ্রয় করিয়া রহিয়াছি। আমার নিত্যধাম সকল সদাই আমার স্মৃতিপথে রহিয়াছে। জ্ঞানবৈরাগ্যাদিযুক্ত ভক্তির ও তদঙ্গীভূত ক্রিয়া সকলের প্রচারই আমার কার্য্য। যাঁহারা তদনুসারে আমাকে পাইবার নিমিত্ত বিশেষ আগ্রহান্বিত হয়েন, আমি তাঁহাদিগকে আর কোন বাধায় বাধিত হইতে না দিয়া

অন্তিমা রুচিভক্তিরূপা তয়া সিদ্ধাস্ত স্বয়ং ভগবতৈব তদ্বিশতীতি তচ্চ মাদিলক্ষ্মৈকমুত্যাদভ্যুপেয়ম্। নায়ং সুখাপ ইত্যাদেশ্চ। এতে তু তস্যাতিপ্রেষ্ঠাঃ। তদ্ভাবেষু তদ্রুচিনির্ভরাৎ। যথাহ গোবর্দ্ধনোদ্ধরণা-তবিস্মিতৈর্গোপৈর্দেবাদিভাবেনাশঙ্কিতো ভগবান্ শ্রীবিষ্ণুপুরাণে। মৎসম্বন্ধেন বো গোপা যদি লজ্জা ন জায়তে। শ্লাঘ্যো বাহং ততঃ কিং বো বিচারেণ প্রয়োজনম্। যদি বোঽস্তি ময়ি প্রীতিঃ শ্লাঘ্যোঽহং ভবতাং যদি। তদাত্মবন্ধুসদৃশী বুদ্ধির্বঃ ক্রিয়তাং ময়ি। নাহং দেবো ন গন্ধর্ব্বো ন যক্ষো ন চ রাক্ষসঃ। অহং বো বান্ধবো জাতো নাতশ্চিন্ত্যমতোঽন্যথেতি। ন চাত্র হৃৎকম্পহেতোঃ সম্ভ্রমস্যোদয়াম্মাধুর্য্যভাবক্ষতিঃ। দেবো বা দানবো বা ত্বং যক্ষো গন্ধর্ব্ব এব বা। কিম্বাস্মাকং বিচারেণ

অন্তিমেতি। এতে রুচিভক্তাঃ। আশঙ্কিতঃ বিতর্কিতঃ। শঙ্কা চেয়ং হরেরিব গোপাল-স্যাপ্যাত্মধর্ম্মত্বান্নাজ্ঞত্বং প্রসঞ্জয়তি। বক্ষতি চৈবং তস্মাৎ তদ্ভাবমিত্যাদি। মদিতি শ্রীকৃষ্ণ-বাক্যম্। হে গোপাঃ প্রীতিঃ পুত্রত্বাদিপ্রকারিকা। আত্মবন্ধুসদৃশীতি স্বপুত্রাদিষু যথা বুদ্ধি-স্তথা ময়ি ক্রিয়তাম্। বান্ধবঃ জ্ঞাতিঃ। সগোত্রবান্ধবজ্ঞাতিবন্ধুস্বস্বজনাঃ সমা ইত্যমরঃ। শ্রীহরিবংশেঽপ্যেবমস্তি। দেবো বা দানবো বা ত্বং যক্ষো গন্ধর্ব্ব এব চ। অস্মাকং বান্ধবো জাতো যোঽসি সোঽসি নমোঽস্তু তে ইতি গোপানাং বাক্যম্। মন্যন্তে মাং যথা সর্ব্বে ভবন্তো ভীমবিক্রমাঃ। তথাহং নাবগন্তব্যঃ স্বজাতীয়োঽস্মি বান্ধব ইতি শ্রীকৃষ্ণস্য চ।

গরুড়ের পৃষ্ঠে আরোহণ করাইয়া অর্চ্চিরাদিপথে বিলম্ব না করাইয়াই আমার ধামে আনয়ন করিয়া থাকি।” শ্রীভগবান অর্জ্জুনকেও বলিয়াছিলেন,—“পার্থ, যে সকল লোক আমাতে সকল কর্ম্ম সমর্পণ পূর্ব্বক মৎপরায়ণ হইয়া অনন্যভক্তিযোগ সহকারে আমার ধ্যান ও পূজাদি করে, আমি আমাতে আবেশিতচিত্ত সেই সকল মনুষ্যকে অচিরেই মৃত্যুসঙ্কুল সংসারসাগর হইতে সমুদ্ধরণ করিয়া থাকি॥ ১৩॥

অন্তিমা ভক্তির নাম রুচিভক্তি। তদ্দ্বারা সিদ্ধ ভক্ত সকল শ্রীভগবানের সহিত তদীয় ধামে প্রবেশ করিয়া থাকেন। ইহাই জীবের সর্ব্বোৎকৃষ্ট গতি। কারণ, শ্রীরমা-দেবীও এই গতি লাভ করিতে ইচ্ছা করেন। শ্রীমদ্ভাগবতে উক্ত হইয়াছে,—“গোপিকা-সুত ভগবান রুচিভক্তের যেরূপ সুখপ্রাপ্য, অন্য কাহারও সম্বন্ধে সেরূপ সুখপ্রাপ্য নহেন। তাঁহার অঙ্গসংশ্রয়া শ্রীলক্ষ্মীও তাদৃশ প্রসাদ লাভ করেন নাই। এই রুচিভক্ত সকল তাঁহার অতীব প্রিয়তম, যেহেতু সেইভাবেই রুচি নির্ভর করিতেছে। শ্রীভগবানের গোবর্দ্ধনো-দ্ধারণ দর্শন করিয়া বিস্মিত গোপগণ যখন তাঁহার দেবভাবের আশঙ্কা করিয়াছিলেন,

বান্ধবোঽস্মি নমোঽস্তু তে ইতি বন্ধুভাবস্যৈব তৈঃ স্থাপনাৎ। তস্মাত্তদ্ভাবং তন্মুখাৎ শ্রোতুং তেষাং তথাশঙ্কোত্থাপনমিতি জ্ঞায়তে॥ ১৪ ॥

ননু কৃষ্ণস্য ভগবতো যশোদৌরসপুত্রত্বে তস্মিন্ বল্লবানাং গোত্রত্ব-লক্ষণো বন্ধুভাবঃ স্যান্ন চাসৌ তদৌরসস্তথানুক্তেঃ। ভাববন্ধুস্তু ভবেৎ। যে যথা মামিত্যাদিতদ্বাক্যাৎ। নন্দাত্মজঃ গোপিকাসুতঃ ইত্যাদিবাক্যং তু উপগুহ্যাত্মজামিত্যাদিবদৌপচারিকাত্মজত্বপরং ভাবীতি চেন্মৈবমেতৎ। নিশীথে তম উদ্ভূতে জায়মানে জনার্দ্দনে। দেবক্যাং দেবরূপিণ্যাং বিষ্ণুঃ সর্ব্বগুহাশয়ঃ। আবিরাসীদ্ যথা প্রাচ্যাং দিশীন্দুরিব পুষ্কল

তস্মাদিতি। তন্মুখাৎ শ্রীকৃষ্ণমুখাৎ। অত্র স্বয়ং তদ্বন্ধুভাবাভ্যর্থনাৎ গোবর্দ্ধনোদ্ধরণাদিদর্শনেন বিস্মিতেষু গোপেষু সজাতীয়েষু শ্রীমন্নন্দাত্মজস্যাভিরুচিঃ প্রসাদশ্চ গম্যতে॥ ১৪ ॥

ব্রজৌকসাং বন্ধুভাবোদ্ভাবিতা কৃষ্ণে যাঃ ভক্তিঃ সা রাগাত্মিকেত্যভিধীয়তে যত্র তস্য রুচিনির্ভর উক্তঃ। তত্র শঙ্কতে নন্বিতি। অসৌ কৃষ্ণঃ। তর্হি নন্দাত্মজাদিপদানি কথমর্থবন্তি স্যুস্তত্রাহ উপগূহ্যেতি। যশোদাত্মজায়াং দেব্যাং যথা দেবক্যাত্মজত্বমোপচারিকমুক্তং তথা ভবিষ্যতি। তস্মাজ্জন্মপ্রকরণে যশোদৌরসত্বং নোপলভ্যতে ইতি চেন্মৈবম্। তৎপ্রকরণেঽপি তত্ত্বং পঠিতমিতি হেতুভাবেনাহ নিশীথেত্যাদি। তম উদ্ভূতেঽন্ধকার-

---

তখন ভগবান স্বয়ংই বলিয়াছিলেন,—"আমি দেবতা নহি, আমি যে তোমাদিগের বান্ধব, তাহার অন্যথা নাই, অতএব তোমরা কোন চিন্তা করিও না।" এই কথা শুনিয়া গোপগণ বলিয়াছিলেন, 'তুমি দেবতাই হও, দানবই হও, যক্ষই হও বা গন্ধর্ব্বই হও, আমাদিগের সে বিচারে প্রয়োজন কি? আমরা তোমাকে বান্ধব বলিয়াই নমস্কার করি।" এই স্থলে ভগবদৈশ্বর্য্য দর্শনে গোপগণের হৃৎকম্পহেতু সম্ভ্রমের উদয়ে মাধুর্য্যভাবের ক্ষতি হয় নাই। কারণ, তাঁহারা তদবস্থাতেও তাঁহাতে বন্ধুভাবেরই স্থাপন করিয়াছিলেন। তবে যে তাঁহারা দেবভাবের আশঙ্কা উত্থাপন করিয়াছিলেন, সে কেবল শ্রীকৃষ্ণের মুখ হইতে উক্ত বন্ধুভাব শ্রবণ করিবার নিমিত্তই জানিতে হইবে॥ ১৪॥

পুনর্ব্বার পূর্ব্বপক্ষ উত্থাপন করিতেছেন—যদি বল, শ্রীকৃষ্ণের সহিত গোপগণের বন্ধুভাব স্থাপিত হইতে পারে না। শ্রীকৃষ্ণ যদি যশোদার গর্ভজ হইতেন, তবে স্বজাতীয় বলিয়া তাঁহাতে বন্ধুভাব স্থাপিত হইতে পারিত। কিন্তু শ্রীকৃষ্ণের যশোদার গর্ভে জন্ম উক্ত হয় নাই, অতএব তাঁহাতে গোপগণের তদ্ভাবও স্থাপিত হইতে পারিতেছে না। তবে পরস্পর ভাবের ঐক্যবশতঃ তিনি তাঁহাদিগের প্রণয়াস্পদ বন্ধু হইতে পারেন; কারণ, ভগবান

ইত্যত্র যশোদা নন্দপত্নী চ জাতং পরমবুধ্যত। ন তল্লিঙ্গং পরিশ্রান্তা নিদ্রয়াপগতস্মৃতিরিত্যত্র চ শ্রীশুকেনৈব তদৌরসত্বস্যোক্তেঃ। যশোদাপি দেবকীত্যুচ্যতে। দ্বে নাম্নী নন্দভার্য্যায়া যশোদা দেবকীতি চ ইত্যাদি-পুরাণবচনাৎ। দেবরূপিণ্যামিত্যুক্তেস্তদ্গর্ভসম্বন্ধোঽপি ন দোষাবহঃ। বসুদেবপত্নীবন্নন্দপত্নী চ পরং পরেশমেব স্বগর্ভাজ্জাতমবুধ্যত। তস্য বসুদেবাগমাদের্লিঙ্গং চিহ্নং নাবুধ্যত যতঃ পরীত্যাদি। নন্দগোপগৃহে জাতো যশোদাগর্ভসম্ভব ইত্যাদিপুরাণে স্ফুটমুক্তেশ্চ। ইত্থঞ্চ নন্দাত্মজ-গোপিকাসুতাদিশব্দৈর্মুখ্যার্থৈর্ভাব্যম্। নমু স্ফুটার্থপ্রত্যয়ো বিরুদ্ধঃ স্যাৎ

ব্যাপ্তে নিশীথে জনার্দ্দনে লীলাপুরুষোত্তমে দেব্যং যশোদায়াং জায়মানে সতি দেবক্যাং দেবকসুতায়াং বিষ্ণুরাবিরাসীদিতি যোজ্যম্। তদ্গর্ভেতি। নহি সুরতি রত্নমন্দিরে স্থিতো নৃপতিরপুরুষার্থী স্যাদিতি ভাবঃ। ইত্থঞ্চেত্যাদি। উপগূহ্যাত্মজামিতি মুনিনা তূক্তম্। স্বপুত্রং গোপায়িতুং স্বতৈব মেঽভূন্নতু সুত ইতি দেবক্যা উক্তম্। উভয়থেতি সগোত্রত্বেন ভাবেন চ স কৃষ্ণস্তব্বন্ধুঃ। প্রপঞ্চান্তর্গতে ধাম্নি যশোদাদিভিঃ সার্দ্ধমেষ মাতৃপুত্রাদিভাবো লোকবৎ পূর্ব্বোত্তরভাবেনৈব স্থিতঃ। প্রপঞ্চাতীতে তস্মিংস্তু ওঁ কৃষ্ণায় দেবকীনন্দনায়ে-

---

নিজেই বলিয়াছেন, "আমাকে যে যেরূপে ভজনা করে, আমিও তাহাকে তদ্রূপেই ভজনা করিয়া থাকি।" তবে যে কোথাও কোথাও 'নন্দাত্মজ, গোপিকাসুত' প্রভৃতি আত্মজত্ব-বোধক বাক্য সকল দেখা যায়, তাহা ঔপচারিক, অনাত্মজে পরাত্মজে আত্মজত্ববুদ্ধিমাত্র। উত্তর করিতেছেন—এইরূপ পূর্ব্বপক্ষ অকিঞ্চিৎকর। "অন্ধকারাবৃত নিশীথসময়ে জনার্দ্দন অর্থাৎ লীলাপুরুষোত্তম শ্রীকৃষ্ণ দেবকীতে (যশোদাতে) জায়মান হইলে (জন্মগ্রহণ করিবেন, এইরূপ ইচ্ছা করিলে), দেবকনন্দিনী দেবকীদেবীতে বিষ্ণু আবির্ভূত হইয়াছিলেন (অর্থাৎ দেবকী ও বসুদেব দেখিলেন যে, তাঁহাদিগের হইতে শ্রীবিষ্ণু জন্মগ্রহণ করিলেন)।" এইস্থলে, এবং "বসুদেবপত্নীর ন্যায় নন্দপত্নীও স্বগর্ভ হইতে পরেশ জন্মগ্রহণ করিলেন, ইহা বুঝিলেন, কিন্তু বসুদেবের আগমনের চিহ্নও বুঝিতে পারিলেন না; যেহেতু তিনি তৎকালে অত্যন্ত পরিশ্রান্তা এবং ভগবন্মায়ারূপিণী নিদ্রা দ্বারা অপগতস্মৃতি হইয়াছিলেন"। এইরূপ অপরাপর স্থল সকলে শ্রীশুকদেবও শ্রীকৃষ্ণকে যশোদার গর্ভজ বলিয়া ইঙ্গিত করিয়াছেন। দেবকীশব্দে যশোদাকেও বুঝায়। আদিপুরাণে লিখিত আছে—"নন্দপত্নীর যশোদা ও দেবকী এই দুইটি নাম।" দেবরূপিণী এই বিশেষণ দ্বারা দেবকীশব্দে যশোদাকে বুঝাইতে পারিলেও যদি উহা বসুদেবপত্নীকেই বুঝাইতেছে, নন্দপত্নীকে নহে, এইরূপই বলা হয়, তাহাতেও কোন দোষ সম্ভবে না।

নৈবম্ । যশোদাসুতেন সহ দেবকীসুতস্যৈক্যাত্তদেকস্য তস্য মথুরাদিষু গমনাদন্তরান্তরা ব্রজে কুরুক্ষেত্রে চাগতেঃ স্ফুটার্থস্যাপ্যভঙ্গাৎ । তথা-চোভয়থাপি তদ্বন্ধুঃ সঃ ॥ ১৫ ॥

তদেবং দ্বিবিধজ্ঞানভক্তিগোচরঃ কৃষ্ণাভিধানঃ পুরুষোত্তমঃ কৃৎস্ন-শক্ত্যিভ্যঞ্জী স্বয়ং ভগবানুচ্যতে । অকৃৎস্নতদ্ব্যঞ্জী দ্ব্যেকতদ্ব্যঞ্জী চ বিলাসোংহশঃ কলা চেতি । এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্ । অষ্টমস্তু তয়োরাসীৎ স্বয়মেব হরিঃ কিলেত্যাদিস্মৃতেঃ ।

ন্যাদিকে গোপগোপীগণাদীতমিত্যাদিকে চ মন্ত্রে যস্তদ্ভাবঃ পঠ্যতে স স্বলৌকিক-চন্দ্রকাদিগতনানাবর্ণবদনাদিতো যুগপৎসিদ্ধঃ পদ্মকোরকগতক্ষুদ্রবৃহৎপত্রবদ্বোধ্যঃ ॥ ১৫ ॥

তত্র যশোদোরসস্যাস্য কৃষ্ণস্য সর্ব্বতদাবির্ভামূলত্বরূপং স্বয়ং ভগবত্ত্বং বক্তুং প্রকরণ-ারভতে তদেবমিতি । এবমুক্তবিধয়া । অকৃৎস্নতদিতি । তচ্ছব্দেন শক্তিঃ পরামৃশ্যতে । ।তে চেতি প্রথমে সূতবাক্যম্ । পুংসো গর্ভোদকশায়িনঃ প্রদ্যুম্নস্য সহস্রশীর্ষ্ণঃ । কৃষ্ণস্থিতি ।শব্দঃ পৃথগুপক্রমার্থঃ । তু স্যাদ্ভেদেঽবধারণে ইত্যমরঃ । গর্ভোদশয্যাদাবির্ভবং স মৎ-

---

সুদেবপত্নীর গর্ব্বের সহিত সম্বন্ধেও শ্রীভগবানের মাহাত্ম্যের কোনরূপ হানি দেখা যায় ।। সুবতবস্তুমন্দিরে থাকিলেও যেরূপ নৃপতির পৌরুষের হানি হয় না, শ্রীভগবানের ম্বন্ধেও তদ্রূপই জানিতে হইবে । তবে স্বরূপতঃ শ্রীকৃষ্ণ যে ব্রজেই জন্মগ্রহণ করিয়া-ছলেন এবং মথুরাতে তাঁহার আবির্ভাবমাত্রই হইয়াছিল, ইহাই সিদ্ধান্ত কথা । আদি-রাণে স্পষ্টই বলিয়াছেন যে, "শ্রীকৃষ্ণ নন্দালয়ে যশোদার গর্ভে জন্মগ্রহণ করিলেন।" ।ই সকল প্রমাণপরম্পরায় নন্দাত্মজ বা গোপিকাসুত প্রভৃতি শব্দের মুখ্যার্থই গ্রহণীয় ইতেছে। তাহাতে দেবকীপুত্ররূপে যে স্ফুটার্থবোধ, তাহার সহিতও কোন বিরোধ ইতেছে না । কারণ, যশোদাসুত ও দেবকীসুত এতদুভয়ের ঐক্য নিবন্ধন, দেবকীপুত্রের থুরাদিতে গমন এবং মধ্যে মধ্যে ব্রজে ও কুরুক্ষেত্রে গমনাগমন বলিলে, স্ফুটার্থের ্যাঘাত হইতেছে না । অতএব উভয়থাই স্বগোত্রনিবন্ধন ও ভাবনিবন্ধন সেই শ্রীকৃষ্ণ গাপগণের বন্ধু হইতেছেন ॥ ১৫ ॥

উক্তপ্রকারে দ্বিবিধ জ্ঞানের ও ভক্তির গোচর শ্রীকৃষ্ণাভিধেয় পুরুষোত্তম, সমুদয়শক্তি-কাশী স্বয়ং ভগবান্ বলিয়া উক্ত হইতেছেন । যাঁহাতে সমুদায় শক্তির প্রকাশ নাই, তনি শ্রীভগবানের বিলাস এবং যাঁহাতে দুইটি বা একটি শক্তির প্রকাশ দৃষ্ট হয়, তিনি াহার অংশ বা কলা হইতেছেন । শ্রীমদ্ভাগবতে বলিয়াছেন, গর্ভোদকশায়ী প্রদ্যুম্নাখ্য াতীয় পুরুষের অবতার সকলের মধ্যে কেহ অংশ, কেহ কলা ; কিন্তু কৃষ্ণ যিনি, তিনি

নন্বু যস্য পুংসো মৎস্যাদয়োঽংশকলাঃ স পুমানেব কৃৎস্নশক্তিপ্রকাশী কৃষ্ণ ইত্যর্থপ্রত্যয়ান্নোক্তব্যবস্থেতি চেৎ মৈবং ভিন্নোপক্রমার্থকাত্তু-শব্দাৎ। ব্রহ্মসংহিতায়াং কৃষ্ণরূপং প্রকৃত্য ত্রয়াণাং পুরুষাণাং রামাদীনাঞ্চ তদবতারত্বোক্তেশ্চ। তথাহি—ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ। অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্। সহস্রপত্রং কমলং গোকুলাখ্যং মহৎপদম্। তৎকর্ণিকারং তদ্ধাম তদনন্তাংশসম্ভবমিত্যাদিকমুক্ত্বা যঃ কারণার্ণবজলে ভজতি স্বযোগনিদ্রামনন্তজগদণ্ডসরোমকূপঃ। আধারশক্তিমবলম্ব্য পরাং স্বমূর্ত্তিং গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি। যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগ-

---

স্যাদিষু মধ্যে কৃষ্ণঃ পঠিতস্তথাপি ন স তদবতারঃ কিন্তু তদাদিসর্ব্বমূলভূত ইত্যর্থঃ। অষ্টমস্থিতি নবমে। তয়োর্দ্দেবকীবসুদেবয়োঃ স্বয়মেব হরিরাসীৎ। নন্বিতি যস্য গর্ভোদকশয়স্য পুংসঃ। ঈশ্বর ইতি কৃষ্ণ ইতি বিশেষ্যম্। স কীদৃশঃ। পরম ঈশ্বরঃ স্বয়ং ভগবান্ অতোঽনাদিঃ স্বেতরেষাং বিরিঞ্চাদীনাম্ আদিঃ। ন ত্বন্যেষাং প্রধানাদীনাঞ্চ কারণত্বং পঠ্যতে অত আহ সর্ব্বেতি। সহস্রেতি। অনন্তস্য শ্রীবলদেবস্যাংশেন সম্ভবঃ সর্ব্বদাবির্ভাবঃ যস্য তৎ। তত্রেন অনন্তঃ শেষোঽংশঃ যস্য সোঽনন্তাংশো বলভদ্রস্তস্য সম্ভবো নিবাসো যত্র তৎ। কৃষ্ণস্যৈব কারণোদশায়িত্বমাহ য ইতি। যঃ কৃষ্ণঃ কারণার্ণবজলে আধারশক্তিময়ীং পরামুৎকৃষ্টাং স্বমূর্ত্তিং শেষাখ্যমেবাবলম্ব্য যোগনিদ্রাং ভজতি। যত্র বাংশেন প্রকৃত্যন্তর্যামী সহস্রশীর্ষা সঙ্কর্ষণ ইত্যর্থঃ। কীদৃশো যঃ অনন্তজগদণ্ডসহিতা রোমকূপা যস্য সঃ সহশব্দস্য পূর্ব্বনিপাতাভাব আর্ষঃ। তং ভজামীত্যন্বয়ঃ। কীদৃশমিত্যাহ গোবিন্দং গবামিন্দ্রমিত্যর্থঃ। অথ গর্ভোদশায়িতামাহ যস্যেতি। যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য জগদণ্ডনাথা

স্বয়ং ভগবান্। বসুদেব ও দেবকীর অষ্টম সন্তান স্বয়ং হরি। যদি বল, অবতারপ্রকরণে মৎস্যাদি অবতার সকলকে যে পুরুষের অংশকলা বলা হইয়াছে, সেই পুরুষই সমুদায়শক্তিপ্রকাশী শ্রীকৃষ্ণ, এইরূপ অর্থের বোধ হেতু প্রাগুক্ত ব্যবস্থা সঙ্গত হইতে পারে না, তাহা ঠিক নহে। কারণ, "কৃষ্ণস্তু" এই স্থলে তু-শব্দ ভিন্নোপক্রমার্থ; অর্থাৎ ঐ তু-শব্দ দ্বারা পুরুষাবতার হইতে শ্রীকৃষ্ণের ভেদই বোধিত হইতেছে। ব্রহ্মসংহিতাতে কৃষ্ণরূপকেই প্রকৃত করিয়া তিন পুরুষাবতারকে ও রামাদিকে তাঁহার অবতার বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যথা, "সচ্চিদানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণ পরমেশ্বর, অতএব অনাদি এবং ব্রহ্মাদি দেবতাগণের আদি। শ্রীগোবিন্দই সর্ব্বকারণকারণ। সহস্রদল কমলের সদৃশ শ্রীগোকুলাখ্য মহৎ পদ এবং তৎকর্ণিকারভূত শ্রীগোবিন্দের ধাম প্রভৃতি সমস্তই

দণ্ডনাথাঃ বিষ্ণুর্ম্মহান্ স ইহ যস্য কলাবিশেষো গোবিন্দমাদীত্যাদি। দীপার্চ্চিরেব হি দশান্তরমভ্যুপেত্য দীপায়তে বিবৃতহেতুসমানধর্ম্মা। যস্তাদৃগেব হি চ বিষ্ণুতয়া বিভাতি গোবিন্দমিত্যাদি চ। রামাদিমূর্ত্তিষু কলানিয়মেন তিষ্ঠন্নানাবতারমকরোদ্ভুবনেষু কিন্তু। কৃষ্ণঃ স্বয়ং সমভবৎ পরমঃ পুমান্ যো গোবিন্দমাদীত্যাদি চ॥ ১৬॥

নন্বস্তু কৃষ্ণঃ পুরুষাদ্যবতারাণামবতারী। তদবতারী তু পরমব্যোমাধিপতিরস্তু। তস্য কুত্রাপ্যবতারত্বানুক্তেশ্চেতিচেৎ মৈবমেতৎ তস্যামেব

ব্রহ্মবিষ্ণুশিবা জীবন্তি তত্তদধিকারিতয়া জগতি প্রকটং তিষ্ঠতি স মহাবিষ্ণুর্যস্য কৃষ্ণস্য কলাবিশেষো ভবতি। যোহংশেন সর্ব্বব্রহ্মাণ্ডান্তর্যামী ব্রহ্মণঃ পিতা প্রদ্যুম্নঃ ভবতীত্যর্থঃ। অথ ক্ষীরোদশায়িতামাহ দীপার্চ্চিরেবেতি। মহাদীপো যথা দশান্তরমন্যাং বর্ত্তিমুপেত্য দীপায়তে ইতি নির্ম্মলসূক্ষ্মদীপত্বেনাবির্ভবতি। কীদৃশঃ বিবৃতঃ প্রকটিতঃ হেতুসমানঃ মহাদীপবৎ প্রকাশলক্ষণো ধর্ম্মো যেন সঃ। যো গোবিন্দস্তাদৃগেব বিষ্ণুতয়াবভাতি যোহংশেন ক্ষীরাব্ধি-শায়িতিরনিরুদ্ধঃ জগৎপালক ইত্যর্থঃ। অথ কৃষ্ণস্যৈব রঘুনাথাদিরূপতামাহ রামাদীতি। যঃ কৃষ্ণাখ্যঃ পরমঃ পুমান্ কলানিয়মেন তত্র তত্র নিয়তানামেব শক্তীনাং প্রকটনেন রামাদি-মূর্ত্তিষু তিষ্ঠন্ তত্তন্মূর্ত্তীঃ প্রকটয়ন্ ভুবনেষু নানাবতারমকরোৎ য এব চ স্বয়ং সর্ব্বশক্তি-মান্ সন্ সমভবদবাতরত্তমিত্যাদি প্রাগ্বৎ। এবমুক্তং দেবৈঃ। মৎস্যাশ্বকচ্ছপবরাহনৃসিংহ-হংসরাজন্যবিপ্রবিবুধেষু কৃতাবতারস্ত্বং পাসি ন স্ত্রিভুবনঞ্চ তথাধুনেশ ভারং ভুবো হর যদূত্তম বন্দনং তে ইতি শ্রীদশমে॥ ১৬॥

যাঁহার বিলাসমূর্ত্তি শ্রীবলদেবের অংশ হইতে আবির্ভূত। যে শ্রীকৃষ্ণ কারণার্ণবজলে আধারশক্তিময়ী শেষাখ্যা স্বীয় উৎকৃষ্টা মূর্ত্তিকে অবলম্বন করিয়া যোগনিদ্রা ভজনা করেন, যাঁহার রোমবিবরমধ্যে সহস্র সহস্র ব্রহ্মাণ্ড গতায়াত করে, সেই আদিপুরুষকে ভজনা করি। যাঁহার এক নিশ্বাসকালকে আশ্রয় করিয়া লোমবিলজাত ব্রহ্মাণ্ডাধিপতি সকল জীবন ধারণ করিয়া থাকেন, সেই মহাবিষ্ণু যাঁহার কলাবিশেষ, সেই আদিপুরুষ শ্রীগোবিন্দকে ভজনা করি। একটি দীপার্চ্চি যেমন দশান্তরকে আশ্রয় করিয়া সমোজ্জ্বল দীপের সদৃশ প্রকাশ পায়, তেমনি যে শ্রীগোবিন্দ বিষ্ণুরূপে প্রকাশ পাইতেছেন, তাঁহাকে ভজনা করি। যে কৃষ্ণাখ্য পরমপুরুষ কলানিয়ম দ্বারা অর্থাৎ নিয়ত শক্তির প্রকাশ দ্বারা রামাদি মূর্ত্তির প্রকাশ করিয়া পৃথিবীতলে নানা অবতার করিতেছেন, এবং স্বয়ং যিনি সর্ব্বশক্তিমান হইয়া অবতীর্ণ হইয়াছেন, সেই শ্রীগোবিন্দকে ভজনা করি॥ ১৬॥

যদি বল, শ্রীকৃষ্ণ পুরুষাদি অবতারের অবতারী হউন, কিন্তু তিনিও অবতার, তাঁহারও
